URDU-UPADESHA

OR

AN URDU TREATISE IN THE BENGALI CHARACTER

INTENDED TO HELP BENGALI GENTLEMEN IN LEARNING THE URDU AND THE HINDI LANGUAGES

AND

for the use of schools

BY

RAI KALI PRASANNA SEN GUPTA.

REVISED BY SAKTI PRASAD SEN GUPTA.

THIRD EDITION.

(REVISED AND ENLARGED)

উর্দু-উপদেশ।

অর্থাৎ

বাঙ্গালা অক্ষরে উর্দু-শিক্ষা ক্রম।

বাঙ্গালী উর্দু ও হিন্দী ভাষানভিজ্ঞ ব্যক্তিগণের শিক্ষার্থ

এবং

সাধারণ বিদ্যালয়ে ব্যবহারার্থে

রায় কালীপ্রসন্ন সেনগুপ্ত-প্রণীত।

শক্তিপ্রসাদ সেনগুপ্ত কর্তৃক সংশোধিত

তৃতীয় সংস্করণ। (সংশোধিত ও পরিবর্দ্ধিত)

CALCUTTA:

PRINTED AT THE METCALFE PRESS,

31/4 Gour Mohan Mukerjee Street.

PUBLISHED BY THE SANSKRIT PRESS DEPOSITORY

30 CORNWALLIS STREET.—CALCUTTA.

1904.

দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

উর্দ্দূ ভাষা মিশ্রভাষা ভিন্ন কোন মূল ভাষা নহে। এই ভাষার পৃথক্ বর্ণমালা নাই। বেহার ও পশ্চিম প্রদেশের মুসলমানেরা পারস্য অক্ষরে, হিন্দুরা দেব নাগর অক্ষরে ও কেহ কেহ কাঁইতী নাগরী অক্ষরে উর্দ্দূ লিখিয়া থাকেন। বাঙ্গালা অক্ষরে উর্দ্দূ শিখিবার প্রণালী ছিল না। বঙ্গদেশের হিতের জন্য অস্মদ কর্ত্তৃক তাহা প্রদর্শিত হইয়াছে। অধুনা বাঙ্গালা দেশের মুসলমানের মধ্যে অধিকাংশ ব্যক্তি পারসী ভাষা শিক্ষা করেন না, রাজভাষা ও বাঙ্গালা শিখিয়া থাকেন। বঙ্গদেশ মধ্যে এমন মুসলমান কেহ নাই যে বাঙ্গালা অক্ষর ও বাঙ্গালা ভাষা জানেন না। এস্থলে বঙ্গবাসী কেবল হিন্দুদিগের জন্যই যে এই পুস্তক বিশেষ প্রয়োজনীয় তাহা নহে। হিন্দু ও মুসলমান প্রভৃতি সকল শ্রেণীর লোকের পক্ষেই এই পুস্তক যে বিশেষ উপকারী তৎপক্ষে সন্দেহ নাই, এবং কেহ কোন দোষারোপ করিতে পারেন না। এক্ষণে জনসমাজে পুস্তকখানি আদৃত হইলেই পরিশ্রম সার্থক জ্ঞান করিব। কিমধিকং বিজ্ঞাপনমিতি।

সোমড়া
১৮ই ফাল্গুন, ১৩০৩ সাল } গ্রন্থকারস্য।

তৃতীয় বারের বিজ্ঞাপন।

উর্দূ-উপদেশ পুস্তক তৃতীয় সংস্করণে মুদ্রিত ও প্রচারিত হইল। এবারে এই পুস্তক খানি রীতিমত সংশোধিত হইয়া পরিবর্দ্ধিতাকারে প্রকাশিত হইতেছে। যাহাতে এই পুস্তক পাঠে সাধারণে সুচারুরূপে উর্দূ ও হিন্দী ভাষা শিক্ষা করিতে পারে তৎপক্ষে যত্ন ও পরিশ্রমের ত্রুটী করি নাই। এক্ষণে জন সমাজে এই পুস্তক বহুল প্রচার হইলে আমি সমস্ত পরিশ্রম সফল জ্ঞান করিব।—

উপসংহারে আমি অতীব আক্ষেপের সহিত বিজ্ঞাপন করিতেছি যে গ্রন্থকর্ত্তা পূজ্যপাদ আমার পিতৃদেব মহাশয় বিগত ১৩০৫ সালের ৬ই পৌষ তারিখে স্বর্গারোহন করিয়াছেন। ইতি।

সোমড়া, জেলা হুগলি
২৫এ কার্ত্তিক, ১৩১১ সাল

শ্রীশক্তিপ্রসন্ন সেন গুপ্ত।

PREFACE TO THE FIRST EDITION.

A knowledge of the Urdu language has now become more than ever indispensably necessary for the people at large for reasons not far to seek. It is the language spoken not only by our Syce, Coachmen, Darwans, Shop-keepers, Nagas, Fakirs and Mehters, with most of whom we have occasion to converse or speak every day, but also by people of that large tract of country the North-West, our communication with whom is increasing every day with the increased facilities afforded by the Rail. The figure which men of respectability and good education cut when speaking with Up-country men and even with their Darwans and other menial servants, is indeed ridiculous ; and it is hoped that this treatise would materially help men of education to carry on conversation in Urdu in a becoming manner.

In Behar the Hindi, has, it seems, lately been introduced as the language of the courts, but the Urdu and the Hindi are very much the same with this difference, viz, that the Hindi is much mixed up with the Sanskrit, while the Urdu is mostly drawn from the Persian. A satisfactory knowledge of the Hindi, however, cannot be acquired without some knowledge of the Urdu, just as the Bengali language cannot be mastered without a knowledge of the Sanskrit. Urdu is moreover

the spoken language in many districts, and with the exception of a small portion of Bengal, the elegant Urdu language is in use almost in all the Provinces of India. A knowledge of the Urdu facilitates conversation with men of all parts of the country, and even with foreigners, who as a matter of fact first pick up a knowledge of the Urdu language.

When the Persian language was largely studied in the country, there was no necesstiy for learning Urdu separately, but as the Persian language has of late been much neglected the study of the Urdu language has become indispensably necessary. This treatise was at first intended as a help to my son Sakti Prasanna Sen in learning Urdu. But as it appeared that such a treatise would also supply the want felt by the public at large, I have been induced to publish it for use in schools. The pleasure which the parents of our school-boys in Bengal would feel when they hear their little boys speak Urdu with propriety, can be better conceived than described. If this treatise is introduced into the vernacular and the Anglo vernacular schools of Bengal, boys would easily acquire an elementary knowledge of the Urdu language and acquire facility in conversing in Urdu; and if this is effected even to a very small extent, I would deem myself amply rewarded for my exertions and labours. It is therefore hoped that the Director of Public Instruction, Committee for selecting the standard in Vernacular schools and the Anglo-vernacular School-authorities would take this suggestion into their best consideration.

Urdu is generally written in Persian character. But it takes a good deal of time to become thoroughly conversant with the Persian character. Moreover it is not an easy task to learn the Bengali meaning of Urdu words written in Persian character. This treatise having been written with a view to facilitate the study of the Urdu language by the youths of Bengal, I have in supersession of the Persian alphabet, adopted the Bengali character, and with a view to impart a sound knowledge of the language, I have followed the Bengali Grammar and traced in its course the noun, pronoun, adjective, verb (with its meaning), adverb, gender, number, case, person, moods, tenses and samasas &c., coining very many rules and inserting certain reading lessons at the end. Many questions have been also framed with an object of assisting the examiners. The distinction of gender in Urdu is so very difficult that in conversation it is not often maintained by men even of the N. W. Provinces ; I have spared no pains to collect certain rules for the distinction of the same in Urdu language, In fact this is not an Urdu or Hindi grammar, and the rules here inserted have not been taken or translated from any of the Urdu or Persian grammars. This is a treatise in which the Urdu language has been *sanscritized*, so to say, in Bengali character, containing the rules of grammar, the requirements of a dictionary, and the methods of imparting education. It is a new thing altogether never attempted before, and I am not confident how the treatise will be received by

the public. The public, however would be good enough to overlook my shortcomings for the originality I have aimed at.

In conclusion I have much pleasure to acknowledge the valuable assistance I received in composing the present work from my brother Babu Haranarayan Sen and Babu Chandra Bhushan Rai of Bhajanghat, the Ex-Head-Pandit of the Somrah Vernacular school.

I may add here that the present treatise with additions and alterations is in course of preparation, in the Devanagri character for the study of the Urdu langu age by pupils of the N. W. provinces.

SOMRAH
The 27th February,
1877.

KALI-PRASANNA SEN GUPTA.

PREFACE TO THE SECOND EDITION.

Urdu is a composite language. It is not a primitive tongue and has no special alphabet of its own. In Behar and in the North Western Provinces the Mahomedans write Urdu in Persian character and the Hindus in the Devnagri or in the Kaithi alphabet ; but hitherto there was no practice in this province of writing Urdu in Bengali character. I have therefore for the benefit of my countrymen shewn the way in which such practice may be introduced in this province. At present most of the Mahomedans of this part of the country do not learn the Persian language. They study the language of the ruling nation and the Bengali language. There is no Mahomedan student in Bengal who does not learn the Bengali alphabet and language. Under such circumstances it can not be said that this book is useful only to the Hindus of Bengal ; I have little doubt that it will be useful to Hindus, Mahomedans and all other sections of our community and I believe no objection can be made in that respect. Should this treatise, however, be accepted by the public in a kindly spirit, I would consider my labours amply repaid.

SOMRAH,
The 28th February,
1897.

THE AUTHOR.

সূচী

উর্দূ-উপদেশ।

পরিভাষা।

উর্দূ ভাষা পারস্য-মিশ্রিত; ঐ ভাষায় ক, খ, গ, জ, ফ, এই কয়েকটী বর্ণের সাধারণ উচ্চারণাতিরিক্ত প্রকারান্তর, এবং "স"কারের প্রকৃত উচ্চারণ হইয়া থাকে। সেমতে ঐ উচ্চারণের প্রভেদ-জ্ঞাপনার্থ ক, খ, গ, জ, ফ এই কয়েকটী বর্ণের নিম্নে বিন্দু চিহ্ন দেওয়া হইল। নিম্নে বিন্দু-চিহ্নিত ক়, খ়, গ়, এই তিন বর্ণের উচ্চারণ গলদেশের মধ্য হইতে, পারস্য ق, خ, غ, যথাক্রমে এই তিন বর্ণের উচ্চারণের ন্যায় হইবে। নিম্নে বিন্দু-চিহ্নিত জ়, ইহার উচ্চারণ দন্তসংলগ্ন জিহ্বাগ্র হইতে, পারস্য ظ ض ز ذ এই চারি বর্ণের ও ইংরাজী Z এই বর্ণের উচ্চারণের ন্যায় হইবে। আর স, ইহার উচ্চারণ দন্ত ও জিহ্বাগ্র হইতে, পারস্য س এই বর্ণের ও ইংরাজী S এই বর্ণের ন্যায় হইবে। শ, এই বর্ণের উচ্চারণ পারস্য ش ও ইংরাজী SH এই বর্ণের উচ্চারণবৎ হইবে। নিম্নে বিন্দু চিহ্নিত ফ়, এই বর্ণের উচ্চারণ পারস্য ف এই বর্ণের ও ইংরাজী F এই বর্ণের ন্যায় হইবে। অপর বঁ, এই বর্ণের উপরে বিন্দু চিহ্ন থাকিলে দন্তৌষ্ঠ হইতে, পারস্য و এই বর্ণের ও ইংরাজী V

এই বর্ণের ন্যায় উচ্চারণ করিতে হইবে। উপরোক্ত ক, খ, গ, জ, ফ, এই পাঁচ বর্ণের নিম্নে, এবং ব এই বর্ণের উপরে বিন্দু চিহ্ন না থাকিলে সাধারণ উচ্চারণ বিবেচনা করিতে হইবে। তদ্ভিন্ন বঙ্গ ভাষায় হ এই বর্ণে (া) ফলাযোগে যেরূপ "হ্যা"র ন্যায় উচ্চারণ হয় ইহাতে তাহা হইবে না, ইহার প্রকৃত উচ্চারণই থাকিবেক। যথা—হায়্, হ্যাত্, হায়্রান। প্রাগুক্ত নিয়ম ও চিহ্নাদির প্রতি মনোযোগের সহিত দৃষ্টি রাখিয়া উচ্চারণ না করিলে অশ্রুশ্রাব্য এবং প্রকৃত ভাষার উচ্চারণের ব্যত্যয় হইবে।

শব্দোচ্চারণের নিয়ম এই যে, শব্দের অন্তোস্থিত সমস্ত অকারান্ত বর্ণই হসন্তবৎ উচ্চারিত হইবে। যথা লিখ্, পঢ়্, ঝুঠ্, দস্, বস্, ধরম্, শরম্, কিতাব্, বাজার ইত্যাদি শব্দের আদিস্থিত অকারান্ত বর্ণ এবং যে স্থলে শব্দ বিচ্ছিন্নরূপে উচ্চারিত হয়, অর্থাৎ একটী শব্দে দুই তিনটী ভাগ থাকে, (যাহাকে ইংরাজী ভাষায় সিলেবল্ বলে,) ঐ ভাগের প্রথম অকারান্ত বর্ণ হসন্ত উচ্চারিত হইবে না। কিন্তু প্রথমোক্ত নিয়মক্রমে প্রত্যেক ভাগের অন্তোস্থিত অকারান্ত বর্ণ হসন্ত উচ্চারিত হইবে। যথা—শর্-বত্, মহব্বত্, বর্-তরক্, বখ্-শিশ্, বর্-দস্তয়ান্ ইত্যাদি। অপর মধ্যস্থিত অকারান্ত বর্ণ অনেকই হসন্তভাবে, কোন স্থানে বা অজন্তু মতও উচ্চারিত হয়। হসন্ত যথা—তখ্‌ত, বখ্‌ত, বক্‌ত, রাস্ত, দর-ইয়াফ্‌ত ইত্যাদি। অজন্ত যথা—কদম্, কদর্, বদল্, নজর ইত্যাদি। অকারান্ত ভিন্ন অপরাপর-স্বর-সংযুক্ত বর্ণ প্রকৃত রূপে উচ্চারিত হইবে। নিয়ম-বহির্ভূত হসন্ত স্থলে হসন্ত চিহ্ন দেওয়া যাইবে, সাধারণ হসন্ত মাত্রে হসন্ত চিহ্ন দেওয়া যাইবে না। শিক্ষার্থিগণের কর্ত্তব্য যে, নিয়মক্রমে, উচ্চারণের প্রতি অনুক্ষণ চিত্তার্পণ করেন।

বাঙ্গালা অক্ষরে উর্দূভাষা একাল পর্য্যন্ত চলিতে না থাকায় অনেকে কহিয়া থাকেন যে, প্রকৃত উর্দূ উচ্চারণ বাঙ্গালা অক্ষরে প্রকাশ হয় না, কিন্তু প্রাগুক্ত চিহ্ন ও নিয়মানুসারে উচ্চারিত হইলে পারস্য অক্ষর অপেক্ষা বাঙ্গালা অক্ষরে ঐ ভাষার যে সুচারু উচ্চারণ হইবে, তাহাতে সন্দেহাভাব। কারণ পারস্য বর্ণমালায় খ, ঘ, ছ, ঝ, ট, ঠ, ড, ড়, ঢ, ঢ়, থ, ধ, ভ, এই সকল বর্ণ আদৌ নাই, অথচ ঐ সকল বর্ণের উচ্চারণ উর্দূতে আছে। পারস্য অক্ষরে ঐ সকল বর্ণের প্রত্যেকের উচ্চারণ অপর দুই বর্ণ যোগে ও কোন স্থানে সাঙ্কেতিক চিহ্ন দ্বারা প্রকাশ হইয়া থাকে। তদ্ভিন্ন পারস্য বর্ণমালায় ي) و) ইয়া, ওয়াও, নূঁ, রে, ইত্যাদি প্রত্যেক বর্ণের চারি পাঁচ প্রকার করিয়া উচ্চারণ হইয়া থাকে। অর্থাৎ ইয়া এই বর্ণে ই, এ, আ, এবং য়্যায়, এই সকল উচ্চারণ হয়। ওয়াও এই বর্ণে ও, ঔ, উ, এবং ব, এই সকল উচ্চারণ হয়। নূ এই বর্ণে ন, ঙ, ঞ, ং, ঁ এই কয়েক প্রকার উচ্চারণ হয়। রে, এই বর্ণে র, ঋ, রেফ, রফলা এই মত উচ্চারণ হয়। ঐ এক একটা বর্ণে চারি পাঁচ প্রকার উচ্চারণমধ্যে কোন স্থানে কোন্ বিধ উচ্চারণ হইবে পাঠক-বর্গ স্থির করিতে পারেন না। গুরূপদেশ ও অভ্যাসবশে প্রকৃত উচ্চারণের স্থিরতা হওয়া ভিন্ন বর্ণ দৃষ্টে স্থির হয় না। বাঙ্গালা অক্ষরে এক বর্ণের একই উচ্চারণ, তাহাতে বাঙ্গালা অক্ষরে যে উর্দূ-ভাষার প্রকৃত উচ্চারণ হইবে, সহজেই প্রতিপন্ন হইতেছে।

উর্দূশিক্ষাকাঙ্ক্ষিগণের আশু কথা কহিবার সুবিধা ও সুশৃঙ্খলা জন্য প্রথমে সর্ব্বনাম লিখিত হইল। এবং কর্ত্তা কর্ম্ম, করণ,

অপাদান, সম্বন্ধ, অধিকরণ, একবচন ও বহুবচনের সহিত শ্রেণী-বদ্ধক্রমে যোগ করা গেল। উর্দূতে করণ ও অপাদানের তুল্য বিভক্তি বিধায় এক পদ দেওয়া হইল।

উর্দূ কারকে কর্ম্মপদে "কো", করণ ও অপাদানে "সে", সম্বন্ধে "কা" ও "কে" (১) অধিকরণে "মেঁ", এই সকল বিভক্তি সর্ব্বনামাদি-শব্দ-রূপে যোগ হয়। এবং সকর্ম্মক ক্রিয়ার সচরাচর সজীব কর্ত্তৃপদে নিত্যপ্রবৃত্ত ও অসম্পন্ন ভিন্ন অতীতকালে (২) "নে" বিভক্তি হয়।

(১) বহুবচনে এবং সম্বোধনের পদে আর অব্যয়সংযুক্ত পদে "কে" বিভক্তি ব্যবহৃত হয়। অস্মদ্ ও যুষ্মদ্ শব্দে সম্বন্ধ কারকের এক বচনে "কা", "কে" বিভক্তি হয় না।

(২) লানা, বোল্‌না, বক্‌না, ভুল্‌না, এই কয়েকটা ধাতু এবং জানা, সক্‌না, লগ্‌না, চুক্‌না এই কয়েক ধাতুর যৌগিক অবস্থায় অতীত কালে "নে" যোগ হয় না।

সর্ব্বনাম

অস্মদ্ শব্দ।

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তা	ম্যায়ঁ, হাম (১) ম্যায়ঁনে, হামনে	আমি	হাম, হামলোগ, হামলোগোঁনে	আমরা
কর্ম্ম	মেরে তেঁই মুঝে, মুঝকো হামে, হামকো	আমায়, আমাকে	হামলোগোঁকো, হামকো, হামেরে তেঁই।	আমাদিগকে।
করণ অপা	মুঝসে, হামসে	আমাদ্বারা, আমা হইতে।	হামলোগোঁসে	আমাদিগের দ্বারা বা হইতে
সম্ব	মেরা, হামারা, আমার		হামলোগোঁকা হামসভোঁকা	আমাদিগের।
অধি	মুঝমে, হামমে, আমাতে।		হামোমে, হামলোগোঁমে	আমাসকলেতে।

উদাহরণ।

বাক্য	অর্থ	বাক্য	অর্থ
ম্যায়ঁ প্যাঢ়তাহোঁ,	আমি পাড়তেছি	হামসে লেও,	আমা হইতে লও।
ম্যায়ঁনে দিয়া,	আমি দিলাম	মুঝসে পায়া,	আমা হইতে পাইল।
হামলোগ খায়েঁ,	আমরা খাইলাম	মেরী দাওয়াত,	আমার দোয়াত।
মুঝে দেওগে,	আমাকে দিবে?	হামারা কলম,	আমার কলম।
হামকো মারা,	আমাকে মারিল।	হামমে হ্যায়,	আমাতে আছে।

(১) হাম, তুম, এই দুইটী পদ উভয় বচনেই ব্যবহৃত হয়। এতদ্দেশে সাধারণতঃ একবচনে ও পশ্চিমাঞ্চলে সচরাচর বহুবচনে, প্রচলিত। পশ্চিমে একবচনে যথা— গারদিশ্‌সে আসমাঁকী নজদিক হ্যায, সাব কুছ। হামসে তুঝে মিলানা একদুর হ্যায় তো ইয়েঃ হ্যায়।

যুষ্মদ্ শব্দ।

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তা	তুম, তুমনে তূ, তূনে,	তুমি।	তুম, তুমলোগ তুমলোগোঁনে	তোমরা।
কর্ম্ম	তুঝে, তুমহেঁ তুঝকো, তুমকো	তোমায় তোমাকে।	তুমহোঁকো তুমলোগোঁকো	তোমা- দিগকে।
করণ অপা	তুঝসে, তুমসে	তোমা দ্বারা। তোমা হইতে।	তুমহোঁসে তুমলোগোঁসে	তোমাদিগের দ্বারা বা হইতে।
সম্ব	তেরা (১) তুমহারা	তোমার।	তুমহোঁকা তুমলোগোঁকা	তোমাদিগের।
অধি	তুঝমে তুমমে	তোমাতে।	তুমহোঁমে তুমলোগোঁমে	তোমাদিগেতে।

উদাহরণ।

তুম আও, তুমি আইস।

তুম জাওগে, তুমি যাইবে?

তুঝে মারতাহ্যায় তোমাকে মারিতেছে।

তুমকো দেওঙ্গা, তোমাকে দিব।

তুমসে লিয়া, তোমা হইতে লইল।

তেরা রুমাল, তোমার রুমাল।

তুমহারা দফ্তর, তোমার দপ্তর।

তুমলোগোঁকা কাপড়া, তোমাদিগের কাপড়।

তুই এই অর্থে "তূ", "তেঁই", শব্দ ব্যবহার হয়। যথা, তূ কাহাঁ যাতা হ্যায়, তুই কোথায় যাইতেছিস? তেঁই এধর আ, তুই এ দিকে আয়।

---

(১) মেরা, তেরা, তুমহারা, আপনা, ইত্যাদি সম্বন্ধপদ সকল বহুবচনে সম্বোধনের পদে এবং অন্যায়সংযুক্ত স্থলে একারান্ত হয়। যথা—মেরে, তেরে, তুমহারে, আপনে ইত্যাদি। অধিকরণের বিভক্তি "মে", ইহার স্থলে কখন পর, (নীচ শব্দ অধিকরণের মধ্যে বলা যায়, সন্দুক কে নীচ রাখো), ও কখন "সে" এই বিভক্তিও ব্যবহৃত হয়। যথা, উসপর, উহাতে, জিসপর, যাহাতে; ইনিসে, ইহাতেই, ইত্যাদি।

আত্মন্ শব্দ

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তা	আপ, আপনে	আপনি।	আপ্ লোগ	আপনারা।
কর্ম্ম	আপকো	আপনাকে	আপলোগোঁকো	আপনাদিগকে।
করণ অপা	আপসে	আপনাদ্বারা বা হইতে।	আপলোগোঁসে	আপনাদিগের দ্বারা বা হইতে।
সম্বন্ধ	আপকা	আপনার।	আপলোগোঁকা	আপনাদিগের।
অধি	আপমে	আপনাতে	আপলোগোঁমে,	আপনাদিগেতে।

উদাহরণ।

আপ লায়া, আপনি আনিলেন। আপসে লিয়াথা, আপনার নিকট হইতে লইয়াছিল।

আপকো দেতাহোঁ, আপনাকে দিতেছি। আপকা প্যঙ্খা, আপনার পাখা।

যে স্থলে আত্মন শব্দ স্বয়ং এই অর্থ প্রকাশ করে, তাহার পদ নিম্নে লিখিত হইতেছে। ইহার একবচনে ও বহুবচনে তুল্য পদ।

	পদ	উদাহরণ	অর্থ
কর্ত্তা	আপ	ম্যায় আপ দেখা.	আমি আপনি দেখিলাম।
কর্ম্ম	আপ্পেকো, আপ্পেতেঁই	তুম আপ্পেকো বড়া জানতেহো	তুমি আপনাকে বড় জান।
করণ অপা	আপসে, আপ্পেসে	আপসে আপ চলাগায়া	আপনা হইতে আপনি চলিয়া গেল।
সম্বন্ধ	আপ্পা, আপন	মেরা আপনা ভাই,	আমার আপনার ভাই
অধি	আপ্পেমে	উয়োঃ আপ্পেমে কুছ খ্যতা নহি দেখতাহায়	সে আপনাতে কোন দোষ দেখে না।

কর্ম্মকারকের বিভক্তি (কো) ইহার পরিবর্ত্তে কেবল সর্ব্বনামে (এ) এই বিভক্তি কখন কখন ব্যবহার হইয়া থাকে, যথা, হামকো, হামে। তুমকো, তুমে। ইসকো, ইসে। উনকো, উনে (১)। কিসকো, কিসে। জিনকো, জিনে, ইত্যাদি। আর উক্ত (কো) এই বিভক্তির পরিবর্ত্তে সজীব কর্ম্মপদে "তঁই" "কেতঁই" বিভক্তিও ব্যবহার হয়, যথা—মেরেতঁই, তেরেতেঁই আপনেতেঁই, হামারেতেঁই, তুমহারেতেঁই। অপর, উসকেতেঁই, রামবল্লভকেতেঁই, ইত্যাদি

যদ্ শব্দ।

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তা	জো, জিসনে, জিননে	যে যিনি।	জোসব জিনহোঁনে	যাহারা। যাঁহারা।
কর্ম্ম	জিসে, জিসকো	যাহাকে।	জিসলোগোঁকো	যাহাদিগকে।
	জিনে, জিনকো	যাঁহাকে।	জিনহোঁকো	যাঁহাদিগকে।
করণ অপা	জিসসে (২)	যাহা হইতে বা দ্বারা,	জিসলোগোঁসে	যাহাদিগের
	জিনসে	যাঁহা হইতে বা দ্বারা,	জিনহোঁসে	দ্বারা বা হইতে।
সম্বন্ধ	জিসকা	যাহার।	জিসলোগোঁকা	যাহাদের।
	জিনকা	যাঁহার।	জিনহোঁকা	যাঁহাদের।
অধি	জিসমে	যাহাতে।	জিসলোগোঁমে	যাহাদিগেতে।
	জিনমে	যাঁহাতে।	জিনহোঁমে	যাঁহাদিগেতে।

(১) উনহে জিনহে ইত্যাদি পদও হয়।

(২) "সে" এই বিভক্তি স্থলে "সতি" ও ব্যবহার হয়। আর "সে", বিভক্তি স্থলভেদে, নিকট, সহিত, এই অর্থদ্বয়ও প্রকাশ করে। যথা উনসে কাহো, উহার নিকট বল। তুমসে কিয়া নিসবত, তোমার সহিত কি সম্বন্ধ?

উদাহরণ।

জিস্‌নে ক্যাহা, যে কহিল। জিসসে পায়া, যাহার নিকট হইতে পাইল

জিসকো প্যাকড়া, যাহাকে ধরিল। জিনকা ঘর, যাঁহার গৃহ।

তদ্‌ শব্দ।

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তা	সো, তিসনে, তিননে,	সে / তিনি	সো সব / তিনহোঁনে,	তাহারা / তাঁহারা
কর্ম্ম	তিসকো, তিনকো,	তাহাকে / তাঁহাকে	তিন্‌হোঁকো,	তাঁহাদিগকে
করণ / অপা	তিসসে, তিনসে,	তাহাদ্বারা / তাঁহা হইতে	তিসলোগোঁসে, তিনলোগোসে, তিনহোঁসে.	তাহাদিগের দ্বারা, তাঁহাদিগের হইতে
সম্বন্ধ	তিসকা, তিনকা,	তাহার / তাঁহার	তিসলোগোঁকা, তিনলোগোঁকা,	তাঁহাদিগের
অধি	তিসমে, তিনমে	তাহাতে / তাঁহাতে	তিসলোগোঁমে. তিনহোঁমে,	তাঁহাদিগেতে

ইদম্‌ শব্দ

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তা	ইয়েঃ, ইসনে, ইননে	এ. ইনি,	এ, ইয়েঃসব, ইনহোঁনে,	ইহারা, ইহাঁরা
কর্ম্ম	ইসে, ইস্‌কো, ইনহে ইন্‌কো	ইহাকে, ইহাঁকে,	ইনহোঁকো,	ইহাদিগকে
করণ / অপা	ইসসে, ইনসে,	ইহাদ্বারা বা হইতে	ইনহোঁসে,	ইহাদিগের দ্বারা বা হইতে
সম্বন্ধ	ইসকা, ইনকা,	ইহার ইহাঁর.	ইনহোঁকা	ইহাঁদিগের
অধি	ইসমে, ইনমে	ইহাতে	ইন্‌হোমে	ইহাঁদিগেতে

উদাহরণ।

ইসনে গালী দিয়িথী = এ গালি দিয়াছিল। ইসকো খানে দেও = ইহাকে খাইতে দেও। ইন্‌সে ছোটা = ইহাঁ হইতে ছোট। ইন্‌কা বেটা = ইহাঁর পুত্র।

অদস্ শব্দ।

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তা	উয়োঃ, উসনে, উন্‌নে	ও, উনি	অয়, উনহোঁনে,	উহারা, উহাঁরা
কর্ম্ম	উসে, উসকো, উনহে, উনকো,	উহাকে, উহাঁকে	উনহোঁকো,	উহাদিগকে
করণ, অপা	উসসে, উনসে,	উহাদ্বারা, উহাঁহইতে	উনহোঁসে	উহাদিগের দ্বারা বা হইতে
সম্বন্ধ	উসকা, উনকা,	উহার, উহাঁর	উনহোঁকা,	উহাদিগের
অধি	উসমে, উনমে,	উহাতে, উহাঁতে	উনহোঁমে,	উহাদিগেতে

উদাহরণ।

বাক্য।	
উয়োঃ চাহতাথা,	ঐ ব্যক্তি চাহিতেছিল।
উনহোঁনে দিয়েথে,	উহাঁরা দিয়াছিলেন।
উসে পাক্‌ড়ো,	উহাকে ধর।
উসকো দেলাদেও,	উহাকে দেওয়াইয়া দেও।
উনসে লেও,	উহাঁর নিকট হইতে লও।
উসকা রূপয়া,	উহার টাকা।
উন্‌হোঁকা হরণ,	উহাদিগের হরিণ।

উর্দূভাষায় তদ্‌শব্দের পরিবর্ত্তে অদস্ পদও ব্যবহৃত হইয়া থাকে। হী, এই অব্যয় শব্দ পরে থাকিলে ইয়েঃ, উয়োঃ, এই পদদ্বয় ই, উ, এইমত হইয়া ব্যবহৃত হয়। যথা, ইয়েঃ-হী, ইহী, ইহাই। উয়োঃ-হী, উহী, উহাই।

কিম্ শব্দ

	একবচন	অর্থ	বহুবচন	অর্থ
কর্ত্তৃ	ক্যন্, কিসনে, কিননে,	কে	ক্যনসব, কিনহোঁনে,	কাহারা
কর্ম্ম	কিসে, কিসকো, কিনহে, কিনকো	কাহাকে কাহাঁকে	কিনহোঁকো,	কাহাদিগকে
করণ অপা	কিসসে, কিনসে,	কাহাদ্বারা কাহাঁহইতে	কিনহোঁসে,	কাহাদের দ্বারা বা হইতে
সম্বন্ধ	কিসকা, কিনকা	কাহার কাঁহার	কিনহোঁকা,	কাহাদিগের
অধি	কিসমে, কিনমে,	কাহাতে কাহাঁতে	কিনহোঁমে,	কাহাদিগেতে

উদাহরণ

বাক্য	
ক্যন আতাহায়?	কে আসিতেছে?
কিন্‌নে লিখা?	কে লিখিল?
কিস্‌কো মারাহায়?	কাহাকে মারিয়াছে?
কিস্‌সে হুয়া?	কাহা দ্বারা হইল?
কিনহোঁসে পায়ে?	কাহাদের হইতে পাইলে?
চাকু কিস্‌কা হায়?	কাহার চাকু ছুরি?

মে, সে, এই বিভক্তি দ্বয় একত্রিতরূপে ব্যবহৃত হইয়া (মধ্য হইতে) এই অর্থ প্রকাশ করে। যথা, ইস্‌মেসে, ইহার মধ্য হইতে। উন্‌মেসে ঐ সকলের মধ্য হইতে। কিন্‌মেসে কাহার মধ্য হইতে। জিস্‌মেসে, যাহার মধ্য হইতে, ইত্যাদি।

পর, সে, এই বিভক্তিদ্বয় একত্রিতরূপে কখন কখন ব্যবহৃত হইয়া (উপর হইতে) এই অর্থ প্রকাশ করে। যথা, চওকী পরসে, চৌকির উপর হইতে, ইত্যাদি।

সর্ব্বশব্দ।

	পদ	অর্থ	উদাহরণ	অর্থ
কর্ত্তা	সব সবনে	সকল	সব ভাগ গ্যায়ে,	সকলে পলাইল।
কর্ম্ম	সবকো,	সকলকে	সবকো লাও,	সকলকে আন।
করণ / অপা	সবসে,	সকল হইতে বা দ্বারা	সবসে আচ্ছা,	সকল লইতে ভাল
সম্বন্ধ	সবকা,	সকলের	সবকা ফায়দা,	সকলের উপকার।
অধি	সবমে	সকলেতে	সবমে হ্যায়,	সকলেতে আছে।

পূর্ব্বলিখিত সর্ব্বনামের কেবল সম্বন্ধকারকে লিঙ্গভেদ; যথা—

একবচন পুংলিঙ্গ	একবচন স্ত্রীলিঙ্গ	বহুবচন পুংলিঙ্গ	বহুবচন স্ত্রীলিঙ্গ
মেরা / হামারা	মেরী / হামারী	হামলোগোঁকা	হামলোগোঁকী
তেরা / তুমহারা	তেরী / তুমহারী	তুমহোঁকা	তুমহোঁকী
আপকা	আপকী	আপলোগোঁকা	আপলোগোঁকী
জিস্‌কা / জিন্‌কা	জিস্‌কী / জিন্‌কী	জিনহোঁকা,*	জিনহোঁকী
ইস্‌কা / ইন্‌কা	ইস্‌কী / ইন্‌কী	ইনহোঁকা	ইনহোঁকী
উস্‌কা / উন্‌কা	উস্‌কী / উন্‌কী	উনহোঁকা	উনহোঁকী
কিন্‌কা	কিন্‌কী	কিনহোঁকা	কিনহোঁকী
"	"	সবকা	সবকী

* যদিচ "সব" শব্দ সাধারণতঃ বহুবচনেই প্রয়োগ হয়, কিন্তু কখন কখন বহুবচনে তদুত্তর (ওঁ) যোগেও ব্যবহার হইয়া থাকে। যথা, সবোঁকী ইত্যাদি।

উদাহরণ

বাক্য।	অর্থ।
মেরী বহিন্ আতীহ্যায়,	আমার ভগিনী আসিতেছে।
তেরী দাদী রোতীহ্যায়,	তোমার ঠাকুরমা কাঁদিতেছে।
তুমহারী বিল্লি কাহাঁ ?	তোমার বিড়াল কোথা ?
আপকা ঘড়ী লায়িহেঁ।,	আপনার ঘড়ী আনিয়াছি।
জিসকী মা মরগ্যায়ী,	যাহার মা মরিয়া গেল।
ইসকা ইমারত দেখি নহিঁ	ইহাঁর বাটী দেখি নাই।
ইন্‌কী চাচা কিধর গ্যায়ী;	ইহাঁর খুড়ী কোন্ দিকে গেলেন ?
উনকী বেটী হাঁসতিথী,	উহাঁর কন্যা হাসিতেছিল।
কিসকী বহু আয়ী ?	কাহার বৌ আসিল ?

ব্যক্তি-সম্বন্ধে, সর্ব্বনাম সকল, কারক-যোগে যে রীতিতে ব্যবহৃত হয় তাহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে, কিন্তু অস্মদ্, যুষ্মদ্ ভিন্ন সর্ব্বনাম, জন্তু ও বস্তু প্রভৃতি সর্ব্বপ্রকার বিশেষ্য শব্দের পরিবর্ত্তে ব্যবহার হয়, ঐ সকলের মূলরূপ এবং শিক্ষার সুগম জন্য তদ্রূপ কয়েকটী অব্যয়, উদাহরণ সহ লিখিত হইল।

মূলরূপ।			অর্থ।		
জো,	জিস,	জিন,	যে,	যাহা,	যাঁহা ;
সো,	তিস,	তিন,	সে,	তাহা,	তাঁহা
ইয়েঃ	ইস,	ইন,	এ,	এই,	ইহাঁ।
উয়োঃ	উস,	উন,	ও,	ঐ,	উহা।
কিয়া,	ক্যান্ }		কি	কোন্	
কিস,	কিন }		কে	কাহা	কাহ
কোয়ী,	কিসি,		কেহ,	কোন।	
কয়ী,	কয়াএক,		কয়,	কয়েক।	

মূলরূপ।			অর্থ।
ক্যায়	জ্যায়,	ত্যায়	কতো, যতো, ততো।
ইউঁ,	জিউঁ,	তিওঁ	এমন, যেমন, তেমন।

কিন, জিন, তিন, ইন, উন এই কয়েকটী পদ সর্ব্বত্র বহুবচনে এবং সম্ভ্রান্ত স্থলে একবচনে ব্যবহার হয়। "জো", শব্দ উভয় বচনে ব্যবহৃত হয়, এবং "জিন" শব্দের পরিবর্ত্তে "জো" ব্যবহারও হয়। অপর জো, সো, ইয়েঃ, উয়োঃ, কান, এবং অয়, এই কয়েকটী সর্ব্বনামে কারকের বিভক্তি যোগ হয় না।

উদাহরণ

বাক্য।	অর্থ।
আপকা কিয়া নাম ?	আপনার কি নাম ?
কিয়া খবর ?	কি সংবাদ ?
কিসওয়াস্তে আয়েহো ?	কিজন্য আসিয়াছ ?
ক্যান্ কাম চাহতেহো ?	কি কর্ম্ম চাহিতেছ ?
জো চীজ লায়েহো, সো লেযাও,	যে বস্তু আনিয়াছ, তাহা লইয়া যাও।
উয়োঃ ক্যান্ হ্যায় ?	ও কে ?
জো হোনেকা থা, সো হুয়া,	যাহা হইবার তাহা হইল।
উন চীজোঁসে কিয়া কাম ?	ঐ সকল বস্তুতে কি কাজ ?
ইয়েঃ হাল কেওঁ হুয়া ?	এই অবস্থা কেন হইল ?
ইয়েঃ ক্যাপড়া কিস্‌কা হ্যায় ?	এ কাপড় কাহার ?
কাহে রোতেহো ?	কেন কাঁদিতেছ ?
কেওঁ খাড়াহো ?	কেন দাঁড়াইয়া আছ ?
উয়োঃ জগা আচ্ছী হ্যায়,	ঐ স্থান উত্তম।
ইন্ আনারোঁকো ফেক দেও,	এই দাড়িম্ব সকল ফেলিয়া দেও।
ইসমে কিয়া হোগা ?	ইহাতে কি হইবে ?
ইসকো কিয়া ক্যহতাহ্যায় ?	ইহাকে কি বলে ?

বাক্য।	অর্থ।
উসসে ইয়েঃ বেহ্তর	উহা অপেক্ষা ইহা ভাল।
উসকা রং ভ্যলা নহিঁ,	উহার রং ভাল নয়।
এহাঁ কোয়ী নহিঁ,	এখানে কেহ নাই।
কয়ী দিন হুয়া,	কয়েক দিন হইল।
কোয়ী কাম খালি নহিঁ,	কোন কর্ম্ম খালি নাই।
ক্যায়্ঠো নারিয়ল লায়াথা?	কয়টা নারিকেল আনিয়াছিল?
জ্যায়ঠো থা, ত্যায়ঠো লায়া,	যয়টা ছিল তয়টা আনিল।
কয়ীএক উসকা সড় গ্যায়ে,	কয়েকটা তাহার পচিয়াগেল।

যাহাঁ, তাহাঁ, এহাঁ ওহাঁ কাহাঁ। জিধর তিধর, ইধর উধর, কিধর। জিত্না ইত্না, উত্না কিত্না। জ্যায়্সা, ত্যায়্সা, য়্যায়্সা, ওয়্সা, ক্যায়্সা। জব, তব, অব, কব। এই শ্রেণীভুক্ত পদগুলি তত্তদর্থ-সূত্রে বাঙ্গালা কি ইংরাজী ব্যাকরণমতে যদিচ সমস্ত, সর্ব্বনামের মধ্যে পরিগণিত নহে, কিন্তু ঐ প্রত্যেক শ্রেণীর প্রত্যেক পদের ভাব অর্থের প্রতি দৃষ্টি ও বিবেচনা করিলে, যদ্, তদ্, ইদম্, অদস্, কিম্, এই-রূপ সর্ব্বনামের ন্যায় কার্য্য করে। যাহাঁ প্রভৃতি পাঁচটী পদ, স্থানসম্বন্ধে, জিধর আদি পাঁচটী পদ, দিক্‌সম্বন্ধে, জিত্না আদি চারিটী পদ, পরিমাণসম্বন্ধে, জ্যায়্সা প্রভৃতি পাঁচটী পদ, প্রকারসম্বন্ধে, ও জব্ আদি চারিটী পদ সময়সম্বন্ধে, সর্ব্ব-নামের কর্ম্ম দর্শায় বিশেষ, ঐ সকল শ্রেণীভুক্ত পদে অনেকানেক কারকের বিভক্তি যোগ হইয়া সর্ব্বনামে বিভক্তিযোগের ন্যায় অর্থ প্রকাশ করে। এজন্য ঐ সকল শব্দ সর্ব্বনামের শেষে রাখিলাম। বোধ করি, বাঙ্গালা ও ইংরাজী ব্যাকরণ-বেত্তা মহাশয়গণ সমীপে ইহা দোষাহ হইবে না।

এহাঁ এবং ওহাঁ স্থলে হিয়াঁ এবং হুয়াঁ পদও ব্যবহৃত হইয়া থাকে। তক্ এই অব্যয়টী, স্থান, দিক ও সময় সম্বন্ধীয় সর্ব্বনাম শব্দের উত্তর, পর্য্যাস্ত-অর্থে সর্ব্বদা প্রযুক্ত হইয়া থাকে। যথা, যাহাঁতক, তাহাঁতক, এহাঁতক, ওহাঁতক কাহাঁতক। জিধরতক, উধরতক কিধরতক। যবতক, তবতক, অবতক ইত্যাদি।

স্থানসম্বন্ধীয়।

শব্দ		অর্থ	উদাহরণ	অর্থ।
মূলপদ	যাহাঁ	যেখানে।	যাহাঁ গ্যায়াথা,	যেখানে গিয়াছিল।
সম্বন্ধ	যাহাঁকা,	যেখানকার।	যাহাঁকা জ্যায়সা দস্তুর,	যেখানকার যে নিয়ম।
অপা	যাহাঁসে,	যেখান হইতে।	যাহাঁসেহো লেআ,	যেখান হইতে হয় লইয়া আয়।
মূলপদ	তাহাঁ,	সেখানে।	যাহাঁতাহাঁ ডাল দেও,	যেখানে সেখানে ফেলিয়া দাও।
সম্বন্ধ	তাহাঁকা,	সেখানকার।	তাহাঁকা প্যতা নহি মিলা,	সেখানকার তথ্য পাওয়া যায় নাই।
অপা	তাহাঁসে,	সেখান হইতে।	তাহাঁসে আজ চিট্‌ঠী আয়ী,	সেখান হইতে অদ্য পত্র আসিল।
মূলপদ	হিয়াঁ, এহাঁ,	এখানে।	জী, এহাঁ আও,	মহাশয় এখানে আসুন।
সম্বন্ধ	হিয়াঁকা, এহাঁকা,	এখানকার।	এহাঁকা লোগ বড়া খরাব,	এখানকার লোক বড় মন্দ।
অপা	হিয়াঁসে এহাঁসে,	এখান হইতে।	এহাঁসে লে চলো,	এখান হইতে লইয়া চল।

শব্দ	অর্থ	উদাহরণ	
মূলপদ, হুয়াঁ, ওহাঁ.	ওখানে।	ওহাঁ ক্যন ব্যয়ঠা ?	ওখানে কে বসিয়া আছে?
সম্ব হুয়াঁকা, ওহাঁকা,	ওখানকার।	ওহাঁকা চিরাগ এহাঁ লাও,	ওখানকার প্রদীপ এখানে আন।
অপা হুয়াঁসে, ওহাঁসে,	ওখান হইতে।	ওহাঁসে ভাগো,	ওখান হইতে পলায়ন কর।

মূলপদ. কাহাঁ,	কোথায়	কাহাঁ জাতেহো ?	কোথা যাইতেছ ?
সম্বন্ধ কাহাঁকা,	কোথাকার	কাহাঁকা আদ্‌মী ?	কোথাকার ব্যক্তি ?
অপা কাহাঁসে,	কোথা হইতে।	কাহাঁসে আয়া ?	কোথা হইতে আসিল ?

যাহাঁকা, তাহাঁকা, ইত্যাদি সম্বন্ধের পদগুলি স্ত্রীলিঙ্গে আকারান্তের পরিবর্ত্তে ঈকারান্ত হয়। যথা, যাহাঁকী ছোকরী, তাহাঁকী বুঢ়িয়া, এহাঁকী হাওয়া, ওহাঁকী হাওয়াসে আচ্ছী হ্যায়।

দিক্-সম্বন্ধীয়

শব্দ	অর্থ	উদাহরণ	অর্থ
মূলপদ, জিধর,	যে দিকে বা দিক।	জিধর টুটা হ্যায়,	যে দিকে ভাঙ্গিয়াছে।
সম্বন্ধ জিধরকা,	যে দিকের।	জিধরকা চাহো,	যে দিকে চাও।
অপা জিধরসে,	যে দিক হইতে।	জিধরসে আয়া,	যেদিক হইতে আসিল।

মূলপদ, তিধর,	সে দিকে বা দিক।	তিধর মৎ জাও,	সেদিকে যেওনা।
সম্বন্ধ তিধরকা,	সে দিকের।	তিধরকা দরওয়াজা,	সে দিকের দ্বার।
অপা তিধরসে,	সে দিক হইতে।	তিধরসে আতা,	সে দিক হইতে আসিত।

মূলপদ, ইধর,	এদিকে বা দিক।	তুম ইধর আও,	তুমি এ দিকে এস।
সম্বন্ধ ইধরকা,	এ দিকের।	ইধরকা ঘর খোলো,	এদিকের ঘর খুল।
অপা ইধরসে,	এ দিক হইতে।	ইধরসে সরকাও,	এদিক হইতে সরাও।

শব্দ		অর্থ	উদাহরণ	অর্থ
মূলপদ,	উধর,	ওদিকে বা ওদিক।	উধর কান হ্যায়,	ওদিকে কে আছে।
সম্বন্ধ	উধরকা,	ওদিকের।	উধরকা কিওয়াড়া,	ওদিকের কপাট।
অপা	উধরসে,	ওদিক হইতে।	উধরসে ইধর গ্যায়া,	ওদিক হইতে এ দিকে গেল।

মূলপদ.	কিধর,	কোন্‌দিকে বা দিক।	কিধর জাওগে,	কোন্ দিকে যাইবে।
সম্বন্ধ	কিধরকা,	কোন্ দিকের।	কিধরকা শোর গোল	কোন্ দিকের গোলমাল।
অপা	কিধরসে,	কোন্ দিক হইতে।	কিধরসে আওয়াজ আতী হ্যায়	কোন্ দিক হইতে শব্দ আসিতেছে।

"যাহাঁকাহঁী" এই মিলিত শব্দের অর্থ "যে কোন স্থান" বুঝায়। যথা, যাহাঁকাহাঁ হো লে আও, যে কোন স্থানে থাকে লইয়া আইস।

সম্বন্ধ পদে স্ত্রীলিঙ্গে, জিধরকী. তিধরকী, ইধরকী, উধরকী, ইত্যাদি পদ হইবে।

পরিমাণ-সম্বন্ধীয়।

শব্দ		অর্থ	উদাহরণ	অর্থ
মুলপদ,	জিত্না,	যত।	জিত্না রহে সব লাও,	যত থাকে সব আন।
সম্বন্ধ	জিত্নেকা,	যতকের।	জিত্নেকা খরীদ কহো,	যতকের ক্রয় বল।
অধি	জিত্নেমে	যততে।	জিত্নেমে পেট ভরে,	যততে পেট ভরে।

মুলপদ	ইত্না,	এত।	ইত্না চিল্লাও মৎ,	এত চীৎকার করিও না।
সম্বন্ধ	ইত্নেকা,	এতকের।	ইত্নেকা দহি কেওঁ লায়া?	এতকের দধি কেন আনিলে?
অধি	ইত্নেমে	এততে।	ইত্নেমে কিয়া হোগা,	এততে কি হইবে?

শব্দ	অর্থ	উদাহরণ	অর্থ
মূলপদ, উত্না,	অত।	উত্না ক্যান্ খায়া ?	অত কে খাইল ?
সম্বন্ধ উত্নেকা,	অতকের।	উত্নেকা হিসাব কাহাঁ ?	অতকের হিসাব কোথা ?
অধি উত্নেমে,	অততে।	উত্নেমে ভী নহি হুয়া,	অততেও হইল না।

মূলপদ কিত্না,	কত।	কিত্না পরেটা ব্যনায়ে,	কত পরেটা প্রস্তুত করিলে।
সম্বন্ধ কিত্নেকা,	কতকের।	কিত্নেকা পেড়া লায়ে,	কতকের সন্দেশ আনিলে ?
অধি কিত্নেমে,	কততে।	কিত্নেমে মোল লিয়ে,	কততে ক্রয় করিলে ?

আল্লা, ওফা, উমরা, কৃপা, খোদা, জগা, তওবা, তন্খা, দয়া, দওয়া, দাতা, দানা, দুনিয়া, দরিয়া, দুয়া, মির্জ্জা, মুল্লা, লালা, সওদা, সজা, সিপা, এই সকল শব্দ ভিন্ন যাবতীয় আকারান্ত প্রকৃতি, কারকের বিভক্তিযোগকালে একারান্ত হয়। যথা, জিত্না,-জিত্নেকা, ইত্না-ইত্নেমে, সোণা-সোণেকা, ঘোড়া-ঘোড়েকা, আন্ধা-আন্ধেকো, লোহা-লোহেমে, প্যঢ়না-পঢ়্নেসে। মেরে ছোটে বেটেসে। তেরে বড়ে ল্যাড়কেনে। ইত্যাদি।

জিত্না, ইত্না, উত্না, কিত্না স্থলে জিত্তা, ইত্তা, উত্তা, কিত্তা-ও, ব্যবহৃত হয়।

প্রকার-সম্বন্ধীয়।

শব্দ	অর্থ	উদাহরণ	অর্থ
মূলপদ জ্যায়্সা,	যেমন	জ্যায়সা কাম ত্যায়সা ফল,	যেমন কর্ম্ম তেমনি ফল।
,, ,, ত্যায়সা,	তেমন।	ত্যায়্সা হারামজাদা দুসরা নহি,	তেমন দুষ্ট দ্বিতীয় নাই।
,, ,, য়্যায়্সা,	এমন।	য়্যায়সা ভালা আদমী নহিঁ দেখা,	এমন সৎ মনুষ্য দেখি নাই।

শব্দ	অর্থ	উদাহরণ	অর্থ
মূলপদ, ওয়্‌সা,	অমন।	ওয়্‌সা কাম মৎ ক্যরো,	অমন কর্ম্ম করিওনা
,, ,, ক্যায়্‌সা.	কেমন।	ক্যায়্‌সা মোতী দেখোঁ,	কেমন মুক্তা দেখি।

সময়-সম্বন্ধীয়।

শব্দ	অর্থ	উদাহরণ	অর্থ
মূলপদ, জব (১)	যখন।	জব ম্যায়ঁ ঘর জাওঙ্গা,	যখন আমি বাড়ী যাইব।
সম্বন্ধ জবকা,	যখনকার।	জবকা জো কাম,	যখনকার যে কার্য্য।
অপা জবসে,	যখন হইতে।	জবসে বর্‌দওয়ান আয়াহোঁ	যখন হইতে বর্দ্ধমান আসিয়াছি।
মূলপদ, তব(১),	তখন।	তব কিয়া হোগা,	তখন কি হইবে।
সম্বন্ধ তবকা,	তখনকার।	তবকা রিওয়াজ থা,	তখনকার রীতি ছিল।
অপা তবসে,	তখন হইতে।	তবসে মুলাকাৎ নহিঁ,	তখন হইতে সাক্ষাৎ নাই।
মূলপদ অব,	এখন।	অব মৎ জাও,	এখন যেও না।
সম্বন্ধ অবকা,	এখনকার।	অবকা কেয়া হাল?	এখনকার কি অবস্থা?
অপা অবসে,	এখন হইতে।	অবসে ইংরেজী পঢ়ো	এখন হইতে ইংরাজী পড়।
মূলপদ কব(১),	কবে।	ক্যলকত্তেসে কব আয়ে,	কলিকাতা হইতে কবে এলে?
সম্বন্ধ কবকা,	কবেকার।	কবকা সবক্ প্যঢ়তেহো,	কবেকার পাঠ পড়িতেছ?
অপা কবসে,	কবে হইতে।	কবসে ছুট্টী হুয়ী,	কবে হইতে অবকাশ হইল।

য়্যায়্‌সা পদটী সম্বন্ধ পদের উত্তর প্রযুক্ত হইলে সদৃশার্থবোধকও হয়। যথা, মেরা য়্যায়্‌সা, আমার সদৃশ। তুম্‌হারা য়্যায়্‌সা তোমার সদৃশ ইত্যাদি।

(১) জব, তব, কব, ইহার পরিবর্ত্তে জদ, তদ, কদও ব্যবহার হয়

পরিমাণসম্বন্ধীয়		
মূলপদ	সম্বন্ধের পদ	অধিকরণের পদ
জিত্না জিত্তা	জিত্নেকা, জিত্তেকা	জিত্নেমে, জিত্তেমে
তিত্না	তিত্নেকা	তিত্নেমে
ইত্না ইত্তা	ইত্নেকা, ইত্তেকা	ইত্নেমে, ইত্তেমে
উত্না উত্তা	উত্নেকা, উত্তেকা	উত্নেমে, উত্তেমে
কিত্না কিত্তা	কিত্নেকা, কিত্তেকা	কিত্নেমে, কিত্তেমে

সময়সম্বন্ধীয়		
মূলপদ	সম্বন্ধের পদ	অপাদানের পদ
জব	জবকা	জবসে
তব	তবকা	তবসে
অব	অবকা	অবসে
০	০	০
কব	কবকা	কবসে

শব্দরূপ।

সর্ব্বনামে কর্ত্তা, কর্ম্ম, করণ, অপাদান, সম্বন্ধ ও অধিকরণ কারকে যে সকল বিভক্তি যুক্ত হইয়া যে অর্থ করে, বিশেষ্যাদি শব্দেও সেইরূপ।

বিশেষ্যাদি শব্দ	কর্ত্তা	কর্ম্ম	করণ, অপাদান	সম্বন্ধ	অধিকরণ
রাম	রাম, রামনে	রামকো রামকেতেঁই,	রামসে	রামকা,	রামমে
কিতাব,	কিতাব.	কিতাবকো.	কিতাবসে.	কিতাবকা,	কিতাবমে
কলম	কলম,	কলমকো,	কলমসে.	কলমকা,	কলমমে
সাহিব,	সাহিব, সাহিবনে,	সাহিবকো,	সাহিবসে	সাহিবকা,	সাহিবমে
জমীন,	জমীন	জমীনকো	জমীনসে,	জমীনকা,	জমীনমে জমীনপর
ক্যালকত্তা,	ক্যালকত্তা.	ক্যালকত্তেকো,	ক্যালকত্তেসে.	ক্যালকত্তেকা.	ক্যালকত্তেমে
বুঢ্ঢা	বুঢ্ঢা. বুঢ্ঢেনে,	বুঢ্ঢেকো, বুঢ্ঢেকেতেঁই,	বুঢ্ঢেসে,	বুঢ্ঢেকা,	বুঢ্ঢেমে
দুনিয়া.	দুনিয়া.	দুনিয়াকো.	দুনিয়াসে,	দুনিয়াকা,	দুনিয়ামে, দুনিয়াপর
জগা,	জগা.	জগাকো,	জগাসে.	জগাকা,	জগামে

অধিকরণের বিভক্তি "মে," ইহার পরিবর্ত্তে নির্জ্জীবস্থলে কর্ম্মকারকের বিভক্তি (কো) ও ব্যবহার হইয়া থাকে। যথা রাতকো, রাত্রিতে। দিনকো, দিবসেতে। সুবহ্‌কো, প্রত্যূষে। কিতনেকো. কতক্ষণে। ইত্যাদি।

রাজা, রায়, দিওয়ান, বাবু, লালা মিরজা. মৌলবী খাঁ. মুন্শী ইত্যাদি পদবী ও উপাধি পরে, মহাশয় এই অর্থে, সাহিব শব্দ প্রয়োগ হইয়া থাকে; যথা, রাজা সাহিব, রায়সাহিব ইত্যাদি।

উদাহরণ।

রামনে বহুত আচ্ছা উর্দু সিখা রামকো সব আদমী পিয়ার ক্যরতেহেঁ। রামসে কভী বদকাম নহিঁ হোতা হ্যায়। রামকে মানিন্দ কোন্ হোগা। রামমে কোয়ী য়্যায়েব নহিঁ।

কিতাব তুমহারী আপঁওছী হ্যায়। কিতাবকো জানকে বরাবর জাননা। কিতাবসে জহানকী খবর মিলতী হ্যায়। কিতাবকে য়্যায়সা দোস্ত দুনিয়ামে নহিঁ। কিতাবমে সব কুছ পায়া জাতা হ্যায়।

কলম কিয়া খুব চীজ। কলমকো ন্ন ছোড়িও। কলমসে দিলকী বাত জাহির হোতী হ্যায়। কলমকী মদদসে মরদকী দওলত ও হুরমত কলমমে হামেশ মশগুল র্যহনা।

সাহিব আতেহেঁ। সাহিবকো সলাম ক্যরো। সাহিবসে কাম তুমহারা হাসিল হোগা। সাহিবকে পাস সওয়াল ক্যারো। সাহিবমে রহম হ্যায়।

ইয়েঃ জমীন বহুত আচ্ছী হ্যায়। জমীনকো আজমাও. জমীন দেখো। জমীনসে বহুত ফায়দা হাসিল্ হোতা হ্যায়। ইস্ জমীনকী তহসীল কম নহিঁ। ইস্ জমীনমে তরহতরহকা মেওয়াজাত প্যয়্দা হোতেহেঁ।

ক্যালকত্তা কিয়া মাকুল জগা। ক্যালকত্তেকো জন্নতুল্‌বেলায়ত ক্যহতেহেঁ। কালকত্তা দেখেহো। ক্যালকত্তেসে কাল আয়াহেঁ। ক্যালকত্তেকা হাল তুমসে ব্যয়ান ক্যরোঙ্গা। ক্যালকত্তেমে জহান্‌কী চীজেঁ মিলতীহেঁ।

বুঢ্ঢা আদমী দানা আওর আকলমন্দ হোতেহেঁ। বুঢ্ঢেকো বে-ওকুফ জান্না বে-ওকুফী হ্যায়। হর বাৎমে বুঢ্ঢেসে সলাহ মসলহত লেনা। বুঢ্ঢেকী বাত সবপর বালা সমঝনা। বুঢ্ঢেমে হিকারত ন্ন-ক্যরনা।

জানতাহেঁ। কে দুনিয়া নাকায়েম হ্যায়। তওভী দুনিয়াকো নছোড় সকতাহেঁ। দুনিয়াসে ফারিগ্ হোনা বড়া কঠন হ্যায়। সব কারোবার দুনিয়াকা ধোকা সিওয়া নহিঁ। দুনিয়ামে দিল ন্ন লগানা।

কিয়া দিলগীর জগা হ্যায়। ইস জগাকো ছোড়নে জী নহিঁ চাহ্তা হ্যায়। ইস জগাসে কোয়ী জগা আচ্ছী নহিঁ। পানিভী ইস জগাকা বহুত আচ্ছা। ইস জগামে রাত জায়িয়ে।

কারকের বিভক্তি অনেকানেক স্থানে গুপ্তও থাকে। যথা, রাম ঘর গ্যায়া, অর্থাৎ ঘরমে গ্যায়া।

সম্বোধন।

উর্দূ ভাষায় সম্বোধনে য়্যায়, এ, এজী, ওবে, রী, এই সকল বিভক্তিসূচক শব্দ বিশেষ্যের পূর্ব্বে যুক্ত হয়। তন্মধ্যে ওবে, কেবল পুংলিঙ্গে, রী, কেবল স্ত্রীলিঙ্গে অধম স্থলে ব্যবহার হইয়া থাকে, এবং উভয়লিঙ্গে বহুবচনে, সম্বোধন-স্থলে, ও, এই বিভক্তি, শব্দের উত্তর যোগ হয়। যথা, য়্যায়

ভাই. (১) এ ভাই, ভাই হে। য়্যায় মেরে আচ্ছে ল্যড়কে, হে আমার উত্তম পুত্র। এ জী, ও মহাশয়। ওবে চোকরা, ও চোকরা। বী ল‍ঁউডী, ওরে দাসী। ইত্যাদি। বহুবচনে যথা. সাহিবো, হে মহাশয়গণ। বেটো, হে পুত্রগণ। অপর "হো" এই বিভক্তিসূচক শব্দ, কখন কখন শব্দের পর সম্বোধনে ব্যবহার হয়। যথা, রামশরণ হো, ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ-প্রকরণ।

উর্দূ ভাষায় দুলহা, পোতা, গওইয়া, সক্‌কা, (২) ব্যতীত প্রায়ই সাধারণ আকারান্ত পুংলিঙ্গ শব্দ আকারের পরিবর্ত্তে ঈ-যোগে স্ত্রীলিঙ্গ হইয়া থাকে। যথা, বেটা-বেটী, ঘোড়া-ঘোড়ী, জোড়া-জোড়ী, দাদা-দাদী, চাচা-চাচী, নানা-নানী, ফুঃফা-ফুফী, নওয়াসা-নওয়াসী, চোক্‌রা-চোক্‌রী, বক্‌রা-বক্‌রী, মেরা-মেরী, তেরা-তেরী, জিসকা-জিসকী, উনকা-উনকী কিত্না-কিত্নী, জ্যায়সা-জ্যায়সী, থোড়া-থোড়ী, বুঢ্‌ঢা-বুঢ্‌ঢী জানেওয়ালা-জানেওয়ালী, ইত্যাদি।

ক্রিয়াসম্বন্ধেও ঐরূপ নিয়ম। যথা, খায়া-খায়ী, বোলা-বোলী গ্যায়া-গ্যায়ী, কিয়া-কিয়ী, লিয়া-লিয়ী, দিয়া-দিয়ী, আয়াথা-আয়িথী আতাথা-আতিথী।

(১) ভাই শব্দ সম্বোধনে ভেইয়াও হইয়া থাকে।

(২) দুল্‌হা, পোতা, গওইয়া শব্দ স্ত্রীলিঙ্গে দুলহিন, পোতিন, গায়ীন হইবে। সক্‌কা শব্দ স্ত্রীলিঙ্গে সক্‌নী হইবে।

কতকগুলি পুংলিঙ্গ শব্দের উত্তর আনী, (১) এই প্রত্যয়াত্মক শব্দযোগে স্ত্রীলিঙ্গ হয়। এবং পুলিঙ্গ শব্দ স্বরান্ত হইলে ঐ স্বরের লোপ হইয়া যুক্ত হয়। যথা, মেহতর-মেহতরাণী, দেওর-দেওরাণী, জেঠ-জেঠানী, চৌধুরী-চৌধুরাণী, মিসরা-মিসরাণী, ঠাকুর-ঠাকুরাণী, ইত্যাদি।

কতকগুলি পুংলিঙ্গ শব্দের উত্তর, ঈ, ইন, নী, আ, এই সকল প্রত্যয়াত্মক শব্দযোগে স্ত্রীলিঙ্গ হইয়া থাকে। ঈ-যোগে যথা, মুরগ্-মুরগী, পিয়ার-পিয়ারী, ব্রাহ্‌মন-ব্রাহ্‌মনী। ইন যোগে যথা, মালী মালিন, ধোবী-ধোবিন, মশলচী-মশলচিন, হাড়ী-হাড়িন। নী-যোগ যথা, কহার-কহারণী, ডোম-ডোমণী, ঝাড়ু-বরদার ঝাড়ু বরদারণী। আ-যোগে যথা, সাহিব-সাহিবা, মুদ্দই-মুদ্দইয়া, মুদ্দা আলেহ-মুদ্দাআলেহা, সায়েল-সায়েলা, হুজূরালী-হুজ়ুরালিয়া, মুজ়হির-মুজ়হিরা জয়ীফ্-জয়ীফা মাশূক্-মাশূকা ইত্যাদি।

অপর পূরণবাচক শব্দের লিঙ্গভেদের নিয়ম, সেই শব্দের নিম্নে প্রদর্শিত হইয়াছে।

(১) আনী এই প্রত্যয়ের পরিবর্ত্তে কোন কোন স্থানে আয়িন্‌, ব্যবহারও হইয়া থাকে। যথা—ঠাকুর ঠাকুরায়িন্‌।

নিয়মভিন্ন ও নিয়মানুযায়ী কতকগুলি পুংলিঙ্গ শব্দের স্ত্রীলিঙ্গরূপ, অর্থসহ, ইংরেজি ব্যাকরণের অনুকরণে নিম্নে লিখিত হইল। এবং সম্পর্কসূচক অধিকসংখ্যক শব্দ শিক্ষার সুগমার্থ দেওয়া হইল।

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংঅর্থ	স্ত্রী-অর্থ
নর	মাদা,	পুরুষ,	স্ত্রী
বাপ, বাবুজী, পাপা ওয়ালিদ	মা, মাজী, আম্মাজান, ওয়ালিদা	পিতা,	মাতা
আদমী,	আওরত,	নর,	নারী
ম্যর্দ,	রণ্ডী, জ়ান,	পুরুষ,	স্ত্রী
বাদশা,	বেগম,	রাজা,	রাণী
সাহিব,	সাহিবা,	মহাশয়,	মহাশয়া
শওহর, খাবিন্দ, খসম, জওজ	জোরু, জওজা, কবীলা, বিবী (১)	স্বামী,	পত্নী
বেটা, ল্যাড়কা,	বেটী, ল্যাড়কী,	পুত্র,	কন্যা
বেটা,	বহু,	পুত্র,	পুত্রবধূ
দামাদ,	বেটী,	জামাতা,	কন্যা
ভাই,	ব্যহন, ব্যহিন্	ভ্রাতা,	ভগ্নী
ব্যহনই,	ব্যহন,	ভগ্নীপতি	ভগ্নী
ভাই,	ভাওজ (২)	ভ্রাতা,	ভ্রাতৃবধূ
চাচা,	চাচী,	খুড়া,	খুড়ী
ফুফা, ফুপ্পা,	ফুফী, বুয়া,	পিতৃস্বসৃপতি,	পিতৃষসা
মামু,	মামী, মমানী,	মাতুল,	মাতুলানী
দাদা,	দাদী,	পিতামহ,	পিতামহী
পরদাদা,	পরদাদী,	প্রপিতামহ,	প্রপিতামহী
নানা,	নানী	মাতামহ	মাতামহী
পরনানা,	পরনানী,	প্রমাতামহ,	প্রমাতামহী

(১) বিবী শব্দ, পত্নী, কন্যা ও সাধারণ স্ত্রীতে প্রয়োগ হয়। বুবু, প্রবীণা স্ত্রী।
(২) জ্যেষ্ঠ ভ্রাতৃবধূকে ভাবি বলে।

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুং-অর্থ	স্ত্রী-অর্থ
খ্‌সুর, সসুর	সাস, খ্‌শদামন	শ্বশুর,	শ্বাশুড়ী
সম্‌ধী,	সমধন,	বেয়াই,	বেয়ান
নবীরা, পোতা,	পোতি,	পৌত্র,	পৌত্রী
নওয়াসা,	নওয়াসী,	নাতি,	নাত্নী
পোতা,	পোত-বহু,	পৌত্র,	পৌত্রবধূ
নাতি,	নাত-বহু,	নাতি,	নাতবৌ
পোতি-দামাদ, নওয়াসী-দামাদ,	পোতি, নওয়াসী,	নাত্‌জামাই,	নাত্‌নী
পরোতা, পরপোতা,	পরোতা-বহু, পরপোতাবহু,	প্রপৌত্র,	প্রপৌত্রপত্নী
ভতিজা,	ভতিজী,	ভ্রাতুষ্পুত্র,	ভ্রাতুষ্পুত্রী
ভতিজা,	ভতিজা-বহু,	ভ্রাতুষ্পুত্র	ভ্রাতুষ্পুত্রবধূ
ভতিজী-দামাদ,	ভতিজী,	ভাইঝীজামাই,	ভাইঝী
	ভাঞ্জী,	ভাগিনেয়,	ভাগিনেয়ী
ভাঞ্জা,	ভাঞ্জা-বহু,	ভাগিনেয়,	ভাগিনেয়বধূ
খালু, মওসা,	খালা, মওসী,	মাতৃষ্বস্বপতি	মাতৃষ্বসা
চ্যচেরা-ভাই,	চ্যচেরী-ব্যহিন,	পিতৃব্যপুত্র,	পিতৃব্যকন্যা
মমেরা-ভাই,	মমেরী-ব্যহিন,	মামাত-ভাই,	মামাত-ভগ্নী
খ্যলেরা-ভাই মওসেরা-ভাই	খ্যলেরী-ব্যহিন, মওসেরী-ব্যহিন	মাসতুত-ভাই,	মাস্‌তুতভগ্নী
ফুফেরা-ভাই,	ফুফেরী-ব্যহিন,	পিসতুত-ভাই	পিসতুত-ভগ্নী
চাচা-সসুর	চাচী-সাস,	খুড়-শ্বশুড়	খুড়-শ্বাশুড়ী
ফুফীয়া-সসুর,	ফুফিয়া-সাস,	পিস-শ্বশুর,	পিস-শ্বাশুড়ী
মওসেরা-সসুর,	মওসেরী-সাস,	মাস-শ্বশুর,	মাস-শ্বাশুড়ী
মমেরা-সসুর,	মমেরী-সাস,	মামা-শ্বশুর,	মামী-শাশুড়ী
হকিকী-ভাই সগা-ভাই	হকিকী-ব্যহিন সগী-ব্যহিন	সহোদর-ভ্রাতা,	সহোদর
সওতেলা-ভাই,	সওতেলী-ব্যহিন,	বৈমাত্রেয়-ভ্রাতা,	বৈমাত্রেয়-ভগ্নী

পুংলিঙ্গ	স্ত্রী লিঙ্গ	পুং অর্থ	স্ত্রী-অর্থ
তায়াজী,	তাইমা,	জেঠা,	জেঠাই
জেঠ,	জেঠানী,	ভাশুর,	ভাশুরপত্নী
দেওর,	দেওরাণী,	দেবর,	দেবরপত্নী
নন্দোই,	নন্দ,	নন্দাই,	নোনদ্
জিজা,	বেবে,	বড়ভগ্নীপতি,	বড়ভগ্নী
নিসবতী, সালা,	সালী,	শ্যালক,	শ্যালিকা
সাড়হু, হমজুল্ফ,	সালী,	শালীপতি-ভাই,	শ্যালিকা
দুলহা, নওশা,	দুল্হিন, উরূস,	বর,	কন্যা
লঁওডা, নওকর, খাদিম, গুলাম,	লঁওডী, খাদিমা, নওকরনী,	দাস,	দাসী
বুঢ়া, বুঢ্ঢা,	বুঢ়ীয়া, বুঢ্ঢী,	বৃদ্ধ,	বৃদ্ধা
কুয়ঁার,	কুয়ঁারী,	কুমার,	কুমারী,
বণিয়া,	বণিয়ায়িন, বণেনী,	বণিক,	বণিকপত্নী,
বক্কাল,	বক্কালনী,	গন্ধবণিক,	গন্ধবণিকপত্নী
হল্ওয়াই,	হল্ওয়ায়ন্,	ময়রা,	ময়রাণী
কুম্হার,	কুম্হারন্,	কুমোর,	কুমোরণী
সুণার,	সুণারণ্,	সেকরা,	সেকরাণী
নাই, হজ্জাম,	নাইয়েন, হজ্জামিন,	নাপিত,	নাপ্তিনী
তেলী,	তেলিন,	কলু,	কলুনী
গুয়াল,	গুয়ালিন,	গোপ,	গোপী
মালী,	মালিন,	মালী,	মালিনী
ডোম,	ডোমনী,	একবিধ যবনগায়ক,	যবনগায়িকা
তম্বোলি,	তম্বোলিন,	পানবিক্রয়কারী,	পানবিক্রয়-কারিণী
চমার,	চমারন্,	মুচী,	মুচিনী
বঢ়ই,	বঢ়্হন,	ছুতার,	ছুতারণী
লোহার,	লোহারন্,	কামার,	কামারণী
সাথী,	সাথিন্,	সঙ্গী,	সঙ্গিনী

পুংলিঙ্গ	স্ত্রী লিঙ্গ	পুং অর্থ	স্ত্রী,অর্থ
ইয়ার,	ইয়ারণী,	সখা	সখী
হাথী,	হাথ্‌নী;	হস্তী,	হস্তিনী
সিঁঘ,	সিঁঘিনী,	সিংহ,	সিংহিনী
বাঘ,	বাঘন্‌, বাঘনী,	ব্যাঘ্র,	ব্যাঘ্রী
উঁট,	উ টনী, সাঁড়নী,	উষ্ট্র,	উষ্ট্রী
ব্যয়েল,	গাএ, গউ,	বলদ,	গাভী

যে সকল জন্তুর স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গের প্রভেদ জানা যায় না, তত্তাবৎ শব্দের পূর্ব্বে পুংলিঙ্গে (ন্তর) স্ত্রীলিঙ্গে (মাদা) এই দুই শব্দ যোগে সাধিত হইবে। যথা, ন্তর-হাঁস, মাদা-হাঁস, নর-ভঁ্যয়েস, মাদা-ভঁ্যয়েস ইত্যাদি।

সংজ্ঞাবাচক ও ক্রিয়াবাচক শব্দ মধ্যে অনেকানেক স্ত্রীলিঙ্গ শব্দ আছে, তাহার নিয়ম নিম্নে প্রদর্শিত হইতেছে।

তাবীজ্‌ শব্দ ব্যতীত ত্রি বা চতুরক্ষর-বিশিষ্ট উপান্তে "ঈ"-যুক্ত যাবতীয় তকারাদি শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, তাতীল, তহরীর, তদ্‌বীর ইত্যাদি।

ঘি, জি, দহী, মোতী, পানি, ইমলী, এবং পুম্‌বাচক (১) শব্দ ভিন্ন প্রায়ই ঈকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা গাড়ী, ঘড়ী, সিঢ়ী ইত্যাদি।

ইন্‌সান্‌, আরমান্‌, রওগন্‌, পয়িন্‌ প্রভৃতি শব্দ ভিন্ন, নকারান্ত শব্দ প্রায় অনেকেই স্ত্রীলিঙ্গ। যথা, দুকান, কমান্‌, জ়বান, জান, চপ্‌কন্‌ ইত্যাদি।

দাঁত, ভাত, হাত, ওয়াক্‌ত, খেত, গীত, গোশ্‌ত, পোস্ত, দোস্ত, তখ্‌ত বখ্‌ত, জ়ব্‌ত, জ়র্‌বফ়্‌ত, দরখ্‌ত, দস্ত, বন্দবস্ত,:

(১) পুম্‌বাচক ঈকারান্ত শব্দ যথা। ক়াজী ক়ারী, হাথী, সাথী, খ়স্‌সী, ধোবী, মালী, তেলী, হাড়ী, বাওরচী, মশলচী ইত্যাদি।

বিত, শর্বত, সূত, সুবুত, এই সকল শব্দ ভিন্ন, প্রায়ই তকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ! যথা, ফ্রসত, হুরমত, হজামত ইত্যাদি।

শিক্ষার সুগম জন্য সংজ্ঞাবাচক ও ক্রিয়াবাচক কতকগুলি স্বাভাবিক স্ত্রীলিঙ্গ শব্দ অর্থ সহ নিম্নে লিখিত হইল।

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
আওয়াজ,	শব্দ	আহ,	আক্ষেপ
আকল,	বুদ্ধি	আহট,	পায়ের শব্দ
আক্রোবা	বন্ধুবান্ধব	আঁধি	ঝড়
আঁখ,	চক্ষু	আয়েশ	আমোদ আহ্লাদ
আখ্জ,	বিরোধ, শত্রুতা	আশ্না	বন্ধু, প্রেমিক
আগ,	অগ্নি	ইয়াদ,	স্মরণ
আজ্মায়েশ,	পরীক্ষাকরণ	ইশ্রত	আমোদজনক
আজিজী	নম্রতা, নিরুপায়		কথাবার্ত্তা
আজার,	কষ্ট, পীড়া	ইবাদত্	পূজা
আতা,	দান	ইজ্জত,	সম্মান
আদ্রক,	আদা	ইজলাস	বৈঠক
আদা,	সমাপণ, পরিশোধ	ইজার,	ইজের
আপস,	সন্ধি, ঐক্য	ইজাজত,	অনুজ্ঞা
আফত,	বিপদ	ইত্তিলা,	জ্ঞাপন
আফওয়া,	জনরব	ইনায়ত্	অনুগ্রহ
আফ্ইউন,	আফীং	ইমারত্,	অট্টালিকা
আব্রু,	সম্ভ্রম	ইলতিমাস,	আবেদন
আব ও হাওয়া	জলবায়ু	ইলাজ,	ঔষধ
আরজ,	নিবেদন, আড়্	ইব্তিদা	আদি
আর্জু	বাঞ্ছা	ইহতিয়াজ,	প্রয়োজন
আরজি	দরখাস্ত	ইহাতা,	বেষ্টন, ঘের
আরসা	সময়	ইন্তিহা	শেষ
আস্তীন,	জামার হাতা	ইখ, উখ,	ইক্ষু

শব্দ	অর্থ
ওজ.া	অবস্থা, প্রকার, প্রণালী
ওজহ,	হেতুবাদ
ওফ.া,	কৃতজ্ঞতা, বিশ্বস্ততা
উমর,	বয়ঃক্রম,
উম্মত,	জাতি, ধর্ম্ম,
উম্মেদ	আশ্বাস,
ওস,	শিশির, হিম
ওয়াকফ.	দান
ক.ওস	ধনুক
ক.ওম,	জাতি
কজ়া,	ঐশিক ইচ্ছা, মৃত্যু
ক.তার,	শ্রেণি
ক.দর,	সম্মান, পরিমাণ
ক.বর,	সমাধিস্থান
ক.বা,	বুককাটা চাপকান
ক.বাহত	নীচতা, শঠতা
ক.মর	কটিদেশ
ক.সম,	শপথ
ক্যয়,	বমন
ক্যয়েদ,	কারাবদ্ধ
কিশ.তী	নৌকা
কীমত	মূল্য
কিচর	কর্দ্দম
কিতাব,	পুস্তক
কি.য়ামত	অত্যাচার
কিশমিশ,	দ্রাক্ষা
কি.সম,	প্রকার

শব্দ	অর্থ
কি.স্.মত,	অদৃষ্ট, বিভাগ
কোঠরী	ক্ষুদ্র গৃহ
কু.দরত,	শক্তি, ক্ষমতা
কু.ওত	ক্ষমতা
কোশিশ,	চেষ্টা
কিল.লী	চাবী, দ্বারের খিল
কিয়ৃওয়ান্	তরবারী
কিসানী, কিশ.তকারী	চাষ
খ.তা,	দোষ, অপরাধ
খ.বর,	সংবাদ
খ.রীদ,	ক্রয়
খ.স,	বেনার মূল
খা.ক,	মৃত্তিকা, ধূলা
খা.তির,	অনুগ্রহ, অন্তঃকরণ, অনুরোধ, স্নেহ
খা.হিশ	ইচ্ছা,
খিল.লী	কৌতুক, তামাশা
খ.ফগী	রাগ
খ.য়ের, খ.য়েরিয়ত	মঙ্গল, কুশল
খা.স্.সিয়ত	গুণ
খি.জ়া	বসন্তের বিপরীত কাল, বৃদ্ধ বয়স
খি.দমত,	সেবা
খিলাই পিলাই	লালন পালন
খো, খু.	চরিত্র
খ.শামদ	তোষামোদ

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
খ্‌ুরমী	সন্তোষ	চ্যপরাস,	তগ্‌মা
গ্‌ওর,	প্রণিধান	চমক,	উজ্জ্বলতা
গগরী, গগর, গাগরা গাগরিয়া	কলস	চশম,	চক্ষু
		চাদর, চদ্দর,	চাদর, উড়ানি
গপ, গপ শপ	গল্প	চাল,	রীতি, ধারা
গ্‌ফ্‌লত,	অসাবধান	চাস,	কৃষিকার্য্য
গৰ্দ্দন,	গলদেশ	চুগলী,	গ্লানি
গরদিশ,	পরিভ্রমণ,দুর্ভাগ্য, গতি	চিজ্‌, চিজ্‌ বস্ত,	জিনিসপত্র
		চিড়িয়া,	পক্ষী
গশ্‌শী	সন্তোষ * সুখ	চেচক,	বসন্তরোগ
গাঁড়	গুহ্যদেশ	চোট্‌,	আঘাত
গুঞ্জায়িশ,	স্থান,নৈপুণ্য,লাভ	চোঁচ,	চঞ্চু
গুড়িয়া	পুতুল		
গিরাহ,	গ্রন্থি, গাঁট	ছত,	ছাদ
গুজরান,	নির্ব্বাহ	ছাতা,	ছাতি
গুজারিশ,	নিবেদন	ছাঁট,	ছাটা, বাদদেওয়া
গোলী	বটীকা	ছিপ,	মৎস্য ধরিবার দণ্ড
গুফ্‌তগূ	কথাবার্ত্তা	ছ্ঁীক,	হাঁচী
গিরোহ,	দল, ঝাঁক	জওহর, জওয়াহির	রত্ন
গুহ, গূ,	বিষ্ঠা	জ্যড়,	মূল
ঘড়িয়া	ধাতু দ্রব করিবার ছোট মাটীর পাত্র	জনাব,	হুজুর,সম্ভ্রান্ত উচ্চ ব্যক্তি
ঘাস	তৃণ	জ্‌বান,	জিহ্বা, ভাষা
চওথ, চওথাই,	একচতুর্থাংশ	জমা,	আয়, একত্রিত
চওঁক,	চম্‌কে উঠা	জ্‌মীন	ভূমি
চক্‌মাক,	চকমকীর পাথর	জ্‌রূরত,	আবশ্যক
চ্যপকন,	চাপকান	জল্‌দী	শীঘ্র

* সংস্কৃতভাষায় যে সকল শব্দ স্ত্রীলিঙ্গ, উদূ´তেও প্রায় সেই সমস্ত স্ত্রীলিঙ্গ।

শব্দ	অর্থ
জনাই, দাই,	ধাত্রী
জান,	প্রাণ
জানিব,	পক্ষ, দিক
জাফরান	কুঙ্কুম,
জাএদাদ্,	বিষয়, সম্পত্তি
জনজীর,	শৃঙ্খল
জগা,	স্থান
জিদ,	একান্তকরণেচ্ছা
জেব,	জামার পকেট
জুন্নার,	যজ্ঞসূত্র, পৈতা
জুলফ,	জুলপী
জুস্তজু,	অনুসন্ধান, চেষ্টা
জুলাহা,	তন্তুবায়

শব্দ	অর্থ
ঝালর,	ঝালর
ঝাড়ন,	ঝাড়ন
ঝীল,	জলাশয়, দীর্ঘিকা
ঝোঁপরি,	পর্ণকুটীর

শব্দ	অর্থ
টপ,	ঘোড়ার পদের শব্দ
টুট্,	ভগ্ন
টঙ্গরী,	পা
ঠোকর,	ঠোকর লাগা
ঠাকুরায়িন্,	দেবী
ডর,	ভয়, শঙ্কা
ডকার,	উদ্গার
ডিব্বা,	ডিবে, বামহস্ত

শব্দ	অর্থ
ঢীল,	শৈথিল্য
ঢোলক,	ঢোল

শব্দ	অর্থ
তওকক্,	প্রত্যাশা
তকদীর,	বিবেচনা, আজ্ঞা, ঐশ্বরিক আদেশ
তকরার,	বাদানুবাদ
তক্রীর,	বাক্শক্তি
তক্লীফ,	কষ্ট, ক্লেশ
তক্সীম,	বিভাগ, বণ্টন
তক্সীর,	দোষ, অপরাধ
তগীর,	কর্ম্মচ্যুত
তজ্বীজ,	বিচার
তদ্বীর,	যত্ন, চেষ্টা
তন্খাহ	বেতন
তপ,	জ্বর
তপিশ,	তাপ,
তফ্রীক,	বিভিন্নতা
তমসিল,	সাদৃশ্য
তমন্না,	ইচ্ছা
তমা,	লোভ
তম্বীহ,	তাড়না
তবদীল,	পরিবর্ত্ত
তল্ওয়ার,	তরবারী
তরতীব,	শৃঙ্খলাক্রম
তরদীদ,	প্রতিবাদ
তরফ	সীমা, পক্ষ, দিক
তরিক	প্রথা, গতি, পথ,

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
তরদ্দুদ,	চেষ্টা	দওয়া, দওয়াই,	ঔষধ
তরাজু,	ওজন, নিক্তি	দওলত,	ধন
তলব,	আহ্বান, বেতন	দরখাস্ত,	আবেদনপত্র
তলাক্	ত্যাগ	দরগাহ,	মহৎসমীপ, সাধু-পুরুষের সমাধি স্থান, রাজ-কাছারী
তলাশ,	অনুসন্ধান		
তসদিয়া,	ক্লেশ, কষ্ট		
তহকীক্,	তদন্ত	দর্দ,	বেদনা, সহানুভূতি
তহরীর,	লিপিশক্তি	দলীল,	প্রমাণপত্র
তহবীল,	নগদ টাকা, গচ্ছিত ধন,	দস্তক,	কবাটে আঘাত, গ্রেফ্তারী পর-ওয়ানা
তসবীর,	ছবি, প্রতিমূর্ত্তি		
তহসীল,	আদায় করণ	দস্তাবেজ,	দলীল, হস্তান্তর পত্র
তাকত,	বল, ক্ষমতা,	দগা,	প্রবঞ্চনা, তঞ্চকতা
তাকীদ,	ত্বরা, উত্তেজনা,	দাদ্,	বিচার, প্রতিফল, আদান
তাজীম,	সাদর, সম্ভাষণ		
তাতীল,	ছুটী, বন্ধ	দানস্ত,	জ্ঞাতসার
তায়দাদ,	সংখ্যা, গণনা	দাবী,	দাওয়া
তায়ীদ,	সাহায্য	দাস্তান,	কাহিনী
তারীখ্,	তারিখ	দিমক,	উইপোকা
তারীফ্ } তওসীফ }	সুখ্যাতি	দুনিয়া	পৃথিবী
		দুশমনী,	শত্রুতা
তালীম,	শিক্ষা, আদর্শ	দূর,	দূর, অনিকট
তাসীর,	চিহ্ন, গুণ দর্শন	দুয়া,	প্রার্থনা, আশীর্ব্বাদ
তিজারত,	ব্যবসা, টাকা কর্জ্জদেওন	দীওয়ার,	দেওয়াল
		দের, দেরী,	বিলম্ব
তোপ,	কামান	দস্তার,	পাগ্ড়ী
		দুকান,	বিপণি
		দুচার,	সাক্ষাৎ

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
দুম,	লাঙ্গুল	নসীহত,	অনুযোগ
দোস্তী,	বন্ধুত্ব	নমাজ,	মুশলমানের ভজনা
দিয়ানতদারী, দিয়ানত্,	সততা	নেকী,	সততা
ধূপ,	রৌদ্র	নিশাদী,	সন্ধ্যা, গোধুলি
ধুম,	সমারোহ	পনাহ,	আশ্রয়
দূর,	দূর	পরওয়া,	শঙ্কা
ধূল	ধূলা	পরওরিশ,	পালন
নওবৎ,	সময়, নহবতের বাদ্য	পড়োসীন্,	প্রতিবাসিনী
নওয়াজিশ,	অনুগ্রহ	পরদাখ্ত	নির্ব্বাহ
নকল,	অনুলিপি	পশম,	লোম
নফা	লাভ	পসন্দ,	মনোনীত
নজর,	দৃষ্টি, প্রণামী, উপহার	পখাওজ,	বাদ্যযন্ত্রবিশেষ
নজম,	পদ্য, শৃঙ্খলা	প্যয়দায়েশ,	জন্মগ্রহণ
নজীর,	দৃষ্টান্ত, সাদৃশ্য	প্যয়মায়েশ,	মাপ
নদীয়া,	নদী	পরছাযাঁ,	ছায়া
নব্জ,	হস্তের শির, নাড়ী, ধমনী,	পীঠ,	পৃষ্ঠদেশ
নমুদ,	উপক্রম, প্রকাশ	পূজা,	আরাধনা
নশ্তর,	বেল্কার, অস্ত্র	পিয়াজ,	পলাণ্ডু
নসল,	সন্তান সন্ততি, বংশ, জাতি	পেড়ি,	গাছের গুড়ি
		পিয়ার	প্রিয়
নাও,	নৌকা	পিয়াস,	পিপাসা
নান,	রুটী	পেশওয়াজ,	পরিচ্ছদ বিশেষ
নালিশ	আদ্দাশ, অভিযোগ	পোশাক,	পরিচ্ছদ
নাস,	নস্য	পুছ, পুঁছ,	শিখি
নীদ,	নিদ্রা	ফওজ,	সৈন্য
নিগাহ,	দৃষ্টি	ফজর,	প্রত্যুষ
নিগাহবানী,	চৌকী দেওন	ফতেহ,	জয়
নবিশ্তোখাঁদ,	লিখিত পঠিত	ফরশী,	ফরশী হুঁকা

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
ফ.র্দ,	ফর্দ্দ	বোল-চাল,	বাক্যপ্রণালী
ফ.রমায়েশ,	বস্তুর জন্য আদেশ	বোসীদগী,	পচানি, গলিতত্ব
ফ.রাগত,	অবসর, সচ্ছন্দ	ভড়ক,	চিত্তোচ্চাটন, জাঁকজমক
ফ.রি, ফ.রিয়াদ,	আহ্লাদ	ভীখ	ভিক্ষা
ফ.ানুস,	লণ্ঠন	ভীড়,	জনতা
ফে.কর,	চিন্তা	ভূখ,	ক্ষুধা
ফ.ুরসত,	অবকাশ	ভুল,	ভ্রম
বগল,	বগোল পার্শ্ব	মওজ,	তরঙ্গ
বন্দুক,	বন্দুক	মওতাদ,	নিয়ম, পরিমাণ
বরদাশ.ত,	সহ্য করণ	মজ.লিস,	সভা
বরসাত, বরখা	বর্ষাকাল	মজাল,	ক্ষমতা
বরকত,	প্রসাদ, আশীর্ব্বাদ	মদদ,	সাহায্য
বাগ, বাগডোর,	লাগাম	মনজ়িল,	স্থান, আড্ডা
		মুলাকাত,	সাক্ষাৎ
ব্যত্তী, বাতী,	সলীতা, বাতী	মলামত,	অনুযোগ
বাত,	কথা	মলাহত,	সৌন্দর্য্য
বাত চীত,	কথাবার্ত্তা	মশক.কত	পরিশ্রম
বানাত,	বনাত	মশাল,	মশাল
বানু	সম্মানার্হা রমণী		
ব্যয়,	বিক্রয়	মস্জিদ,	মুশলমানদিগের ভজনাস্থান
ব্যয়েত,	কবিতা, পদ্য		
বারিশ,	বরিষণ, বৃষ্টি	মস্নদ	সিংহাসন
বহার,	বসন্তকাল, শোভা	মুসীয়ত,	কষ্ট
বালু,	বালুকা, বালী	মযায়িব,	আবশ্যকীয় বস্তু, অভাব, ইচ্ছা
বু,	গন্ধ		
বুনিয়াদ,	আদি, মূল	মেহরাব,	গোল খোলা-দালান
বুরাই,	ক্ষতি	মুসতুরা,	সাধ্বী রমণী
বৈঠক,	আসন	মহব্বত,	বন্ধুতা

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
মুশাবহত,	উপমা, সাদৃশ্য	রাখ,	ভস্ম
মাজুন,	মোদক ঔষধ	রাত,	রাত্রি
ম্যয়,	মদ্য	রাহ,	পথ
মহীনারী	স্ত্রীলোকের ঋতু	রুই,	তুলা
মার,	আঘাত	রিশ্‌বত্‌	উৎকোচ
মালিকিয়ত	অধিকারী	রিকাব	রিকাব জীনের রেকাব, সঙ্গ. রেকাবী
ময়াশ,	বৃত্তি, জীবিকা		
মিজান,	নিক্তি, দাড়ী	রুখসত	বিদায়
মুট্‌ঠী,	মুষ্টি	রোটী,	রুটী, পিষ্টক
মিক্‌রাজ,	কাঁচী	লহর,	ঢেউ, তরঙ্গ
মিট্‌ঠী,	চুম্বন	লালচ,	লোভ লালসা
মেখ্‌,	পেরেক, কীলক	লাশ, লাশা,	মৃতদেহ, শব
মিজ্‌রাব,	সিতারআদি বাজাইবার যন্ত্র	লিয়াকত,	যোগ্যতা
		লকড়ী,	কাষ্ঠ, যষ্টি
মিলকিয়ত,	সম্পত্তি, স্বত্ব	লিহাফ,	লেপ
মুশ্‌ক,	মৃগনাভি, কস্তুরী	শকর,	চিনি
মিসল,	দৃষ্টান্ত, সদৃশ, মিছীল	শুকল,	অবয়ব, সাদৃশ্য
মুরাদ,	উদ্দেশ্য, ইচ্ছা	শফা,	আরোগ্য
মোরচ,	গোলমরীচ	শব,	রাত্রি
রফ্‌তার	গতি, চলন	শব্‌নম,	শিশির,
রওনক,	শোভা	শমা,	মোমবাতি
রদ্দবদল,	পরিবর্ত্তন	শরত,	নিয়ম
রবিশ, }	ধারা, প্রকার	শরম,	লজ্জা
		শরাব,	মদ্য
রুস্থম, }		শরারত্‌	ক্রূড়তা
রসীদ,	প্রাপ্তিপত্র	শান,	জাঁকজমক, দেহমর্য্যাদা
রহমত,-রহম,	অনুগ্রহ, দয়া	শাদি	বিবাহ
রহায়ী,	মুক্তি	শাম,	সায়ংকাল

শব্দ	অর্থ
শুর,	বস্তু
শাল, দোশালা	শাল.
শিকায়ত,	নিন্দা

শব্দ	অর্থ
সওগন্দ,	দিব্য, শপথ
সফ্রা,	পিত্ত
সাজা,	দণ্ড
সওয়াব	সওয়াব
সমঝ,	বিবেচনা
সরকার,	সংসার, প্রভু
সরসোঁ,	সর্ষপ
সরহদ্দ	সীমা
সবর,	ধৈর্য্য
সবীল,	সুযোগ
সিহহত্	আরোগ্য, সংশোধন
সাথ	শাখা
সাজিশ	ষড়যন্ত্র
সাঁস,	দীর্ঘ নিশ্বাস
সীখ,	সীক, লৌহশলাকা
সন্দুক,	সিন্দুক
সিপাহ,	সৈন্য
সয়ী,	চেষ্টা, যত্ন,
সেক	উত্তাপ
সলাহ,	যুক্তি, মন্ত্রণা
সোজন, সূই,	সূচী, সূচ
সুপুর্দ,	সমর্পণ

শব্দ	অর্থ
সিফারিশ	অনুরোধ
সুলহ,	সন্ধি
সুবহ,	প্রাতঃকাল
সোসন,	পদ্মফুল
সুহবত,	সংসর্গ

শব্দ	অর্থ
হদ্দ,	সীমা, বাধা
হাজত,	প্রয়োজন, কারাগার
হজামত,	ক্ষুরিকর্ম্ম, ক্ষৌর
হমল	গর্ভ, বোঝাই
হাওয়া,	বাতাস, বায়ু
হালত,	অবস্থা
হলাকত, হলাকী	মৃত্যু
হায়া,	লজ্জা
হুজ্জত,	বিতণ্ডা, বাদানুবাদ
হুরমত,	সম্মান
হিকারত,	ঘৃণা, তাচ্ছল্য
হোশ,	চৈতন্য
হাওইয়া,	মৃত বৎসা স্ত্রী, নরক
হিরফা,	ধূর্ত্ততা

আকরোবা, আদমী, আসামী, খরীদার, ফরজন্দ, মসাহিব, মেহমান এইরূপ কতকগুলি শব্দ উভয় লিঙ্গে ব্যবহৃত হয়।

স্ত্রীলিঙ্গ শব্দ প্রয়োগকালে তদন্বিত ক্রিয়াদিও স্ত্রীলিঙ্গরূপে ব্যবহৃত হইয়া থাকে, অর্থাৎ কর্ত্তৃপদ স্ত্রীলিঙ্গ হইলে, তাহার ক্রিয়াও স্ত্রীলিঙ্গ হইবে, এবং বিশেষ্য পদ স্ত্রীলিঙ্গ হইলে তাহার বিশেষণ পদও স্ত্রীলিঙ্গ হইবে। যথা, সারী রাত আদনী বাত মে গুজরী। আচ্ছী হাওয়া বহতী হ্যায়। নান্নী বীবী বড়ী লিখনেও-য়ালী থী। তুঝকো শরম ন্য আয়ী। অপরঞ্চ, আখর হুয়ী বগার ও খিজাঁ জা-বজা ফিরী। অব চ্যলিয়ে ইস চমন্‌সে এহাঁকী হাওয়া ফিরী।

যে স্থলে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়বিধ কর্ত্তৃপদ থাকে, তথায় পুংলিঙ্গের বহুবচনের ক্রিয়াপদ হইবে। যথা, দোনো মা বেটে সো রহে। মর্দ আওরত দোনো বাহম খুব নাচে। উসকী বাবী আওর আকরোবা উসকী মুলাকাত কো দওড়ে।

পরবর্ত্তী বিশেষ্য পদের লিঙ্গানুসারে পূর্ব্ববর্ত্তী সম্বন্ধ পদে বিভক্তি যুক্ত হইবে। যথা, রামকী মা, এ স্থলে পরবর্ত্তী মা-শব্দ স্ত্রীলিঙ্গ বিধায় পূর্ব্ববর্ত্তী পুংলিঙ্গ রাম শব্দের উত্তর পুংলিঙ্গের বিভক্তি (কা) যুক্ত না হইয়া (কী) এই স্ত্রীলিঙ্গের বিভক্তি যুক্ত হইল। এই প্রকার হরদাসকী বীবী, মেরী জোরু। ইয়েঃ বাত বড়ী তাজ্জুবকী হ্যায়। পরবর্ত্তি-পুংলিঙ্গে যথা, সোণারনীকা বেটা বড়া মস্‌খরা হ্যায়।

পরবর্ত্তী বিশেষ্যদ্বয় উভয় লিঙ্গের হইলে ও তাহার মধ্যে ও, আওর, এই অব্যয় না থাকিলে পুম্বৎ সম্বন্ধ বিভক্তি হইবে। যথা, আপ্নে জোরুল্যাডকোঁকো ইয়াদ করকে রোয়া। ঐ অব্যয় থাকিলে যথা, আপ্নী বীবী আওর বচ্চোঁকো রুখসত ক্যর আও।

কর্ম্মপদ স্ত্রীলিঙ্গ হইলে ও তাহাতে কর্ম্মের বিভক্তি

যুক্ত না থাকিলে, নে-বিভক্তি-যুক্ত (১) কর্ত্তৃপদের সকর্ম্মক ক্রিয়ার রূপও স্ত্রীলিঙ্গ হইবে। অর্থাৎ ঐ ক্রিয়াপদ কর্ত্তার অনুগ না হইয়া কর্ম্মপদের অনুগ হইবে; তাহাতে কর্ম্ম-পদের যে লিঙ্গ ও যে বচন, ক্রিয়াপদও সেই লিঙ্গ ও সেই বচনের হইবে। যথা, রামনে রুখ্‌সত মাঙ্গী। রামনে য়্যায়সীহি খিদমত কীয়ী। বাবুনে মছলী প্যাকড়ী থী। রাজানে সও আশ্‌রফীয়াঁ দিয়ীথীঁ। সাহিবনে ইস কামকী তদ্‌বীর কিয়া সোচী। অপরঞ্চ, বহনা কুছ আপ্নী আঁখকো দস্তুর হো গ্যায়া। দীথী খোদানে আঁখ, সো নাসূর হো গ্যায়া। রুখ্‌সত, খিদমত, মছলী, আশ্‌রফীয়াঁ, তদ্‌বীর, ও আঁখ, এই কয়েকটী কর্ম্মপদ স্ত্রীলিঙ্গ বিধায় বাক্যস্থ ক্রিয়াপদও তদনুসারে স্ত্রীলিঙ্গের হইল। কর্ম্মপদ পুংলিঙ্গে যথা, আও-রত্‌নে ইয়েঃ হাল জাহির কিয়া। লঁউড়ীনে প্যায়সা দিয়া। কিন্তু যদি কর্ম্মপদ বিভক্তি-যুক্ত হয়, কিংবা কর্ম্মপদ লুপ্ত থাকে, তবে কর্ত্তৃপদ যে লিঙ্গের ও যে বচনের হউক, তাহার ক্রিয়াপদ সর্ব্বত্র পুংলিঙ্গের একবচনবৎ হইবে। যথা,— রাজানে উস বাতকো ইয়াদ কিয়া। উনকী মানে মানা, আওর ক্যাহা। দাদীনে মেরী জোরুকো মারা। আওরতোঁনে সমঝা।

শিক্ষকগণের কর্ত্তব্য যে ক্রিয়াদি পাঠের পর সর্ব্বশেষে বালকগণকে স্ত্রীলিঙ্গ-প্রয়োগ উপদেশ দেন।

(১) নে-বিভক্তি-যুক্ত কর্ত্তা পদ কোন স্থানে অপ্রকাশ থাকিলে কি উহ্য করিয়া আনিতে হইলেও বাক্যস্থ কর্ম্মের লিঙ্গবচনানুসারে পৃথক পৃথক ক্রিয়া হইবেক। যথা, বিবিনে আপ্না ক.রজ. আদা কিয়া। আওর সব হিসাবেঁ দুরস্ত কিয়ে। আওর বহুৎসা মাল খ.য়রাৎ কিয়া। আওর বাবালগ বচ্চোঁকে লিয়ে আমীন ও মহাফি.জ. মুকররর কিয়ে। বহুনোকোভি বহুৎসী দওলত দি। দোস্তোঁকো তোহফে. দিয়ে।

বচন।

উর্দূ ভাষায় য়োঁ, এ, এঁ, য়াঁ, আত, জাত, হা, এই সকল বহুত্ব-সূচক শব্দ একবচনের উত্তর যুক্ত হইয়া বহুবচন হয়। আত, জাত, হা, কেবল নির্জীবে কোন কোন শব্দে ব্যবহৃত হয়, সবিশেষ নিম্নে লিখিত হইতেছে।

কারকের বিভক্তি অর্থাৎ নে, কো, কেতেঁই, সে, কা, কে, কী, মে, পর, এই সকল বিভক্তি-যুক্ত পদে সাধারণতঃ একবচনের উত্তর য়োঁ-যোগে বহুবচন হইয়া থাকে (১), আকারান্ত একবচন হইলে আকার-লোপে য়োঁ যুক্ত হয়। যথা, বাচ্চা বাচ্চোঁনে, বিল্লি-বিল্লিয়োঁকেতেঁই, কাগজ-কাগজোঁকো, মকান-মকানোঁসে, আদমী-আদমীয়োঁকা, কিতাব-কিতাবোঁমে, ইত্যাদি।

যে স্থলে কর্ত্তা ও কর্ম্মপদে কারকের বিভক্তি যোগ না হয়, সে স্থলে হসন্ত একবচনান্ত হইলে এঁ, (২) আকারান্ত একবচন হইলে আকারলোপে এ, (২) অন্যত্র য়াঁ,-যোগে বহুবচন হইয়া থাকে। হসন্তে যথা, আওরৎ-আওরতেঁ, বাত-বাতেঁ, কিতাব-কিতাবেঁ আঁখ আঁখেঁ, ওয়ালিদ-ওয়ালিদেঁ। আকারান্তে যথা ল্যাড়কা-ল্যাড়কে, ঘোড়া-ঘোড়ে, লাংড়া-লাংড়ে, বাচ্চা-বাচ্চে, রুপয়া-রুপয়ে। আকা-

হরিয়েক, হরেক	প্রত্যেক	পাস জানা, আওর হরিয়েক সাহিবজাদোঁকে সাত হরওয়াক্‌ত উদূর্‌মুহাবরা
হরগেজ	কদাচ	ক্যারনা, হরগেজ দুসরা জগা নহি জাওগে,
হামেশ, হামেশা	সর্ব্বদা	হামেশ লিখনে পঢ়নেমে মশগুল র‍্যাহোগে।

প্রতিবচন ও বিস্ময়াদিসূচক (১) অব্যয়।

অব্যয়	অর্থ	উদাহরণ
হাঁ	যথার্থ, ঠিক	জী হাঁ, জাতাহোঁ।
বস	যথেষ্ট	বস, আওর ন দিজিয়ে, বসক্যারো।
ওঃ, আঃ, উঃ আখ্‌খা, ইয়াঃ	আহা	আঃ বড়া দেক্‌কিয়া উঃ বড়ী চোট ল্যাগী।
ইয়েঃ	ইহা	ইয়েঃ, ন্যহোগা কেওঁ।
ছি	ছি	ছি, ছুয়ো মত।
হায়	হায়	হায় কিয়া আফসোস।

অব্যয় সকলের মধ্যে অনেক অনেক শব্দের বিশেষ বিশেষ ভাবার্থ স্থলভেদে হইয়া থাকে, তত্তাবৎ উদাহরণাদি দ্বারা দেখাইতে হইলে গ্রন্থবাহুল্য হইয়া যায় বিধায়, লিখিত হইল না।

(১) বিস্ময়াদি-সূচক আরও অব্যয় আছে। যথা শবাশ, ওয়াহওয়াহ, কিয়াবাত, কিয়াখুব, খবরদার, হোশইয়ার, আহা, আহহা, ওহো, ওহোহো ইত্যাদি।

অব্যয় সকলের মধ্যে কতকগুলি প্রায় বাক্য বা পদের পরে কতকগুলি পূর্ব্বে, কতকগুলি মধ্যে, কতকগুলি বিস্ময়াদিসূচকরূপে ব্যবহৃত হয়।

বাক্য বা পদের পরে প্রায় ব্যবহৃত অব্যয় যথা—পর, মানিন্দ, মাফিক, পাস, নজদিক, কনে, সাত, সঙ্গ, হামরাহ, সমেত, শামিল, ওয়াস্তে, লিয়ে, হক, নিসবত, তক, তলক, বদলে, বাবত, বাহর, ভিতর, বীচ, অন্দর, দরমিয়ান সামহ্নে, পিছে, নীচে, তলে, ভী, হি, হি, সা, সী, তো, সহি, ওগয়রা, জরুর, মুজায়কা, মারিফত, ইত্যাদি।

বাক্য বা পদের মধ্যে ব্যবহৃত অব্যয় যথা—মগর, আম্মা, লেকিন, ইল্লা, খুসুস, খুসুসন, বাহম, বিলইত্তেফাক, তও, তওতো, তওভি, ও, ইয়ানে, আওর, আওরভি, ইয়া, ইয়াকে, কে, জো, খাহ, বলকে, ওরনা, নহিতো, আলাওয়া, বহরহাল, ইত্যাদি।

এতদ্ভিন্ন অব্যয় সকল প্রায়ই শব্দ বা পদের পূর্ব্বে ব্যবহৃত হইয়া থাকে।

বিশেষণ।

উর্দূ ভাষায় কতকগুলি প্রত্যয়াত্মক শব্দ যোগে কতকগুলি স্বাভাবিক বিশেষণ শব্দ হইয়া থাকে। তাহা অর্থ সহ পৃথক্ পৃথক্ রূপে লিখিত হইল। ঐ সমস্ত প্রায়ই পারস্য শব্দ, সুতরাং তৎশব্দার্থ সংগ্রহ ব্যতীত শিক্ষার্থিগণের উর্দূ ভাষা শিক্ষার সম্ভব হয় না।

আছে, এই অর্থে দার, মন্দ, চী; সম্বন্ধীয় অর্থে ঈ; বহনার্থে বরদার; রক্ষার্থে বান, ওয়ান; বিশিষ্টার্থে নাক, ওয়ালা, ওয়ার, আ; কারক অর্থে কার, গার, :গ্যর; লেখক অর্থে নবীস; আকর্ষণার্থে গীর, কশ; আকাঙ্ক্ষা অর্থে খ়াহ; ব্যবসায়ী অর্থে পেশা, বাজ়; বিক্রেতা অর্থে ফ়োরোশ; এই সকল প্রত্যয়াত্মক শব্দ বিশেষ্যের উত্তর যুক্ত হইয়া বিশেষণ হয়।

দার-যোগে—যথা।

বিশেষ্য	বিশেষণ	অর্থ	বিশেষ্য	বিশেষণ	অর্থ
জমিন্ (১)	জমিঁদার	”	দ্যান	দ্যানদার	ঋণী
দুকান	দুকানদার	”	মাল	মালদার	ধনী
চওকী	চওকীদার	”	ইমান	ইমান্দার	ধার্ম্মিক
ইজারা	ইজারাদার	”	চোব	চোবদার	ছড়ীধারী
পেশা	পেশাদার	”	মসালা	মসালাদার	মশলাযুক্ত
রঙ্গ	রঙ্গদার	”	মজ়া	মজ়াদার	আস্বাদযুক্ত
			লজ়্জ়ত	লজ়্জ়তদার	আস্বাদযুক্ত

(১) ন, এই অনুনাসিক বর্ণের চিহ্নভূত চন্দ্রবিন্দু, বর্ণের উপর স্থাপিত হয়।

[illegible]শেষ্য	বিশেষণ	অর্থ	বিশেষ্য	বিশেষণ	অর্থ
[illegible]াবে	তাবেদার	অধীন	সরিশ্‌তা	সরিশ্‌তাদার	,,
[illegible]ইস্‌সা	হিস্‌সাদার	,,	তবল	তবলদার,	কুঠারধারী
[illegible]াওয়া	হাওয়াদার	,,	সমঝ	সমঝদার	বুদ্ধিমান
ওফা	ওফাদার	বিশ্বস্ত		ইত্যাদি।	

মন্দযোগে—যথা

[illegible]াকল	আকলমন্দ	বুদ্ধিমান্	দরদ	দরদমন্দ	ব্যথিত
দওলত	দওলতমন্দ	ধনবান্	হোশ	হোশমন্দ	চৈতন্যযুক্ত
দানেশ	দানেশমন্দ	জ্ঞানবান্		ইত্যাদি।	

চীযোগে—যথা

মশল	মশলচী	মশালধারী	হুক্‌কারা	হুক্‌কারচী	নাগারচী।
তবলা	তবলচী	,,	নিশান	নিশানচী	পতাকাধারী
				ইত্যাদি।	

ঈযোগে—যথা।

বিশেষ্য	বিশেষণ	অর্থ	বিশেষ্য	বিশেষণ	অর্থ
সরকার	সরকারী	সরকারসম্বন্ধীয়	দেস	দেসী	দেশীয়
ফরীয়াদ	ফরীয়াদী	বাদী	বেলায়ত	বেলায়তী,	বিলাতী
খুরাক	খুরাকী	খাদ্য, ভোক্তা	নিমক	নিমকী	লবণ সম্বন্ধীয়
রেশম	রেশমী	,,	শশমাহ	শশমাহী	ষান্মাসিক
পশম	পশমী	,,	দুয়াজদা-মাহ	দুয়াজদা-মাহী	বাৎসরিক
সূত	সূতী	,,	কাহ	কাহী	তৃণসম্বন্ধীয়
পোশাক	পোশাকী	,,	মুফস্‌সল	মুফস্‌সলী	,,
দানাপুর	দানাপুরী	,,	হুজুর	হুজুরী	,,
বেনারস	বেনারসী	,,		ইত্যাদি।	
দরীয়া	দরীয়ায়ী	সমুদ্রসম্বন্ধীয়			

বরদার-যোগে—যথা

বিশেষ্য	বিশেষণ	অর্থ	বিশেষ্য	বিশেষণ	অর্থ
হুক্কা	হুক্কাবরদার	,,	সোঁটা	সোঁটাবরদার	,,
আসা	আসাবরদার	,,	খাস	খাসবরদার	,,
ঝাড়ু	ঝাড়ুবরদার	,,	বরছী	বরছীবরদার	,,
ফরমান	ফরমাঁবরদার, আজ্ঞাবহ ইত্যাদি				
নিশান	নিশানবরদার ধ্বজাধারী				

বান, ওয়ান-যোগে—

ফীল	ফীলবান	হস্তিরক্ষক	কুচ	কুচওয়ান	শকটবান
বাগ	বাগবান	উদ্যানরক্ষক	দার	দারওয়ান	দ্বাররক্ষক
শোতর	শোতরবান	উষ্ট্ররক্ষক	গাড়ী	গাড়ীওয়ান	শকটবান্
সায়া	সায়াবান	আতপ-রক্ষক	লাজ	লাজওয়ান	লজ্জাবান

নাক-যোগে—যথা

গম	গমনাক	দুঃখিত	হওল	হওলনাক	ভীত
আন্দেশ	আন্দেশনাক	চিন্তিত	শরম	শরমনাক	লজ্জিত

ওয়ালা-যোগে—যথা

কিতাব	কিতাবওয়ালা	,,	মলাই	মলাইওয়ালা	,,
ক্যাপড়া	ক্যাপড়াওয়ালা	,,	মছলী	মছলীওয়ালা	,,

ওয়ার-যোগে—যথা

উম্মেদ	উম্মেদওয়ার	প্রত্যাশী	কুসুর	কুসুরওয়ার	দোষী
বন্দ	বন্দওয়ার	খণ্ডবিশিষ্ট		ইত্যাদি।	

আ-যোগে—যথা

খরীদ	খরীদা	ক্রীত	ভুখ	ভুখা	ক্ষুধিত
পিয়াস	পিয়াসা	তৃষ্ণান্বিত	রসোই	রসোইয়া	পাচক
শিকস্ত	শিকস্তা	ভগ্ন	গাএ	গায়া	গব্য
ভঁয়েস	ভঁয়েসা	মহিষ	পিয়ার	পিয়ারা	প্রিয়

কার, গার, ও গ্যর যোগে—যথা

বিশেষ্য	বিশেষণ	অর্থ	বিশেষ্য	বিশেষণ	অর্থ
পেশ	পেশকার	,,	রোজ	রোজগার	চাকুরী, কর্ম্ম
গারত	গারতগ্যর	লুণ্ঠনকারী	বদ	বদকার	কুকর্ম্মা
পায়	পায়কার	,,	আহ্‌লে	আহলেকার	কর্ম্মচারী
খিদমত	খিদমতগার	,,	গুনাহ	গুনাহগার	দোষী
পরহেজ	পরহেজগার,	সাবধানী	রিফ্‌	রিফ্‌গ্যর	দরজি
সওদা	সওদাগ্যর	,,	জর	জরগ্যর	স্বর্ণকার
কারী	কারীগ্যর	কারু	বাজী	বাজীগ্যর	বাজীকর
মালা	মালাকার	মাল্যকার	বোজা	বোজাগ্যর	মদ্যকার

নবীস-যোগে--যথা

তুল	তুলনবীস	বাহুল্য লেখক	মুখ্‌তসর	মুখ্‌তসরনবীস,	সংক্ষেপ লেখক
ওয়াকা	ওয়াকানবীস,	সংবাদলেখক	জলদ	জলদনবীস	শীঘ্র-লেখক

খাহ-যোগে—যথা

খ্যয়ের	খ্যয়েরখাহ	হিতাকাঙ্ক্ষী	বদ	বদখাহ	অশুভাকাঙ্ক্ষী
হাওয়া	হাওয়াখাহ	সহবাসাকাঙ্ক্ষী	খাতির	খাতিরখাহ,	অভিমত, সন্তোষ-জনক
দুয়া	দুয়াখাহ	আশীর্ব্বাদাকাঙ্ক্ষী।			

পেশা-যোগে—যথা

কলম	কলমপেশা	,,	নওকরী,	নওকরীপেশা,	চাকরিজীবী
শাগিরদ	শাগিরদপেশা	,,			

বাজ-যোগে—যথা

দম	দমবাজ	,,	দগা	দগাবাজ
ফরেব	ফরেববাজ	,,	লাঠি	লাঠিবাজ
তলওয়ার	তলওয়ারবাজ	,,	দাঙ্গা	দাঙ্গাবাজ
ফিক্‌রা	ফিক্‌রাবাজ	,,	কিমর	কিমরবাজ

ফোরোশ-যোগে—যথা

বিশেষ্য	বিশেষণ	অর্থ	বিশেষ্য	বিশেষণ	অর্থ
সবজী	সবজীফোরোশ	,,	মেওয়া	মেওয়াফোরশ	,,
প্যারচা	প্যারচাফোরোশ,	ক্ষুদ্র কাগজ বিক্রেতা	মাহী	মাহীফোরোশ,	মৎস্য-বিক্রেতা
রওগন	রওগনফোরোশ,	তৈল-বিক্রেতা, কলু	কাশ	কাশফোরোশ.	খুচরা দ্রব্য বিক্রেতা
কিতাব	কিতাব ফোরোশ,	পুস্তক বিক্রেতা	শিরিনী,	শিরিনীফোরশ,	মিষ্টান্ন বিক্রেতা

গীর, কশ-যোগে—যথা

রসন	রসনগীর	রজ্জুআকর্ষক	দিওয়ার	দিওয়ারগীর	দেওয়ালগীরী
জহান	জহাঁগীর	পৃথিবীপতি	দিল	দিলকশ	মনোহর
দিল	দিলগীর	মনোহর	বাদ	বাদকশ	বায়ু আক-র্ষক, পাখা

উৎকৃষ্ট ও বিশিষ্ট অর্থে, শা, বা, জী, আহলে, খুশ, খুব, নেক; নিকৃষ্ট ও নিষেধার্থে, লা, না, বে, বদ, কম, গ্যায়ের, এবং একতা অর্থে হাম, এই সকল প্রত্যয়াত্মক শব্দ বিশেষ্য ও সাধারণ বিশেষণ শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া বিশেষণ হয়।

বিশেষ্যের উত্তর প্রত্যয়াত্মক শব্দযুক্ত বিশেষণ যাহা যাহা লিখিত হইল, ঐরূপ আরও অনেক বিশেষণ আছে, তাহা সচরাচর প্রচলিত নহে। খাঁ, খোর, খাঁর ইত্যাদি প্রত্যয়াত্মক শব্দযোগে অনেক প্রকার বিশেষণ শব্দ সমাসে দৃষ্ট হইবে।

উৎকৃষ্ট ও বিশিষ্টার্থে

বিশেষণ শব্দ	অর্থ	বিশেষণ শব্দ	অর্থ
বা-তওয়ান	সবল, বিষয়াপন্ন	আহলে কার	কর্ম্মচারী
বা-বালিগ়	বয়ঃপ্রাপ্ত	আহলে ইজ্জত	সম্ভ্রমশালী
বা-ওকুফ	সুবোধ	আহলে খানা	গৃহাধ্যক্ষ
বা-জওয়ান	যুব	আহলে-খানদান	সদ্বংশজ
বা-জোর	সবল	আহলে-ফজল	ধার্ম্মিক, জ্ঞানী
বা-হিম্মত	সাহসিক	খুশ-রু, খুশ-চিহরা	সুরূপ
বা-দিন	ধার্ম্মিক	খুশ-নোমা	সুদৃশ্য
বা-ইজ্জত	সম্ভ্রান্ত	খুশ-বু	সুগন্ধ
বা-কার	কার্য্যলিপ্ত	খুশ-মিজাজ	সদন্তঃকরণ
বা-হুরমত	সম্মানশালী	খুবরু, খুব-সুরত	সুশ্রী
জী-হিম্মত	সাহসী	নেক-বখত	সৌভাগ্যশালী
জী-শউর	বুদ্ধিমান্	নেক-নীয়ত	সৎস্বভাবসম্পন্ন, দয়াব
জী-হোশ	সতর্ক	নেক-জাত	সদ্বংশজাত
জী ফহম	সুবোধ	নেক-নাম	সুখ্যাতি
আহলে-কলম	মসীজীবী, কলমপেশা	নেক-মনজর	সুশ্রী
আহলে-মামলা	মোকদ্দমাকারী		
আহলে-দিল	উন্নতমনা, সাহসী		

নিকৃষ্ট ও নিষেধ অর্থে

লা-জওয়াব	নিরুত্তর	লা-মজহব	অধার্ম্মিক
লা-ওয়ারিস	উত্তরাধিকারি-রহিত	লা-পরোয়া	নিঃশঙ্ক
লা-সানী	অদ্বিতীয়	লা-চার	নিরুপায়

বিশেষণ শব্দ	অর্থ
লা-খিরাজ	নিষ্কর
লা-মকান	গৃহশূন্য
লা-সুখন	নিরুত্তর
লা-মওত	অমর

বিশেষণ শব্দ	অর্থ
না-দুরস্ত	বিশৃঙ্খল
না-তমাম	অসমাপ্ত
না-বেকার	অকর্ম্মণ্য
না-বিনা	অন্ধ
না-তওয়ান	দুর্ব্বল, দীন
না-মাকুল	অসৎ
না-দান	অজ্ঞ
না-হক্	অযথা
না-ওয়াকিফ্	অজ্ঞতা
না-জয়েজ	অসিদ্ধ
না-রাজ্	অসম্মত
না-মুনাসিব	অযথা
না-লায়েক্	অযোগ্য
না-পসন্দ	অমনোনীত
না-বালিগ্	অপ্রাপ্ত-বয়স্ক
না-ইয়াতিমাদ	অবিশ্বাস্য
না-গওয়ার,	অসহ্য
না-ইয়াব	দুষ্প্রাপ্য
না-পাক	অশুচি
না-কারা	অকর্ম্মণ্য
না-চার	নিরুপায়

বিশেষণ শব্দ	অর্থ
বে-শুমার	অসংখ্য
বে-আদল	ন্যায় বহির্ভূত
বে-ওজ্‌ন	অপরিমিত
বে-দানা	বীচিহীন

বিশেষণ শব্দ	অর্থ
বে-হদ্দ	অসীম
বে-আন্দাজ	অনিয়মিত
বে-দার	জাগ্রত
বে-হোশ	অসতর্ক
বেহায়া	নির্লজ্জ
বে-শউর	নির্ব্বোধ
বে দিল	ক্রন্দনায়মান
বে-দিন, বে-ঈমান	অধার্ম্মিক
বে-তাব	দুর্ব্বল, নিস্তেজ
বে-কার	নিষ্কর্ম্মা
বে-আদব, বে-তমীজ্	অশিষ্ট
বে-য্যায়েব	নির্দোষ
বে-আকল, বে-ওকুফ	নির্ব্বোধ
বে-গুনাহ	নির্দোষ,
বে-পরোয়া	নিঃশঙ্ক
বে-চয়েন	অস্থির
বে-শক	নিঃসন্দেহ
বে-ধক্কা	নিরাপদ
বে-মওকা	অসম্বন্ধ
বে-বুনীয়াদ	অমূলক

বিশেষণ শব্দ	অর্থ	বিশেষণ শব্দ	অর্থ
বে-পরদা	অনাবৃত্ত	কম-হিম্মত	কাপুরুষ
বে-নসীব	দুর্ভাগ্যবান	কম-রু	কুৎসিত
বদ-লিহাজ্	লজ্জাহীন		
বদ-জ়াত	বিজাত		
বদ-নীয়ত	অসৎস্বভাবসম্পন্ন, ক্রূর	গ্যয়ের-লায়েক	অনুপযুক্ত
বদ-লিবাস	কুবেশী		
বদ-শুকল	কদাকার	গ্যয়ের-হাজ়ির	অনুপস্থিত
বদ-সুমা	কুদৃশ্য		
বদ-বখ্‌ত	দুরদৃষ্টবান	গ্যয়ের-মরম্মত	অকৃতজীর্ণসংস্কার
বদ-দিয়ানত	অসৎ		
বদ-বু	দুর্গন্ধ	গ্যয়ের-আবাদ	অনধিবাসিত, অকৃষ্ট (ভূমি)
বদ-নামী	অখ্যাতি		
বদ-হাল	দুরবস্থাপন্ন	গ্যয়ের তজবিজ	অমিমাংসিত
বদ-ফিয়াল	কুকর্ম	গ্যয়ের-উস্থল	অনাদায়ী
কম জুরত	সাহসহীন	গ্যয়ের ইখ্‌তিয়ারী	আপন ক্ষমতা বহিভূত
কম-বখ্‌ত	দুরদৃষ্টবান		
কম-জোর	দুর্বল		
কম-জ়াত	ইতর, অন্ত্যজ	গ্যয়ের-সরাসরী	সরাসরী বিচারের অযোগ্য
কম-ইয়াব	দুষ্প্রাপ্য		
কম-সিন, কম-সাল	অল্পবয়স্ক	গ্যয়ের-তহকিক	অনিশ্চিত
		গ্যয়ের-র‍্যয়েজ	অপ্রচলিত

একতা অর্থে হাম-যোগে—যথা

বিশেষণ শব্দ	অর্থ	বিশেষণ শব্দ	অর্থ
হাম-জ়াদ	সহজাত	হাম-সায়া	প্রতিবাসী
হাম-জ়বান	একবাক্য	হাম-সফের	সহভ্রমণকারী
হাম-সবক	সহাধ্যায়ী	হাম-ওজন	সমপরিমিত
হাম-বরাবর	সমতুল্য	হাম-বিস্‌তর	একাসনস্থিত, সমশয্যাশায়ী
হাম-দরদি	সহানুভূতি		
হাম-নাম	সমনাম	হাম-উমর	সমবয়স্ক

মহৎ, এই অর্থে আলী, এই প্রত্যয়াত্মক শব্দ কখন বিশেষ্যের পূর্ব্বে, কখন বা পরে ব্যবহৃত হইয়া বিশেষণের অর্থ করে। পূর্ব্বে যথা; আলী-হিম্মত, আলী-দিমাগ, আলী-শান, আলীখানদান, ইত্যাদি। পরে যথা; হুজুরালী, জনাবালী, ইত্যাদি।

ত্যর ত্যরীন (:) এই দুই প্রত্যয়াত্মক শব্দ বিশেষণের উত্তর স্থলবিশেষে ব্যবহৃত হইয়া তর ও তমের অর্থ প্রকাশ করে। যথা; কম, কমত্যর, কমত্যরীন। বদ, বদত্যর, বদত্যরীন। বেহ, বেহত্যর, বেহত্যরীন। খূব, খূবত্যর, খূবত্যরীন, ইত্যাদি।

এতদ্ভিন্ন কতকগুলি সাধারণ ও পরস্পর বিপরীত বিশেষণ শব্দ শ্রেণীবদ্ধক্রমে অর্থসহ লিখিত হইল।

বিশেষণ শব্দ	অর্থ	বিশেষণ শব্দ	অর্থ
আজব	আশ্চর্য্যজনক	ওয়াকিফ	জ্ঞাতা
আজিজ	অবসন্ন	ওয়ারিস	উত্তরাধিকারী
আদনা	সামান্য	উস্তাদ	শিক্ষক
আধা আদ্ধা	অর্দ্ধেক	কড়ুয়া	কটু
আনধা	অন্ধ	কানা	একচক্ষুহীন
আলা	অতি গৌরবান্বিত	কবিহ	নীচ, কুৎসিত
আহমক	নির্ব্বোধ, মূর্খ	কমিনা	হেয়
আসীর	বলী	কামিল	সম্পূর্ণ
আশিক	প্রণয়ী	কাবু	কাতর
ইনকার	অস্বীকার	কাবিল	পারক, চতুর
ইয়ার	বন্ধু	কালা	কৃষ্ণবর্ণ

(:) ত্যর ও ত্যরীন সচরাচর পারস্যভাষায় ব্যবহৃত হয়, উর্দূতে ত্যর স্থলে বহুত, ত্যরীন স্থলে বহুত হি, এইমত ব্যবহার হইয়া থাকে; যথা কম, বহুতকম, বহুতহিকম। বদ, বহুতবদ, বহুতহিবদ ইত্যাদি। বহুত শব্দের পরিবর্ত্তে মহজ, য়্যান এই শব্দদ্বয় এবং সংস্কৃত শব্দ স্থলে মহা অতি এই শব্দও প্রয়োগ হয়; যথা খ়রাব, মহজখ়রাব, য়্যান্ খ়রাব। যথা, ভদ্র, মহাভদ্র অতি ভদ্র ইত্যাদি।

বিশেষণ শব্দ	অর্থ
কিরাম	নম্র, ভদ্র
কুবড়া	কুব্জ
খ়সীস	অসৎ, ইতর
খাট্টা	অম্ল, টক্
খ়ফা	কুপিত, অসন্তুষ্ট
খ়তরনাক	ভয়ানক
খ়লাস	মুক্ত
খ়ফ়কনী	হৃদরোগাক্রান্ত
গওয়াহ	সাক্ষী
গজ়ব	অসন্তুষ্ট
গুজ়রা	গত
গূঁগা, ক্যালা	বোবা
গ়াফ়িল	অনাবিষ্ট, অসতর্ক
গ্যয়েব	অস্পষ্ট
গড়রিয়া	মেষপালক, রাখাল
গ়্যরক়	বিনষ্ট
গুসতাখ়	ধৃষ্ট, অসভ্য
গুম	অপহৃত
চরন্দ	ভূচর
চঁগা	সুস্থ, আরোগ্য
চারপায়া	চতুষ্পদ
চলাক	চতুর
চোট্টা	চোর, দস্যু
চুগ়ল খোর	নিন্দুক, গ্লানিগায়ক
ছোটা	কনিষ্ঠ ছোট
জরদ	পীতবর্ণ
জ়ালিম	দুর্বৃত্ত

বিশেষণ শব্দ	অর্থ
জায়েজ়	বিধেয়
জাহিল	মূর্খ
জ়িনদা	জীবিত
জী	অন্তঃকরণ, মহাশয়
জেরবার	বিব্রত
জুদা	পৃথক্
জানমুরাদ	স্বৈর
জোরাওর	বলিষ্ঠ
ঝুঠা	মিথ্যা, পাত্রাবশিষ্ট
ঠেঠ	বিশুদ্ধ, অমিশ্রিত
তবাহ	উচ্ছিন্ন
তইয়ার	প্রস্তুত
তবীব	চিকিৎসক
দরপেশ	উপস্থিত
দাখ়ল, দাখ়িলী	ভুক্ত, অন্তর্গত, অধিকৃত
দিওয়ানা	উন্মত্ত
দুবলা	দুর্ব্বল, ক্ষীণ
দুশমন	শত্রু
দোস্ত	বন্ধু
নওকর	ভৃত্য
নওমেদ	নিরাশ
নফ়ীস	উপাদেয়, মূল্যবান
নস্যান	বিস্মৃতি জনক
নবীসন্দা	লেখক

বিশেষণ শব্দ	অর্থ
নাচীজ়	অপদার্থ
নাজ়ুক	কোমল
নান্না নান্নহা	কনিষ্ঠ, ছোট
নিম	অৰ্দ্ধেক
নিমকী	লবনাক্ত
নিকম্মা	অকৰ্ম্মণ্য
প্যায়দা	জাত
পরন্দ	খেচর
পশেমান	লজ্জিত, দুঃখিত অনুতপ্ত,
পরওর্দা	প্রতিপালিত
পাজী	নিচাশয়
পোপলা	দন্তহীন, ফোকলা
পাক	নিৰ্ম্মল, পবিত্র
পরেশান	দুঃখিত
পেশ	সম্মুখ, উপস্থিত
ফজ়ুল	অতিরিক্তাচারী
ফতুর	গতসৰ্ব্বস্ব
ফরক়	বিভিন্ন
ফরাগত	বিস্তৃত, পরিসর, সচ্ছন্দজনক
ফাজ়িল	কৃতবিদ্য
মক্কারা, মক্কার	শঠ, প্রবঞ্চক
মুখালিফ়	শত্রু
মগরূর	অহঙ্কারী
মওসুফ়	বর্ণিত
মজমু	একত্রিত
মজকূর	উক্ত, উল্লিখিত
মজবুর	বাধ্য, নিরুপায়, উৎপীড়িত

বিশেষণ শব্দ	অর্থ
মুফ়লিস	নিঃস্ব, নির্ধন
মস্‌খরা	পরিহাসক
মশগুল	লিপ্ত, আসক্ত, নিযুক্ত
মহরূম	বন্ধ
মুহতাজ	প্রত্যাশী, দুঃখী
মালিক	অধিকারী
মুতায়েন	নিযুক্ত
মাশূক়	প্রণয়াস্পদ
মুরদা, মুয়া	মৃত
মিঠা	মিষ্ট
মঝলা	মধ্যম
মুবারক	উত্তম, সুখজনক
মিহরবান	দয়াবান
মুফ়তরী	প্রতারক
মুস্তয়েদ	প্রবৃত্ত, উদ্যত
মওজুদ	উপস্থিত, স্থিত
মশকূক	অনিশ্চিত
রওয়া	যথার্থ
ল্যজীজ়	সুস্বাদ
লাজ়িম	উপযুক্ত
লব্‌বাক়	বিলাসী
লঙ্গা, নঙ্গা	উলঙ্গ
ল্যাঙড়া	খঞ্জ
ব্যড়া	জ্যেষ্ঠ, বড়
বন্দা	ভৃত্য, দাস
বহরা, বাহিরা	বধির
বওলা	ক্ষিপ্ত

শব্দ	অর্থ
বাওরচী	পাচক
বাকী	অবশিষ্ট
বীমার	পীড়িত
বীরান	উচ্ছিন্ন
বেক্‌রার	অধীর
বেচারা	নিরুপায়
বেজা	ন্যায় বা অন্যায়
বেতাব	দুর্ব্বল, অধৈর্য্য
বেজার	বিরক্ত
বেহুদা	গর্হিত
শরমন্দা, শরমিন্দা,	লজ্জিত
শ্যরীর	শঠ, প্রবঞ্চক, দুষ্ট
শকররেজ্	মিষ্টভাষী,
শিরীঁ	মিষ্ট
সওদায়ী	পাগল
সবজ্	হরিতবর্ণ
সরকশ	অবাধ্য
সফেদ, সাদা	শ্বেতবর্ণ
সমুচা	সমুদয়
সাওঁলা	শ্যামবর্ণ
সাদির	উৎপন্ন, বহির্গত
সিয়াহ্	কৃষ্ণবর্ণ

শব্দ	অর্থ
সিহ	তিন
সজলে	তৃতীয়
সুরখ্	রক্তবর্ণ
সুস্‌ত	ক্ষীণ, আলস্যপরায়ণ
হজ্‌মত	অপদস্থ, অপ্রতীত
হাজির	উপস্থিত
হাকীম	বিচারক
হলাক	মৃতবৎ
হালীম	সহনশীল, নম্র
হয়রান	অবসন্ন
হকীম	চিকিৎসক
হরীফ্	ধূর্ত্ত
হামিলা	গর্ভবতী
হোশইয়ার	সতর্ক, অপ্রমাদী
হত্তল ইমকান	সাধ্যমত
বের বের	সর্ব্বদা
হক্‌কা বক্‌কা	চকীত
ঝুঠ মুট	ঠাঠ্‌ঠা পূর্ব্বক
ইদ গির্দ	চতুর্দ্দিকে
জা-বজা	সর্ব্বস্থানে, এখানে, সেখানে
দস্ত-বস্তা	কৃতাঞ্জলিপূর্ব্বক

পরস্পর বিপরীত বিশেষণ শব্দ।

শব্দ	অর্থ
নেক, ভ্যলা, খুবসূরত, খাস্‌সা, বেহতর, বঢ়ীয়া	উত্তম, ভাল
বদ, খরাব	অধম, মন্দ
রইস	ভদ্র

শব্দ	অর্থ
রজীল	অভদ্র
তাজা	টাট্‌কা
সড়া	পচা
গাড়া	ঘন

শব্দ	অর্থ
প্যত্‌লা	তরল
উমদা	মহৎ, উৎকৃষ্ট
আদ্‌না	অধম, নিকৃষ্ট
জ়বরদস্‌ত	দুর্দ্দান্ত
জ়েরদস্‌ত	মৃদু, ক্ষীণ,
প্যক্কা পুখ্‌তা	পাকা
ক্যচ্চা, খ়াম	কাঁচা
নয়া	নূতন
পুরানা	পুরাতন
ভারী, সঁগীন	গুরু
হলকা, খ়ফীফ়	লঘু
গ্যরম	উষ্ণ
সর্‌দ, ঠ্যণ্ডা	শীতল
আসলি	স্বরূপ
নক়লি	প্রতিরূপ
নরম, মুলায়ম	কোমল
সখ্‌ত, কড়া	কঠিন
ভিগা, ত্যর	আর্দ্র
সুখা, খুশ্‌ক	শুষ্ক
ব্যহাল	নিযুক্ত
বরতরফ় মাজ়ুল, তগীর, বরখাস্ত	কর্ম্মচ্যুত
হক়	ন্যায়
নাহক়	অন্যায়
জ়িয়াদা, বহুত, আফ়্‌জ়ুল	অধিক
কম, থোড়া	
ব্যড়া	বড়

শব্দ	অর্থ
ছোটা	ছোট
আরজ়াঁ	সস্তা
গ্যরাঁ	মহার্ঘ্য
খ়াস	অসাধারণ
আম	সাধারণ
কুল, কুল্লহুম, বিলকুল, সব, পূরা, সারা, তমাম, মুসল্লম, বেবাক়	সমস্ত, সকল
টুক, জ়রা, কুছ, থোড়া, আদ্‌না	কণক, কিঞ্চিৎ
স্যচ	সত্য
ঝুঠ	মিথ্যা
স্যচ্চা	সত্যবাদী
ঝুঠা	মিথ্যাবাদী
সখী	দাতা
বখীল	কৃপণ
দানা	বিজ্ঞ
নাদান	অজ্ঞ
রাজ়ী	সম্মত
নারাজ়	অসম্মত
নজীব, শরীফ়,	ভদ্রবংশোদ্ভব
আদ্‌না, ইলচী	অভদ্র
দুরস্ত, রাস্ত	প্রকৃত,
নাদুরস্ত	অপ্রকৃত
আমীর, উমরা	ধনাঢ্য
গ়রীব, গ়ুরবা	নির্ধন
সাফ়	পরিষ্কৃত

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
ম্যয়লা	মলিন	সিধা,	সোজা
জওয়ান	যুবা	উল্টা, কজ, টেঢ়া / থ.ম	উল্টা, বক্র
বুঢ্ঢা, বূঢ়া	বৃদ্ধ	চাঁদনী	জ্যোৎস্নাময়
খে.শ, এগানা	আত্মীয়	আঁধিয়ারা	অন্ধকারময়
গ্যয়ের, বেগানা, আজনবী,	অনাত্মীয়	মুশকিল / দুশ্.ওয়ার	দুষ্কর / দুর্ঘট
দরাজ্	বিস্তৃত	সহল, আসান,	সহজ, অনায়াসসাধ্য
ত্যঙ্গ	সংকীর্ণ	মর্দানা	পুরুষসম্বন্ধীয়
তূল	বহুল	জনানা	স্ত্রীসম্বন্ধীয়
মুখ্.তসর	সংক্ষিপ্ত	জোরাওর	বলিষ্ঠ
শাকের	স্বীকৃত	কমজোর	দুর্ব্বল
মুনকের	অস্বীকৃত	হোশইয়ার	সাবধান
খুশ	সন্তুষ্ট	বে-হোশইয়ার	অসাবধান
নাখুশ	অসন্তুষ্ট	মন্জুর	গ্রাহ্য
জল্দ	শীঘ্র	নামনজুর	অগ্রাহ্য
আহিস্তা	গৌণ, শনৈঃ২	ক্বাবিল, লায়েক্	যোগ্য
দাহনে	দক্ষিণ	নাক্বাবিল, নালায়েক্	অযোগ্য
বাএঁ	বাম	ফরিয়াদী, মুদ্দই	বাদী
দকীক্	দুরূহ	আসামী, মুদ্দাআলেহ, ফরিকে সানি	প্রতিবাদী
সলীস	সরল	মনকুলা	অস্থাবর
মোটা	স্থূল	গ্যয়ের মনকুলা	স্থাবর
দুবলা, বারীক, মিহিন	সূক্ষ্ম, কৃশ	নেকমাশ	সৎকর্ম্মজীবী
বজা	প্রকৃত	বদমাশ	অসৎকর্ম্মজীবী
বেজা	অপ্রকৃত	মাকূল	উত্তম
পহলা, আউওল, আগ.াজ	আদি	নামাকূল	অধম
আখি.র, পিছলা,	অন্ত শেষ	মাতবর	বিশ্বাসী

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
নামাতবর	অবিশ্বাসী	গুলাব-চশম	চক্ষুলজ্জাবিশিষ্ট
জওয়ানমরদ	বীরপুরুষ	চশমখোর	চক্ষুলজ্জাহীন
নাজওয়ানমরদ	কাপুরুষ		

যাবতীয় আকারান্ত বিশেষণ শব্দ পূর্ব্বকৃত নিয়মানুসারে বহুবচনে একারান্ত এবং স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয় ; নিম্নে শ্রেণীবদ্ধ ক্রমে তাহা প্রদর্শিত হইল।

পুং একবচন,	পুং বহুবচন,	স্ত্রীলিঙ্গ	পুং একবচন	পুং বহুবচন	স্ত্রীলিঙ্গ
সারা	সারে	সারী	কুব্ড়া	কুব্ড়ে	কুব্ড়ী
আচ্ছা	আচ্ছে	আচ্ছী	চোট্টা	চোট্টে	চোট্টী
বড়া	বড়ে	বড়ী	জুদা	জুদে	জুদী
থোড়া	থোড়ে	থোড়ী	ঝুঠা	ঝুঠে	ঝুঠী
ছোটা	ছোটে	ছোটী	দুব্লা	দুব্লে	দুব্লী
ভ্যলা	ভ্যলে	ভ্যলী	মসখরা	মসখরে	মসখরী
আন্ধা	আন্ধে	আন্ধী	মিঠা	মিঠে	মিঠী
আদ্না	আদ্নে	আদ্নী	ল্যঙ্গা	ল্যঙ্গে	ল্যঙ্গী
নান্না	নান্নে	নান্নী	ল্যঙড়া	ল্যঙড়ে	ল্যঙড়ী
আধা	আধে	আধী	বহরা	বহরে	বহরী
বুঢ্ঢা	বুঢ্ঢে	বুঢ্ঢী	বওলা	বওলে	বওলী
উল্টা	উল্টে	উল্টী	বেচারা	বেচারে	বেচারী
ক্যচ্চা	ক্যচ্চে	ক্যচ্চী	শরমন্দা	শরমন্দে	শরমন্দী
সচ্চা	সচ্চে	সচ্চী	পিয়াসা	পিয়াসে	পিয়াসী
কমিনা	কমিনে	কমিনী	পিয়ারা	পিয়ারে	পিয়ারী
কালা	কালে	কালী	মঝলা	মঝলে	মঝলী

* স্ত্রীলিঙ্গের একবচনে যে ঈকারান্ত পদ হয়, (বহুবচনে পূর্ব্বকৃতনিয়মক্রমে) কারকের, বিভক্তিযুক্ত স্থলে য়োঁ অন্যত্রে য়াঁ, যোগে বহুবচন হইবে। যথা, আন্ধী,—আন্ধিয়োঁ, আন্ধিয়াঁ বুঢ্ঢীয়োঁ, বুঢ্ঢীয়াঁ ইত্যাদি।

পুং লিঙ্গ	পুং বহুবচন	স্ত্রীলিঙ্গ	পুং লিঙ্গ	পুং বহুবচন	স্ত্রীলিঙ্গ
ব্যচ্চা	ব্যচ্চে	ব্যচ্চী	ভীগা	ভীগে	ভীগী
বুরা	বুরে	বুরী	সুখা	সুখে	সুখী
সঝলা	সঝলে	সঝলী	ম্যয়্‌লা	ম্যয়্‌লে	ম্যয়্‌লী
সাওঁলা	সাওঁলে	সাওঁলী	মোটা	মোটে	মোটী
সড়া	সড়ে	সড়ী	টেঢ়া	টেঢ়ে	টেঢ়ী
প্যতলা	প্যতলে	প্যতলী	নাকারা	নাকারে	নাকারী
প্যক্কা	প্যক্কে	পক্কী	সিধা	সিধে	সিধী
নয়া	নয়ে	নয়ী	ফুলানা	ফুলানে	ফুলানী
পূরানা	পূরানে	পূরানী			

বিশেষ্য শব্দ।

ঈকারান্ত ভিন্ন প্রায় যাবতীয় বিশেষণ শব্দ ঈ-যোগে বিশেষ্য হয়। আর কতকগুলি আকারান্ত বিশেষণ শব্দ গী-যোগে বিশেষ্য হইয়া থাকে এবং উক্ত আকার হ্রস্বরূপে উচ্চারিত হয়।

ঈ-যোগে—যথা।

বিশেষণ	ঈ	বিশেষ্য	বিশেষণ	ঈ	বিশেষ্য
তাবেদার	„	তাবেদারী	দরদমন্দ	„	দরদমন্দী
দুকানদার	„	দুকানদারী	ফীলবান	„	ফীলবানী
দমবাজ়	„	দমবাজ়ী	দারওয়ান	„	দারওয়ানী

বিশেষ্য পদের লিঙ্গ ও বচন অনুসারে বিশেষণেরও লিঙ্গ ও বচন হইবে। যথা, পুরানা আদমী—পুরানী আওরত। আচ্ছা-ঘোড়া আচ্ছী ঘোড়ী। উয়োঃ আদমী বড়া স্যচ্চা হ্যায়, অম আদমীয়াঁ ব্যড়ে স্যচ্চে হেঁ। ইত্যাদি।

বিশেষণ সকল কখন বিশেষ্যের পূর্ব্বে কখন বা পরে ব্যবহৃত হইয়া থাকে। যথা, সিধী রাহ হ্যায়, রাহ সিধী হ্যায়। উসকী টেঢ়ী জ়োবান, জ়োবান উসকী টেঢ়ী। দুবলা ল্যড়কা ল্যড়কা দুবলা ইত্যাদি।

বিশেষণ	স্ত্রী	বিশেষ্য	বিশেষণ	স্ত্রী	বিশেষ্য
গুমনাক	,,	গুমনাকী	কমহিম্মত	,,	কমহিম্মতী
পেশকার	,,	পেশকারী	গ্যয়েরহাজির	,,	গ্যয়ের-হাজিরী
কারিগ্যর	,,	কারিগারী	হাম্বরাবর	,,	হাম্বরাবরী
জহাঁগীর	,,	জহাঁগীরী	হোশইয়ার	,,	হোশইয়ারী
তূলনবীস	,,	তূলনবীসী	মিহরবান	,,	মিহরবানী
মেওয়া-ফেরোশ	,,	মেওয়া-ফেরোশী	গুলাম	,,	গুলামী
কিতাবখাঁ	,,	কিতাবখানী	দোস্ত	,,	দোস্তী
খায়েরখাহ	,,	খায়েরখাহী	বিমার	,,	বিমারী
গুনাহগার	,,	গুনাহগারী	হয়রান	,,	হয়রানী
গোস্তাখ	,,	গোস্তাখী	পরেশান	,,	পরেশানী
উম্মেদওয়ার	,,	উম্মেদওয়ারী	গাফিল	,,	গাফিলী
শাবালিগ	,,	শাবালিগী	গুস্তাখ	,,	গুস্তাখী
বা-হুরমত	,,	বা-হুরমতী	নেক	,,	নেকী
জী ফহম	,,	জী ফহমী	পাক	,,	পাকী
খুশবু	,,	খুশবুয়ী	নরম	,,	নরমী
খুবরু	,,	খুবরুয়ী	গরম	,,	গরমী
নেকবখ্ত	,,	নেকবখ্তী	জবরদস্ত	,,	জবরদস্তী
নাদুরস্ত	,,	নাদুরস্তী	জওয়ান	,,	জওয়ানী
লা-পরওয়া	,,	লা-পরওয়ায়ী	দরাজ	,,	দরাজী
বে-শুমার	,,	বে-শুমারী	মাতবর	,,	মাতবরী
বদনুমা	,,	বদনুমায়ী			

গী-যোগে—যথা।

বিশেষণ	গী	বিশেষ্য	অর্থ
বোসিদা	,,	বোসিদাগী	
বেচারা (১)	,,	বেচারাগী	নিরাশ্রয়তা
বেহুদা	,,	বেহুদাগী	মূর্খতা
জিন্দা	,,	জিন্দাগী	জীবন
বন্দা	,,	বন্দাগী	দাসত্ব
শরমন্দা	,,	শরমন্দাগী	লজ্জা
হারামজাদা	,,	হারামজাদাগী	ক্রূঢ়তা
বেপরদা	,,	বেপরদাগী	নির্লজ্জতা
শিকস্তা	,,	শিকস্তাগী	ভগ্নতা

বিশেষণ	গী	বিশেষ্য	অর্থ
আসুদা	,,	আসুদাগী	সন্তোষ
আহিস্তা	,,	আহিস্তাগী	
পুখ্তা		পুখ্তাগী	দৃঢ়তা
জিয়াদা		জিয়াদাগী	বেশী
এগানা		এগানাগী	আত্মীয়
রাজা		রাজাগী	রাজত্ব
বেগানা		বেগানাগী	অনাত্মীয়

সচরাচর ব্যবহার্য্য স্বাভাবিক কতকগুলি বিশেষ্য শব্দ শিক্ষা প্রণালীর প্রয়োজন প্রযুক্ত অর্থসহ নিম্নে লিখিত হইল।

শব্দ	অর্থ
আইয়াম	কাল, সময়
আইনা	দর্পণ
আখিরী	শেষ, অন্ত
আখুন আখুন্দ	শিক্ষক
আঘন	অগ্রহায়ণ মাস
আঙ্গিনা	উঠাণ
আঙ্গোঠী	অঙ্গুরীয়
আঙ্গোছা	গামছা

শব্দ	অর্থ
আজ	অদ্য
	শেষ, নির্ব্বাহ
	পেয়ারা
অঠ্ঠা	নির্য্যাস, আঠা
অঠন্নী, আধেলী	আধুলী, আটআনা
আদব	সভ্যতা
আদাব	প্রণাম

(১) যে সকল আকারান্ত বিশেষণে "গী" যোগ হয়, তাহারা প্রকৃত আকারান্ত নহে। পারস্য ভাষায় হকারান্ত শব্দ আকারান্তবৎ উচ্চারিত হয়। এ প্রযুক্ত উচ্চারণের অনুরোধেই আকারান্ত রূপেই লিখিত হইল। এইপ্রকার আকারান্ত বিশেষণ শব্দই গী-যোগে বিশেষ্য হইয়া থাকে।

শব্দ	অর্থ
আদমী	মনুষ্য
আঁধী	ঝড়, উত্তপ্ত ঘুর্ণিবায়ু যাহাকে "লু" বলে
আধেলা	অর্দ্ধপয়সা
আনার	দাড়িম
আন্দাজ	আনুমানিক, পরিমাণ
আন্দেশা	চিন্তা
আপস	ঐকমত্য, সন্ধি
আফ্তাব	সূর্য্য
আফ্তাবা	ভৃঙ্গার, বদ্না
আফ্সোস	আক্ষেপ
আবখোরা	জল খাইবার পাত্রবিশেষ
আবর	মেঘ
আব	জল
আবাদ	কৃষিকার্য্য
আমর	আজ্ঞা, কর্ম্ম, বিষয়
আমানত.	জমা, বিশ্বাস করিয়া গচ্ছিত রাখা
আমেজ	আভাস, মিশ্র
আরক,	কাথ
আরিজা	পীড়া, রোগ
আরাম,	আরোগ্য, স্বাস্থ্য
আরমান	মনঃকষ্ট, অনুতাপ
আলম	কাল, সময়, পৃথিবী
আল্তাফ	দয়া, অনুগ্রহ
আল্লা	পরমেশ্বর
আশনান	স্নান

শব্দ	অর্থ
আশিক	প্রেমিক
আসর	সন্ধ্যাকাল, পদচিহ্ন, সময়
আসবাব	দ্রব্য, সামগ্রী
আসন	আশ্বিন মাস
আসরা	বিশ্বাস, গুপ্তস্থান, আশ্রয়
আসাঢ়	আষাঢ় মাস
আসমান	আকাশ
আসার	চিহ্ন, লক্ষণ
আহ	নিশ্বাস, আক্ষেপ
আহওয়াল	অবস্থা
ইলম	জ্ঞান
ইঁটা	ইষ্টক
ইনাম	পুরস্কার
ইম্লী	তেঁতুল
ইমাম	পুরোহিত, কর্ত্তা
ইয়াক্তিবার	বিশ্বাস
ইয়াতিজার	ক্ষমা, মার্জ্জনা
ইয়াতিরাফ	স্বীকার
ইয়াতিরাজ	আপত্তি, বাধা
ইয়ারী	বন্ধুতা
ইয়ালাম	সংবাদ
ইশাল	উদরাময়, পেটের পীড়া
ইত্তিফাক	ঐক্য, ঘটনা
ইতমিনান্	সন্তোষ, শান্তি
ইক্রার	অঙ্গীকার
ইখ্তিয়ার	ক্ষমতা
ইজ্হার	প্রকাশ করা, উক্তি

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
ইলজাম	নিন্দা, ভর্ৎসনা	কটোরা	বাটী
ইবারত	রচনা	কড়া	বলয়, আভরণবিশেষ
ইব্‌রা	পরিত্যাগ, মুক্তি	কদ্দু	লাউ
ইমতিহান	পরীক্ষা	করেলা	করলা উচ্ছে
ইলাজ	ঔষধ	কহার	বাহক
ইরাদা	ইচ্ছা, অভিপ্রায়	ক্যপ্‌ড়া	বস্ত্র, কাপড়
ইশক্‌	প্রণয়, অনুরাগ	কবুতর	পায়রা
ইশতিহার	ঘোষণা, প্রচার	কবুল	স্বীকার
ইসতিয়াফা	ত্যাগ	কাগজ্‌	কাগজ
উজুর	আপত্তি	কাঁখরি	বগল
এতবার	রবিবার	কাতক	কার্ত্তিক মাস
এওজ্‌	পরিবর্ত্ত	কংঘি	চিরুনি
একপাট্টা	উড়ানী, চাদর	কাম	কার্য্য
ওক্‌ফ্‌	বোধ, জ্ঞান	কমৃরা	কুঠারী
ওজহাত	হেতুবাদসমূহ, আপীলের দরখাস্ত	ক্বারী	পাঠক
		কাঁসা	কাংস্য
		কহানী	উপন্যাস
ওজন	পরিমাপ	কাহিলী	শৈথিল্য
উধার	ঋণ, কর্জ্জ	কিসান	চাষা,
ওয়াক্‌ত	সময়	কুঞ্জী	চাবী
ওয়াদা	নিয়ম, নির্দ্ধারিত কাল, অঙ্গীকার	কুসুর	ত্রুটী, দোষ
		কুয়াঁ	কূপ
ওয়াপস	ফেরত	কূচ	প্রস্থান, যাত্রা
ওরক্‌	একপাত, দুই পৃষ্ঠা	কউয়া	কাক
ওয়াকিয়া	দুর্ঘটনা, সংবাদ	কুচ্‌লা, কুচৈলা,	অপরিষ্কার
ওকূয়া	ঘটনা	কিওয়ার, কিওয়াড়া,	কপাট
কছুয়া	কচ্ছপ	কিনার, কিনারা	তীর, ধার
কাল, কাল	কল্য, কাল		

শব্দ	অর্থ
কিমর	জুয়াখেলা
কেরামত	প্রভুতা, ঐশীশক্তি
কস্‌রত	আধিক্য, অনন্তা
কুত্তা	কুকুর
কদ	আকৃতি
কদম	পদ, চলন
করার	অঙ্গীকার, স্বীকার
কলম	লেখনী
কসদ	উদ্যম, চেষ্টা, অভিপ্রায়
কসম	শপথ, প্রকার
কাঁইচী	কাঁচী
কিয়াস,	অনুমান
কুলহাড়ি	কুঠার
কিস্‌সা	উপন্যাস
কুরক	বন্ধ, অবরোধ
খওফ	ভয়
খটমল	ছারপোকা
খাম	স্তম্ভ
খড়াঁও	কাষ্ঠপাদুকা
খসলত	স্বভাব
খাঁসী	কাশের পীড়া
খিরাজ	কর, শুল্ক
খীরা	শশা
খীরখিলাই	অন্নপ্রাশন
খেল	ক্রীড়া, খেলা
খিলোনা	খেলনার দ্রব্য, ক্রীড়নক
খতরা	ভয়

শব্দ	অর্থ
খওজ	প্রণিধান
খসসী, খাসী	খাসী ছাগল
খাক	মৃত্তিকা, ভস্ম
খাব	স্বপ্ন, নিদ্রা
খুশী	সন্তোষ
খুন	রক্ত, শোণিত
খুবী	সৌন্দর্য্য
খিয়াল	চিন্তন, বুদ্ধিবৃত্তি
খিয়ানত	ক্ষতি
খিলাত	সম্মান
খিলওত	গোপন
খিসারত	অপচয়, ক্ষতি
খোদ	স্বয়ং
খোদা	পরমেশ্বর
খুরাক	খাদ্যদ্রব্য
খোহ	পর্ব্বতের গহ্বর
গওয়াহী	সাক্ষ্য
গনিমত	প্রচুর
গদ্দী	শয্যা, আসন
গাধা	গর্দ্দভ
গম	দুঃখ
গর্দ, গর্দা	ধূলী, ময়লা
গরমী	উষ্ণতা, গ্রীষ্ম
গশ্ত	ভ্রমণ
গশ	অচৈতন্য, মূর্চ্ছা
গড্ঢা	গর্ত্ত
গাঁও	গ্রাম
গাঁড়	গুহ্যদ্বার

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
গালি	দুর্ব্বাক্য	চহার	চোর
গিদড়	শৃগাল	চনা	চণক, ছোলা
গুল	গোলমাল	চমন	কেয়ারী
গুলিস্তাঁ	গোলাপ ফুলের বাগান	চ্যপকন	জামা বিশেষ
গুলু	টুঁটী	চর্‌চা	আলোচনা, চর্চ্চা
গুস্‌সা	রাগ	চাওঁল	চাউল, তণ্ডুল
গিরফ্‌তার	ধৃতকরণ, বন্ধন	চাকূ	ছুরী
গালীচা	গালিচা	চ্যয়েত	চৈত্রমাস
গিলহরী	কাঠবিড়ালী	চাঁদী	রৌপ্য
গোদ	ক্রোড়	চিউঁটী	পিপীলিকা
গোশ্‌ত	মাংশ	চীটৃঠী	পত্র, লিপি
গূদা	ব্রহ্মরন্ধ্র	চিলম	কলিকা
গিরগট	গিরগিটী	চূহা	মূষিক, ইন্দুর
গওর	প্রণিধান	চুতড়	নিতম্বদেশ
গজবী	অত্যাচারী	চূনা	চূণ
গজল	পদ্যপ্রণালী, ছন্দঃ	চুলাহা	উনন
গম	দুঃখ	চুরণ	চূর্ণ ঔষধ বিশেষ
গরজ্‌	প্রয়োজন, স্বার্থপরতা	চিরাগ্‌	প্রদীপ
		চিরাগ্‌দান	দীপাধার
গরমা	গ্রীষ্মকাল	চিহরা	মূর্ত্তি, মুখ
গাফিলী	অসাবধানতা	চহলা	কর্দ্দম
গুসল	স্নান	চোগা	পরিচ্ছদ বিশেষ
গ্রহস্ত, গিরস্ত	গৃহস্থ	ছচুন্দর	ছুঁচা
ঘ্যর	গৃহ	ছপ্‌পর	চাল, ছাপর
ঘাও	ক্ষত	ছাতি	বক্ষঃস্থল
ঘেও, ঘি	ঘৃত	ছিঁক	হাঁচি
ঘুঁঘট	অবগুণ্ঠন, ঘোমটা	ছুট্টী	অবকাশ
চওয়ান্নী	সিকি	ছেদাম	সিকিপাই

শব্দ	অর্থ
ছিল্‌কা	খোসা
ছোঁকা	চড়চড়ি
জওয়াব	উত্তর, প্রতিবাদ
জড়	মূল, শিকড়
জমানা	সময়
জলন	দাহ
জলাল	জাঁকজমক, রাগ
জহাজ	জাহাজ
জহন্নম	অধঃপাত, নরক
জাড়া	শীত
জানওয়র	জন্তু
জার	বিলাপ
জারজরুর,	বহির্দ্দেশ, শৌচে গমন
জি	অন্তঃকরণ, মন, মহাশয়
জুতি	বিনামা
জিগর	অন্তঃকরণ, সাহস
জৈঠ	জ্যৈষ্ঠ মাস
জোতা	কৃষক
জুমা	শুক্রবার
জুমেরত	বৃহস্পতিবার
জুল্লাব	বিরেচক্ ঔষধ
জুয়ারী	জুয়া খেলে যে
জরর	ক্ষতি
জহর	বিষ
জাব্‌তা	নিয়ম, প্রথা
জারী	আর্ত্তনাদ
জারী	প্রচার

শব্দ	অর্থ
জাহির	প্রকাশ
জনজীর	শৃঙ্খল
জিয়াফত	নিমন্ত্রণ, ভোজ, আতিথ্য
জিকর	আলোচনা, প্রস্তাব, স্মরণ
জুকাম	সর্দ্দী
জিলা	প্রদেশ, জিলা
জিয়াদতী	বেশী
জবান, জুবান,	জিহ্বা, ভাষা
জোর	বল, শক্তি
জুলম	দৌরাত্ম্য
ঝণ্ডা	খুঁটা, নিশান
ঝুণ্ড	জনতা, দল
ঝড়োখা	গবাক্ষ
ঝাড়ি	জলপাত্র
টোকরী	ছোট ঝুড়ী
টংড়ি	পদ
টোপী	টুপী, শিরস্ত্রাণ
ঠাকর	ঠাকুর, দেবতা
ডওল	প্রকার, গতি, গঠন
ডাল	শাখা
ডালি	শাখা, উপঢৌকন
ডাঁকু	ডাকাইত
ডিল ডওল	আকার প্রকার, অবয়ব
ডেরা	তাম্বু, আড্ডা
ঢঙ্গ	প্রকার, গতি
ঢঁডোরা	ঢ্যাঁড়রা, ঘোষণা

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
চপ	প্রকার	তখ্‌ত	আক্রমণ,সিংহাসন
ঢেলা, ডেলা	লোষ্ট্র	তয়	ভ্রমণ অতিবাহন
তক্‌সীম	অংশ, বণ্টন	তালা	কলুপ
তকীয়া	নির্ভর, বালিশ	তালাব	পুষ্করিণী
তখালুক্‌	শক্রতা	তাবীজ	কবচ, হস্তালঙ্কার
তদারুক	তদন্ত করণ	তমাশা	কৌতুক, আশ্চর্য্য
তফাওত	দূর, অন্তর	তূফান	ঝড়, তরঙ্গ
তনা	মাকড়শার জাল	তেহ্‌ওয়ার	পর্ব্ব, পরব
তপেদিক্‌	কাশজ্বর	তোতা	পক্ষি বিশেষ
		তখ্‌ত বখ্‌ত	রাজপাঠ
তবীয়ত	অন্তঃকরণ, স্বভাব	তুমন	সৈন্য
তমস্‌সুক	ঋণদান পত্র	তিলচট্টা	তেলাপোকা
তমীজ্‌	সভ্যতা	তোহফা	উপঢৌকন
তমহীদ	শৃঙ্খলাক্রম, তত্ত্বাবধান	থপ্পড়	চড়, থাবড়া
তমাচা	চপেটাঘাত, ঘুঁষা	থালী	থালা
তরবিয়ত	সুশিক্ষা	থূক	থুথু
তরজুমা	ভাষান্ত করণ, অনুবাদ	দখল	অধিকার
তনহাই	নির্জ্জন	দফ্‌তর	বস্ত্রবদ্ধ পুস্তকাদি, কার্য্যালয়
তরমীম	ইতরবিশেষ করা, তারতম্য	দম	নিঃশ্বাস, ছলনা
		দরকার	প্রয়োজন
তারহ	প্রকার	দরক	বোধশক্তি
তশরীফ্‌	সম্মান, শুভাগমন	দরখ্‌ত	বৃক্ষ
তসদ্দিয়া	ক্লেশ	দরমান	ঔষধ
তুহমত	অপবাদ	দরদ	বেদনা, ব্যথা
তাইয়েন	নির্দ্ধারণ	দরওয়াজা	দ্বার
তাইদ	সাহায্য,আনুকূল্য	দরোগ্‌	মিথ্যা কথা

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
দলীল	নিদর্শনপত্র,প্রমাণ	দরিয়াফ্ত	বিবেচনা, অনুসন্ধান
দস্তখত	স্বাক্ষর, নামসহী-করণ	দিল	মন,অন্তঃকরণ
দস্তবরদারী	হস্তোত্তোলন, নিবৃত্তি	দেহাত	গ্রাম
		দোজখ	নরক, নিরয়
দস্তান্দাজী	হস্তক্ষেপণ	দুম্বল	স্ফোটক
দস্তাবেজ	নিদর্শন পত্র	ধাক্কা	ঠেলে দেওয়া, আঘাত
দহশত	ভয়, শঙ্কা		
দস্তুর	নিয়ম	ধুআঁ	ধূম
দ্যাহি	দধি	নওকরী	চাকরী
দ্যখন, দখিন	দক্ষিণ দিক	নক্শা	ছবি
দাল	ডাল	নওয়ালা	গ্রাস
দালচিনি	দারচিনি	নজ্লা, জুজ্লা	ঠাণ্ডী, কফ
দ্যান	ঋণ	নসর	গদ্য
দাওয়া	দাবী	নস্তা	নাক
দাখল	অর্পণ	নহান	স্নান
দাগ	চিহ্ন,কলঙ্ক,ক্ষত, দুঃখ, ক্ষতি	নহর	সজল-পরিখা,গড়
		নাখুন	নখ
দ্যঘড়ি	সিকিপাই	নাচ	নৃত্য, নর্ত্তন
দারু	ঔষধ, মদ	নালা	আর্ত্তনাদ
দুজ্দ	তস্কর	নাশ্তা, নাশিতা,	জলখাবার, প্রাতঃভোজন
দেও	দৈত্য		
দিক্কত	বিরক্তি	নাস্থর	নালিঘা
দিন	দিবা, দিন	নিয়ত	প্রকৃতি, ইচ্ছা, উদ্দেশ্য
দিমাগ	মস্তিষ্কাধার, মাৎসর্য্য	নেওতা	নিমন্ত্রণ
দরিয়া	সমুদ্র	নেওল, নেউলা,	বেজী

শব্দ	অর্থ
নিকাস	নিষ্পত্তি
নিমক, নমক,	লবণ
নারিয়ল	নারিকেল
নিশান / নিশানী	চিহ্ন
নসীব	অদৃষ্ট, কপাল
নস্তালিক্	স্পষ্টাক্ষর
নুক্তা	বিন্দুচিহ্ন
নুক্সান	ক্ষতি
পঙ্খা	পাখা
প্যগড়ী	উষ্ণীষ
পছাঁ	পশ্চিম দিক
পজাওয়া	ইটের পাঁজা
পয়িন	প্রণালী, পয়নালা
প্যঞ্জা	হাতের পৌঁছা
প্যত্তা	পত্র, পাতা
প্যত্তা	সন্ধান, ঠিকানা, চিহ্ন
প্যত্থর, পাথর	প্রস্তর
পরওয়া, পরওয়ায়	শঙ্কা, চিন্তা
পরওয়ানা	পতিঙ্গা, সমন
পর	পালক
পরসাল	গত বৎসর
পরসোঁ	গত বা আগামী পরশু
পলওল	পটোল

শব্দ	অর্থ
পসীনা	ঘর্ম্ম
পহর	প্রহর
প্যহাড়	পাহাড়
পাঁও	পদ, চরণ
পানী	জল
প্যয়েরা	পদচিহ্ন
প্যয়দা	উৎপত্তি
প্যয়দায়েশ	জন্মগ্রহণ
প্যয়সা	পয়সা
পর্দা	আবরণ বস্ত্র, মশারি, গোপন,
পাস্‌খাতির	অনুরোধ, মুখাপেক্ষা
পড়োসী	নিকটবাসী ব্যক্তি
পীব	পুঁজ
পীর *	সোমবার
পূরব	পূর্ব্বদিক
পুশ্‌তী	পুস্তকের মলাট
পূস	পৌষমাস
পেচিশ,	আমাশয় পীড়া
পিয়ালা	বাটী
পিয়াস	পিপাসা
পেশাব	প্রস্রাব
পেশানী	কপাল, ললাট
ফাগন	ফাল্গুনমাস
ফুঁক	ফুৎকার
ফুহী	বিন্দু বিন্দু বৃষ্টি

* পীর শব্দে মহাপুরুষ ও বৃদ্ধকেও বুঝায়।

শব্দ	অর্থ
ফওত	মৃত্যু
ফজীহত	তিরস্কার, ঘৃণা, বিবাদ
ফয়সল	নিষ্পত্তি
ফয়সলা	নিষ্পত্তি পত্র
ফরজন্দ	পুত্র
ফহম	বোধ, বিবেচনা
ফায়দা	উপকার, লাভ
ফিকর	চেষ্টা, চিন্তা
ফিকরা	বাক্য, পদসমূহ, প্রতারণা
ফাকা	অনাহার, উপবাস
ফুলানা	অমুক
ফিদবি	অনুগত ভৃত্য
ফরোখ্‌ত	বিক্রয়
বকর	সুখ্যাতি
বখ্‌ত	অদৃষ্ট, ভাগ্য
বখেড়া	গোলযোগ
বচ্‌পন	বাল্যকাল
বতানা	অলঙ্কার বিশেষ
বদল	পরিবর্ত্ত
বন্সু	বংশ
বরতন	তৈজস, বাসন
বরবাদ	ক্ষতি, ত্যাগ, বিনাশ
বরস	বৎসর
বলঘম	শ্লেষ্মা
বস্তি	বসতি
বাগ	উদ্যান, বাগান
বাজু	বাহু
বায়েদ	বৈদ্য

শব্দ	অর্থ
বাল	কেশ, চুল
বাব	বিষয়
বালিশ	বালিশ
বালী	আভরণবিশেষ
ব্যয়ান	বর্ণনা
ব্যয়েস	বৈশ্য
ব্যয়সাখ	বৈশাখমাস
বাসন	তৈজস, দ্রব্য
বাহমন, ব্রাহমন	ব্রাহ্মণ
বাহির, বাহর, বাহির	
ব্যহানা	ছল
বায়, বায়ী	বিক্রেতা
বিচ্ছু	বৃশ্চিক
বিজলী	বিদ্যুৎ
বিমারী	পীড়া
বিল্লী	বিড়াল
বিস্‌নী	লম্পট
বিরাদর, বরাদর	ভাই
বুঢ়াপা	বার্দ্ধক্য
বিছওনা	শয্যা
বেদার	জাগরণ
বিয়াহ	বিবাহ
বের	একপ্রকার কুল, সময়
বিহিশ্‌ত	স্বর্গ
বুখার	জ্বর

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
বোজা	মদ্য	মজহব	ধর্ম্ম, বিশ্বাস
বোঝ	ভার, বোঝা	মদ্‌রসা	বিদ্যালয়
বোসা	চুম্বন	মতলব	অভিপ্রায়
বুধ	বুধবার	মুনফা	লাভ
বুলবুল	বুলবুলি পক্ষী	মরজী	ইচ্ছা, সম্মতি.
বোল	কথা, ভাষা	মরজ	পীড়া
বোস্তান	ফুল বাগান	মলাই	দুগ্ধের সর
বির্দ্দ	অভ্যাস	মসালা	মসলা
ভইয়া	ভাই	মসলহত	যুক্তি, পরামর্শ
ভট্‌ঠা	পাঁজা	মহসূল	মাশুল, শুল্‌ক
ভাখা	ভাষা	মহকমা	বিচারালয়
ভাঙ্গ	সিদ্ধি	মুহাবরা	আন্দোলন, চর্চ্চা
ভাদোঁ	ভাদ্রমাস	মক্‌খন	মাখন
ভীখ	ভিক্ষা	ম্যনা	নিষেধ
ভেট	সাক্ষাৎ	মামলা	বিষয়, অভিযোগ
মওজা	গ্রাম	মস্থর	মুস্থর
মওলা	মালিক, প্রভু	ময়দান	মাঠ
মওত	মৃত্যু	মালূম	অনুভব
মওল-সরী	বকুল পুষ্প	মালজা	ঔষধ
মকতব	পাঠশালা	মাহ	মাস
মক্‌দুর	ক্ষমতা	মুসাওবির	চিত্রকর
মকশ্‌	উপর্য্যুপরি লিখন	মাল ও মতা	টাকা ও জিনিসপত্র, ধনসম্পত্তি
মকান	গৃহ, বাটী	মস্‌কত	জন্মভূমি
মক্‌খী	মক্ষিকা	মহতাব	চন্দ্র
মগজ	মস্তিষ্ক	মিট্টী	মৃত্তিকা
মছলী	মৎস্য	মু	মুখ
মচ্ছড়	মশা	মখ্‌ফী	গোপন
মজমুন	লিখন-পারিপাট্য		

শব্দ	অর্থ
মুঁগা	প্রবাল
মুত্তরজ্জিম	অনুবাদক
মওসিম	সময়, কাল
মেওয়া	ফল
মিক্‌দার	পরিমাণ
মিক্‌রাজ	কাঁচী
মিজাজ	স্বভাব
মিয়াদ	নির্দ্দিষ্টকাল
মিস্‌রা	পদ্যের একচরণ
মিসল	নথী
মিহনত	পরিশ্রম
মেহতর	মেতর
মহিনা	মাস
মুকাবলা	সমক্ষ
মুকর্‌রর	নিয়োগ, নির্দ্ধারণ
মুকদ্দমা	অভিযোগ
মুছ	শ্মশ্রু
মুজাহিম	আপত্তি
মোতী	মুক্তা
মোরচ	ঝালের ব্যঞ্জন, মরীচ
মুক্‌ল্লিদ	শিষ্য
মুরদার	শব, মৃতদেহ
মরম্মত	জীর্ণসংস্কার
মুলক	দেশ
মোল	ক্রয়
মুশাবে'রত	পরামর্শ
রওগন	স্নেহদ্রব্য
র‍্যাঞ্জ	দুঃখ, কষ্ট

শব্দ	অর্থ
র‍্যাস্‌সী	রজ্জু, দড়ী
র‍্যাস্‌তা	পথ
রাইয়ত	প্রজা
রাহগীর্	পথিক
রীছ	ভল্লুক
রীম	পুঁজ, রক্ত
রেশা	ফলের আঁস
রোড়া	ঢিল, প্রস্তর খণ্ড
রোজ	দিবস
রূপয়া	রৌপ্যমুদ্রা
লজ্‌জত	আস্বাদ
লড়কাপন	বাল্যকাল
লফ্‌জ	শব্দ, কথা
লহজা	পল, মুহূর্ত্ত
লহু	রক্ত
লাত	লাথি
লাহিক	রোগাশ্রয়
লেনদেন	আদানপ্রদান
লেমু	লেবু
লাদ	বোঝা
লাশ	মৃতদেহ
লিবাস	পোষাক
লিহাজ	বিবেচনা, চৈতন্য,
লহঙ্গা	ঘাগরা
লুকমা	গ্রাস, কবল
লোটা	ঘটী
শউর	চতুরতা, সভ্যতা
শক	সন্দেহ

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
শখ্‌স	ব্যক্তি	সবেরা	প্রাতঃকাল
শফক্‌	গোধুলি	সরপরস্ত	মুরব্বী, অভিভাবক
শফকত	স্নেহ	সহন	উঠান
শরবত	পানীয়, পানা	সাওন	শ্রাবণমাস
শরাকত	ধূর্ত্ততা	সাঁপ	সর্প
শহর	নগর	সায়া	ছায়া, প্রতিবিম্ব
শস্ত	মৎস্য ধরিবার বর্শা	স্যায়য়ার	ভ্রমণকারী
শাগির্দ	ছাত্র	স্যয়ের	ভ্রমণ
শানা	চিরুনি, ঝাড়	সায়েত	সময়
শাদী	বিবাহ	সাল	বৎসর
শীরবিরঞ্জি	পায়স	সালন	মাংস বা শাক সব্‌জীর ব্যঞ্জন
শুবহ	সন্দেহ		
শোর	চীৎকার	সিলফচী	হাত ধুইবার বাসন
সওদা	বাণিজ্য, বায়ুরোগ	সীনা	বক্ষঃস্থল
সওয়াল	প্রার্থনা, প্রশ্ন	সীয়াহী	মসী, কালী
সতর	পংক্তি	সুবূত	দৃঢ়তা, প্রমাণ
সতরঞ্চ	সতরঞ্চি	সুয়র	শূকর, বরাহ
সত্যানাস	সর্ব্বনাশ	সুরফা	কাশরোগ
সদমা	আঘাত, ক্ষতি	সূত	সূত্র
সনীচর	শনিবার	সুরত	অবয়ব, গতি
সফর	ভ্রমণ, যাত্রা	সুলুক	সভ্যতা, সদাচরণ
সফহা	পৃষ্ঠা	সিতারা	নক্ষত্র, ভাগ্য
সর্দি	শ্লেষ্মজরোগ, কফ	সিন	বয়ঃক্রম
সমুন্দর	সমুদ্র	সির, সর	মস্তক
সমন	'আদালতের শমন, শাস্তি	সেরভর	সের পরিমাণ
সরমা	শীতকাল	সিদদর্দ	শিরঃপীড়া
সলাহ	সংশোধন	সলাম	নমস্কার
স্যায়ী	চেষ্টা	সলামত	নিরাপদ

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
সোঁটা	যষ্টি	হায়াত	পরমায়ু
সোনা	সুবর্ণ	হাল }	অবস্থা
সোনার	স্বর্ণকার	হালত }	
হওসিলা	পাকস্থলী, উচ্চাভিলাষ	হল্‌লা	আক্রমণ
হজ়ম	পরিপাক	হূর	অপ্সরা, কিন্নরী
হূজূম	জনতা, বাহল্য	হইসীয়ত	বিজ্ঞতা
হড়া	হরীতকী	হড্ডী	অস্থি, হাড়
হফ্‌তা	সপ্তাহ	হাতা,	উঠান, বাটীর চতুঃসীমামধ্য স্থান
হমলা	আক্রমণ	হিফাজ়ত	রক্ষা
হরজ }	ক্ষতি, হানি	হেবা	দান
হর্‌কত }		হবেলী	বাটী, আলয়
হরণ	হরিণ	হিমাকত	ঔদ্ধত্য
হরফ়	অক্ষর	হিম্মত	সাহস
হলক্	গল-মধ্যদেশ	হিসাব	হিসাব
হজামত	ক্ষৌরকর্ম্ম	হুক্‌কা	হুকা
হথিয়ার	অস্ত্র	হুজ্‌জত	বচসা
হয়্‌ওয়ান	পশু, চতুষ্পদ	হোঁঠ	ওষ্ঠ, ঠোঁট
হয়জা	বিসূচী পীড়া	হুকনা	পিচকারী

কতকগুলি সংস্কৃত শব্দ উর্দূভাষায় যেরূপ উচ্চারিত হয়, তাহা নিম্নে প্রদর্শিত হইল।

সংস্কৃত	উর্দূ	সংস্কৃত	উর্দূ
অবতার	আওতার	শিব	শেও
কৃষ্ণ	কিশন	ভবানী	ভওয়ানী
বিষ্ণু	বিশন	মহাদেব	মহাদেও
লক্ষ্মী	লচমী	দুর্গা	দুরগা
লক্ষ্মণ	লছমন	ভগবান	ভগওয়ান

সংস্কৃত	উর্দু	সংস্কৃত	উর্দু
ভগবৎ	ভগওৎ	প্রসন্ন	পরশন
মূর্ত্তি	মুরত	প্রসাদ	পরসাদ
ধর্ম্ম	ধরম	তীর্থ	তীরথ
কর্ম্ম	করম	বৈশ্য	বয়েস
আত্মা	আত্মা	বৈদ্য	ব্যয়েদ
ভস্ম	ভসম	বৈদ্যনাথ	বয়েজনাথ
ভক্ত	ভকত	দেবতা	দেওতা
সেবা	শেওয়া	কমল	কঁয়ল
সংক্রান্তি	সন্‌করান্ত	সমুদ্র	সমুন্দর
যাত্রা	জাতরা	বারানসী	বনারসী
লগ্ন	লগন	কাশী	কাসী
জন্ম	জনম	শম্ভূ	সম্ভূ
কুমার	কুঁয়ার	দশ	দস
কুমারী	কুঁয়ারী	শঙ্কর	সঙ্কর

সংস্কৃত শব্দ উর্দু-উচ্চারণকালে তালব্য শকারের স্থানে প্রায়ই দন্ত্য সকারবৎ উচ্চারণ হয়।

সমাস—প্রকরণ।

সংস্কৃত ভাষায় যে নিয়মে ও যে অর্থে সমাস হইয়া থাকে, উর্দূ ও পারস্য ভাষাতেও তদ্রূপ দেখিতে পাওয়া যায়। দ্বন্দ্ব, কর্ম্মধারয়, বহুব্রীহি, তৎপুরুষ এই চারিপ্রকার-সমাস-সম্বন্ধীয় লক্ষণ ও পদ সংগ্রহমতে নিম্নে লিখিত হইল।

দ্বন্দ্ব।

স্ব স্ব প্রধান দুই বা তদধিক পদের সমাসকে দ্বন্দ্ব বলে। যথা—

সমস্ত-পদ	অর্থ	সমস্ত-পদ	অর্থ
রাত-দিন	রাত্রিদিবা	নবিশ্‌তো-খ্‌াঁদ	লিখনপঠন
সুবহ-শাম	প্রাতঃসায়ংকাল	আশিক্‌-মাশূক্‌	প্রণয়িপ্রণয়াস্পদ
মা-বাপ	মাতা পিতা	ল্যায়লা-মজনু	দম্পতীর নাম
খ্যায়ের-আফীয়ত	সুখসাচ্ছন্দ্য	লেন-দেন	আদানপ্রদান
দাওল-রোটী	ডালরুটী	খরীদ-ফরোখ্‌ত	ক্রয়বিক্রয়

কর্ম্মধারয়।

পরস্পর বিশেষণ বিশেষ্য পদের সমাসকে কর্ম্মধারয় কহে। যথা

সমস্ত-পদ	অর্থ	সমস্ত-পদ	অর্থ
ঠাণ্ডা-পানি	শীতল জল	নর-ভয়েঁস	পুংমহিষ
মিঠা-ভাত	মধুরান্ন	শের-মর্দ্দ	ব্যাঘ্রতুল্য পুরুষ
খুশ-খৎ	উত্তমাক্ষর	তুল-কলাম	বিস্তারিত বাক্য
সফেদ-বাল	শুক্লকেশ	শিকস্ত-হাল	ভগ্নাবস্থা
মাদা-গাএ	স্ত্রী-গো	বদ-নসীব	অশুভাদৃষ্ট

বহুব্রীহি।

যে দুই পদে সমাস করাযায়, তাহাদের অর্থ না বুঝাইয়া যদি অপর ব্যক্তি বা বস্তুকে বুঝায়, এবং ঐ ব্যক্তি বা বস্তুর বিশেষণ হয়, তাহাকে বহুব্রীহি বলে। যথা ঃ—

সমস্ত-পদ	অর্থ	সমস্ত-পদ	অর্থ
হুর-শকিল	অপ্‌সরার ন্যায় আকৃতি যার	নেক-বখ্‌ত	শুভাদৃষ্ট
		তেজ্‌-ফহম	তীক্ষ্ণবুদ্ধি
পরী-প্যয়কর	পরীর ন্যায় আকৃতি যার	বাদ-রফ্‌তার	বায়ুগতি
		জল্‌দ কলম	শীঘ্রলেখক
মাহ-রু	চন্দ্রানন	দারা-শিকোহ	দারার ন্যায় প্রতাপশালী
দুশমন-চিহরা	শত্রুমূর্ত্তি		
ঘোড়া-চিহরা	অশ্বাকৃতি	কোতাহ-কদ	খর্ব্বাকৃতি
গোল-বদন	পুষ্পবৎ কোমলাঙ্গ	নাজুক-বদন	কোমলাঙ্গ
ফীল-তন	গজাকৃতি	বে-নজীর	অনুপম
গোরবা-চশম	বিড়ালাক্ষ	জন্নত-নজীর	স্বর্গোপম
খর-গোশ	গর্দ্দভ-কণ	খাতির-জমা	স্থিরচিত্ত
শিরী-জবান	মিষ্টবচন	পর-পাঁও	পালক পায়ে যার
ফরেদুঁ-জাহ	ফরেদুঁ রাজার ন্যায় সম্মান যার	সঙ্গ-দিল	নিষ্ঠুর অন্তঃকরণ যাহার

দ্বন্দ্ব, কর্ম্মধারয় প্রভৃতি সমাসের কেবল পদ ও তদর্থ দর্শাইলেই বোধগম্য হইত, লক্ষণ লিখিবার প্রয়োজন ছিল না। পারস্যবেত্তাদিগের বোধগম্য জন্য সামান্যতঃ লক্ষণ লিখিত হইল।

তৎপুরুষ।

তৎপুরুষ পাঁচপ্রকার; দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী তৎপুরুষ। তৎপুরুষে সমস্ত পদ বিশেষ্য ও বিশেষণ উভয়ই হইয়া থাকে। উক্ত সমাসে পূর্ব্বপদ কর্ম্ম কারক হইলে দ্বিতীয়া, করণ কারক হইলে তৃতীয়া, অপাদান কারক হইলে পঞ্চমী, সম্বন্ধ কারক হইলে ষষ্ঠী এবং অধিকরণ কারক হইলে সপ্তমী তৎপুরুষ সমাস হয়। যথাক্রমে সমস্ত পদ ও তদর্থ প্রদর্শিত হইল।

দ্বিতীয়া-তৎপুরুষ।

সমস্ত-পদ		সমস্ত-পদ	অর্থ
কলম-তরাশ	কলম কাটা যায় যাহাতে, ছুরী	বাদ-কশ	বায়ু টানে যে, পাখা
সং-তরাশ	ভাস্কর	গম-খোর	ধৈর্য্যবান্
তীরন্দাজ	তীর-নিক্ষেপক	গম-খার	সহানুভূতিশীল
সর-পোশ	সরপোশ	নিমক-হলাল	
পালং-পোশ	পালঙ্কাবরক	নিমক-হরাম	অকৃতজ্ঞ
খোদা-পরস্ত	ঈশ্বরারাধক	নশা-খোর	মাদক-ভক্ষক
খয়ের-খাহ	শুভাকাঙ্ক্ষী	শরাব-খোর	মদ্যপায়ী
বদ-খাহ	অশুভাকাঙ্ক্ষী	কিতাব-খাঁ	মূলগ্রন্থপাঠক
রংরেজ	চিত্রকর	মরসিয়া-খাঁ	কথকতাকারক
দূরান্দেশ	দূরদর্শী	কার-পরদাজ	কর্ম্মকারক
বারীক-বীন	সূক্ষ্মদর্শী, বিচক্ষণ	গরীব-পরওর	দীন-প্রতিপালক
দূর-বীন	দূরবীক্ষণ	বন্দা-নওয়াজ	ভৃত্যানুগ্রাহক
নবজ-শনাস		দস্তার-বন্দ	উষ্ণীষ-ব্যবসায়ী
দরোগ-গো	মিথ্যাভাষী	জালসাজ	কৃত্রিমকারী
সির-কশ	মাতা ঘুরায় যে, অহঙ্কারী	আটেলাপজ }	রুটী-পাচক
		নান-পজ }	

তৃতীয়া-তৎপুরুষ ।

সমস্ত-পদ	অর্থ
জর-বফ্ত	জরিদ্বারা খচিত

পঞ্চমী-তৎপুরুষ ।

সমস্ত-পদ	অর্থ
আম্ম-ই	পিতৃব্যজাত
হরাম-জাদ	অবৈধজাত
মামু-জাদ	মাতুলপুত্র

-তৎপুরুষ ।

সমস্ত-পদ	অর্থ
হিন্দুস্তান	হিন্দুর স্থান
রেগ স্তান	বালুকার ভূমি
শিকার-গাহ	মৃগয়ার স্থান
খাব-গাহ	নিদ্রার স্থান
ধোবী-ঘর	রজকালয়
নাচ ঘর	নৃত্যালয়
গুলাব বাগ্	গোলাবের বাগান
আরাম-বাগ্	সুখের বাগান
ফীল-দন্দান	হস্তীদন্ত
সাহিব-জাদা	মহাশয়ের পুত্র
সাহ-জাদা	রাজপুত্র
শাহ-জহান	পৃথ্বীপতি
গউ-খানা	গোশালা
জেলখানা	কারাগার
খয়রাত-খানা	দাতব্যালয়
তহ-খানা	মাটির ভিতরের গৃহ
কলম দান	কলমাধার
ওগাল-দান	পিকদান
চিরাগ-দান	দীপাধার
শাহ-পছন্দ	রাজার মনোনীত
রং-মহল	নৃত্যগীতের প্রকোষ্ঠ
অন্দর-মহল	ভিতর বাটী
জহাঁ-পনাহ	পৃথ্বীপতি
বাঁদী-বাচ্চা	দাসীপুত্র
দিলা-রাম	মনস্তুষ্টি
মহতাব-মনজিল,	চন্দ্রের উত্তরণস্থান
আওরঙ্গ-জেব	সিংহাসনের শোভাজনক
পাঁও-জেব	পদাভরণ

সপ্তমী-তৎপুরুষ

সমস্ত-পদ	
কমর-বন্দ	কোমর বাঁধা
ইজার বন্দ	ইজার বাঁধা
বাজু-বন্দ	আভরণ বিশেষ
ঘুড়-সওয়ার	অশ্বারোহী
শব-পরা	নিশাচর
খানা-জাদ	গৃহজাত
খানা-সাজ	গৃহপ্রস্তুত

বিশেষণের মধ্যে প্রত্যয়াত্মক-শব্দ-যুক্ত যে সকল বিশেষণ পূর্ব্বে প্রকটিত হইয়াছে, তত্তাবৎ প্রায়ই সমাসঘটিত, পাঠকবর্গ সে সকল বিশেষণ আলোচনা করিয়া দেখিলে জানিতে ও বুঝিতে পারিবেন। তদ্ভিন্ন কতকগুলি প্রত্যয় নিম্নে লিখিত হইল।

বিপ্সার্থে একার্থক কোন কোন শব্দদ্বয়ের মধ্যে (ব) এই বর্ণ ব্যবহৃত হয়। যথা, তরহবতরহ, কিসমবকিসম, রঙ্গবরঙ্গ (রকম রকম) সালবসাল, সিনবসিন (বৎসর বৎসর), মাহবমাহ (মাস মাস), রোজ়বরোজ় (দিন দিন), দমবদম (ক্ষণে ক্ষণে), কিস্‌ত-বকিস্‌ত (কিস্তি কিস্তি), দস্তবদস্ত (হাতে হাতে), একবএক (একে একে), জগাবজগা (স্থানে স্থানে), দরবদর (দ্বারে দ্বারে), লফ্‌জ়বলফ্‌জ় (কথায় কথায়) ইত্যাদি।

হ্রস্বার্থে কোন কোন বিশেষ্য শব্দের উত্তর (চা) প্রত্যয় হয়। যথা, বাগ় বাগ়চা, ছোট বাগান। সন্দূক় সন্দূক়চা, ছোট সিন্দুক। তাক় তাক়চা, ছোট কুলুঙ্গী। কার় কার়চা, ছোটগর্ত্ত। ডেগ ডেগচা, ছোট হাঁড়ী ইত্যাদি।

কতকগুলি বিশেষ্য শব্দের উত্তর সম্বন্ধার্থে (আনা) প্রত্যয় হয়। যথা, সাল-সালানা, বাৎসরিক, মাহ-মাহানা, মাসিক, রোজ়—রোজ়ানা, দৈনিক, মিহনত—মিহনতানা, পারিশ্রমিক, জুরম—জুর-মানা, দণ্ডসম্বন্ধীয়, নজ়র—নজ়রানা, ঔপহারিক।

কোন কোন বিশেষণের উত্তর আনা প্রত্যয় হইলে সদৃশার্থ প্রকাশ করে। যথা, আমির—আমিরানা, আমিরের সদৃশ, গ়রীব—গ়রীবানা, ফ়কীর—ফ়কীরানা, মুরব্বি—মুরব্বিআনা, শাহ—শাহানা, ইত্যাদি।

পরম্পরা অর্থে একার্থক কোন কোন শব্দদ্বয়ের মধ্যে (দর) শব্দ ব্যবহৃত হয়। যথা, ব্যয়দরব্যয়, পরম্পরাবিক্রয়, প্যায়দরপ্যায়, পরে পরে ইত্যাদি।

বিশেষ্য শব্দের পূর্ব্বে (দর) এই শব্দ ব্যবহৃত হইলে দ্বিতীয় এই অর্থও প্রকাশ করে। যথা, দরপত্তনী, দরইজারা, দরমুকর্‌রী, দরদালান, ইত্যাদি।

বিশেষণের উত্তর ভাবার্থে (পন) যোগ হয়। যথা, মসখ্‌রা—মসখ্‌রাপন, পাজি—পাজিপন, ইত্যাদি।

উর্দূ ভাষায় সংখ্যাবাচক ও পূরণবাচক বিশেষণ শব্দ সর্ব্বদা ব্যবহার্য্য হেতু নিম্নে প্রদর্শিত হইল।

সংখ্যাবাচক	পূরণবাচক	সংখ্যাবাচক	পূরণবাচক
এক	পহলা	নও	নওয়া
দো	দুসরা	দস	দসওয়াঁ
তিন	তিসরা	গ্যারা	গ্যারাওয়াঁ
চার	চওথা	বারা	বারাবেঁ, স্ত্রী
পাঁচ	পাঁচওয়াঁ	তেরা	
ছ্যঃ	ছটওয়াঁ	চওদা	
সাত	সাতওয়াঁ পুং	পন্দরা	
আঠ	আঠওয়াঁ	সোলা	

পাঁচ এবং সাত হইতে নিরানব্বুই পর্য্যন্ত সংখ্যাবাচকের উত্তর ওয়া, এই প্রত্যয় যোগ করিলে পুংলিঙ্গ পূরণবাচক হয়। যথা, সাত সাতওয়াঁ ইত্যাদি।

সংখ্যাবাচক	পুরণবাচক	সংখ্যাবাচক	পুরণবাচক
সৎরা	সংরাবেঁ, স্ত্রী	প্যাঁয়তালীস	
আঠারা		ছিয়ালিস	
উন্নীস		স্যঁয়্তালীস	
বীস	বীসওয়াঁ পুং	আঠ্তালীস	
একীস		উনচাস	
বাঈস		পচাস	পচাসওয়াঁ, পুং
তেঈস		ইকাওন	
চওবীস		বাওন	
পচীস		তিরপন	
ছবীস		চওয়ন	
সাতাঈস		পচপন	
আঠাঈস		ছপ্পন	
উনতীস		সত্তাওন	
তীস	তীসওয়াঁ পুং	আঠাওন	
ইকতীস		উনসাঠ	
বত্তীস		সাঠ.	সাঠওয়াঁ পুং
তঁ্যয়তীস		ইকসঠ	
চওতীস		বাসঠ	
পাঁয়তীস	প্যাঁয়্তীসবেঁ, স্ত্রী	তিরসঠ	
ছত্তীস		চওসঠ	
সঁয়তীস		পঁয়সঠ	
আঠতীস		ছিয়াসঠ	
উন্তালীস		সাতসঠ	
চালীস	চালীসওয়াঁ, পুং	আঠসঠ	
ইকত্তালীস		উন্হত্তর	
বিয়ালীস		সত্তর	সত্তরওয়াঁ পুং
তঁ্যয়তালীস		ইকহত্তর	
চওয়ালীস		ব্যহত্তর	

সংখ্যাবাচক	পূরণবাচক	সংখ্যাবাচক	পূরণবাচক
তিহত্তর		ঊননবেঁ	
চওহত্তর		নবেঁ	
পচহত্তর		ইকানবেঁ	
ছিহত্তর		বিরানবেঁ	
সাতহত্তর		তিরানবেঁ	
আঠহত্তর		চওরানবেঁ	
ঊনাসী		পচানবেঁ	
আস্সী		ছিয়ানবেঁ	
ইকাসী		সাতানবেঁ	
বিরাসী		আঠানবেঁ	
তিরাসী		নিরানবেঁ	
চওরাসী		সও, স্যায়	
পচাসী		হজ্জার	
ছিয়াসী		ল্যাক, লাক, লাখ	
সাত্তাসী		কড়ে ড়	
আঠাসী			

পাঁচ এবং সাত হইতে নিরানব্বই পর্য্যন্ত, সংখ্যাবাচকের উত্তর বেঁ, এই প্রত্যয় যোগ করিলে স্ত্রীলিঙ্গ পূরণবাচক হয়। যথা, আঠ আঠবেঁ ইত্যাদি। পহলা, দুসরা, তিসরা, চওথা, এই কয়েকটী পূরণবাচক আকারের পরিবর্ত্তে ঈকার হইয়া স্ত্রীলিঙ্গ হয়। যথা, পহলী, দুসরী, ইত্যাদি।

সংখ্যাবাচক শব্দ যোগে নিম্নলিখিত কতকগুলি শব্দ সতত ব্যবহৃত হইয়া বিশেষণবৎ প্রতীয়মান হয়।

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
ঠো	টা	দফা, মরতবা	বার
শখ্‌স	ব্যক্তি	চান্দ	গুণ
নফ্‌র	জন	ত্যরহ	প্রকার
হিস্‌সা	অংশ	আদদ	খান, খানি
ফর্দ	ফর্দ্দ	জর্‌রা, জর্‌রাসা, (১)	টুকু
কুথ্‌থী	নথী	নেজা	গাছা
কিতা, বন্দ	খণ্ড	জনজীর	হস্তীর সংখ্যায় ব্যবহৃত
জিল্‌দ	খানা	রাস	অশ্বের ঐ ঐ
তথ্‌তা	তা	কতার	উষ্ট্রের ঐ ঐ
দস্তা	দীস্তা	মনজিল	নৌকার ঐ ঐ
টুক্‌রা, পুর্‌জা,	খণ্ড, টুক্‌রা	মুঠিয়া	মুষ্টি
পরত	থাক		
কত্‌রা	বিন্দু, ফোঁটা		

বঙ্গদেশের মধ্যে পূর্ব্বাদি অঞ্চলে এবং এক দেশের মধ্যে স্থানভেদে ও উত্তমাধম-লোক-ভেদে বঙ্গভাষার যাদৃশ বিভিন্নতা দৃষ্ট হয়, পশ্চিম প্রদেশে উর্দূভাষাতেও তদ্রূপ। ব্রজধামের ব্রজবুলী, ভোজপুর অঞ্চলের বোল, ছাপরা জেলা ও তৎপার্শ্ববর্ত্তী স্থানের বুলী, লক্ষ্ণৌপ্রদেশের বোল, ও দিল্লী সহরের বোল, এবং তদ্ব্যতীত

(১) জর্‌রা ও জর্‌রাসা এক এই সংখ্যাবাচক ভিন্ন অপর সংখ্যাবাচকে ব্যবহৃত হয় না। নেজা কলমের সংখ্যায় ও জিল্‌দ পুস্তক-সম্বন্ধে ব্যবহৃত হয়।

তত্তদ্দেশের পল্লীগ্রামের বুলী পরস্পর অনেক বিভিন্ন। তদ্ভিন্ন ঐ ঐ স্থানের ইতর লোকের ভাষা (যাহাকে গোঁয়ারী বোল, ও ঠেটহিন্দী* কহিয়া থাকে) অন্যপ্রকার। বস্তুতঃ দিল্লীর ও লক্ষ্ণৌ প্রদেশের বোলই সুমধুর, এবং প্রকৃত উর্দূ বলিয়া বিখ্যাত। অনেক স্থানের, বিশেষতঃ পশ্চিমপ্রদেশের হিন্দু-গণের বুলী অধিকাংশ সংস্কৃত-মিশ্রিত, এবং কোন কোন স্থানেরও মুসলমানগণের ভাষা অধিকাংশ পারস্যমিশ্রিত। যে উর্দূ সাধারণ লোকে বুঝিতে পারে, এবং এ দেশে সচরাচর ব্যবহৃত, এই পুস্তকের ঋজুপাঠে তাহাই সন্নিবেশিত হইল।

* সীদেথে তুম্ মিরজা। জী জবকে করঞ্জ লেনেমে
ভত্তা হুয়ে আতেহো কাহেকো অন্ দেনেমে।

প্রশ্নাবলী।

শিক্ষার্থিগণের শিক্ষা ও অভ্যাসের পরীক্ষা ও অভ্যাসে যত্ন হইবার জন্য কতকগুলি প্রশ্ন এক স্থানে লিখিত হইল।

বর্ণোচ্চারণ।

১। উর্দূভাষায় কোন্ কোন্ বর্ণের সাধারণ উচ্চারণাতিরিক্ত প্রকারান্তর উচ্চারণ হয়? ১পৃ

২। ঐ ভাষায় দন্ত্য সকারের উচ্চারণ কিরূপ হইবেক? ঐ

৩। নিম্নে বিন্দু চিহ্নিত ক়, খ়, গ়, জ়, ফ়, প্রত্যেকে এই বর্ণগুলির কিরূপ উচ্চারণ হইবে? ঐ

৪। তালব্য শকারের উচ্চারণ কিরূপ হইবে?

৫। বঁ, এই বর্ণের মস্তকে বিন্দুচিহ্ন থাকিলে কিরূপ উচ্চারণ হয়?

৬। বিন্দুচিহ্ন ভিন্ন উল্লিখিত বর্ণগুলির উচ্চারণ কিরূপ? ঐ

৭। হ, এই বর্ণের "য" ফলা যোগ থাকিলে কীদৃশ উচ্চারণ হয়? ঐ

৮। শব্দের ও সিলেবলের অন্তস্থিত অকারান্ত বর্ণের উচ্চারণ কিরূপ?

৯। অকারান্ত ভিন্ন অন্যান্য স্বরসংযুক্ত বর্ণের উচ্চারণ কিরূপ? ঐ

সর্ব্বনাম ও কারক।

১০। উর্দূতে কোন কারকের কি বিভক্তি?

১১। কর্ত্তৃপদে কোন্ স্থানে নে, এই বিভক্তি হয়? ঐ

১২। সম্বন্ধ কারকে কা, এই বিভক্তি স্থলে কোন কোন্ স্থানে কে, এই বিভক্তি হইয়া থাকে। ঐ

১৩। কোন্ কোন্ ধাতুর অতীতকালে কর্ত্তৃপদে "নে", যোগ হয় না? ঐ

১৪। অস্মদ্ শব্দে অধিকরণের একবচনের রূপ কি বল? ৫পৃ

১৫। 'আমাদিগের দ্বারা বা হইতে

এই বাঙ্গালা ভাষার উদূ´ কি ? ঐ

১৬ হাম, তুম, এই ২টী পদ কোন্ বচনে ব্যবহৃত ?

১৭ যুষ্মদ্ শব্দের সমুদয় পদের উদূ´রূপ বল। ঐ

১৮। তু, তৈঁই, এই দুইটী শব্দ কোন্ অর্থে ব্যবহৃত হয় ? ঐ

১৯। অধিকরণের বিভক্তি মে, ইহার পরিবর্ত্তে অন্য কোন বিভক্তি ব্যবহার হয় কি না ? যদি হয়, সে কোন বিভক্তি ও কোন স্থল ? ঐ

২০। আত্মন্ শব্দের উভয় বচনের সমস্ত উদূ´ পদ বল। ৭পৃ

২১। যে স্থানে আত্মন্ শব্দ স্বয়ং এই অর্থ প্রকাশ করে, তাহার পদগুলি কিরূপ হইবে ? ঐ

২২। 'আপনা হইতে আপনি চলিয়া গেল', ইহার উদূ´ কি ?

২৩ কর্ম্মকারকের বিভক্তি কো, ইহার পরিবর্ত্তে সর্ব্বনামে এ, এই বিভক্তি কোন্ স্থানে কিরূপ ব্যবহার হয় ? ৮পৃ

২৪। কো, এই বিভক্তির পরিবর্ত্তে তৈঁই, কেতৈঁই, কোন স্থানে ব্যবহার হয়। ঐ

২৫ যদ্ শব্দের উভয় বচনের সমস্ত পদ কহ। ঐ

২৬। সতি, এই বিভক্তিটী কোন্ বিভক্তির পরিবর্ত্তে ব্যবহার হয় ? ঐ

২৭। সে, এই বিভক্তি, নিকট সহিত, এই দুই অর্থ যে প্রকাশ করে, তাহার স্থল দেখাও ? ঐ

২৮। সো, এই পদটা কোন্ শব্দের কোন্ কারকের পদ ? ৯পৃ

২৯। তদ্ শব্দের শ্রেণীমত উদূ´ পদগুলি বল। ঐ

৩০। ইদম্ শব্দে কর্ম্মকারকের একবচনের পদ বল। ঐ

৩১। ইদম্ শব্দের শ্রেণীমত সকল পদ কহ। ঐ

৩২। অদস্ শব্দের সম্বন্ধ কারকের বহুবচনের পদ কি? ১০ পৃ

৩৩। হী, এই অব্যয় শব্দ পরে থাকিলে ইয়েঃ উয়োঃ, এই পদ দুইটার কিরূপ রূপ-হয়? ঐ

৩৪। 'কাহার দ্বারা' এই পদটির উর্দূ কি? ১১ পৃ

৩৫। কিম্ শব্দের সমগ্র উর্দূ পদ বল। ঐ

৩৬। মে, সে এই বিভক্তিদ্বয় একত্রিত-রূপে ব্যবহৃত হইয়া কি অর্থ প্রকাশ করে? ঐ

৩৭। পর, সে, এই বিভক্তিদ্বয় একত্রিত-রূপে ব্যবহৃত হইয়া কি অর্থ বুঝায়? ঐ

৩৮। সর্ব্ব শব্দের সমস্ত উর্দূ পদ গুলি বল। ১২ পৃ

৩৯। সর্ব্বনামের কোন্ কারকে লিঙ্গভেদ হইয়া থাকে? ঐ

৪০। অস্মদ্, যুষ্মদ্ শব্দ জন্তু ও বস্তু প্রভৃতিতে কি ব্যবহৃত হয়? ১৩ পৃ

৪১। যদ্, তদ্, ইদম্, অদস্, কিম্, এই কয়টী সর্ব্বনাম যাহা জন্তু ও বস্তু প্রভৃতিতে ব্যবহার হয়, তাহার মূল রূপগুলি বল। ১৩ পৃ

৪২। কত, যত, তত, ইহার উর্দূ কি বল? ১৪ পৃ

৪৩। ইউঁ জিউঁ তিউঁ এই তিনটী উর্দূর অর্থ কি? ঐ

৪৪। কিন্, জিন্, তিন্, ইন্, উন্, এই কয়েকটী শব্দ কোন্ বচনে ব্যবহৃত? ঐ

৪৫। জো, সো, ইয়েঃ, উয়োঃ, ক্যা, এবং অয়্, এই কয়টী সর্ব্বনামে কারকের বিভক্তি যোগ করিয়া পদ দর্শাইতে পার? ঐ

৪৬। যাহাঁ, তাহাঁ, ইত্যাদি পাঁচটী পদ কোন্ স্থলে কি অর্থে ব্যবহৃত হয়? ১৫ ঐ

৪৭। জিধর আদি পাঁচটী, ও জিস্‌কা আদি চারিটী ও জ্যায়সা আদি পাঁচ-

স্ত্রীলিঙ্গ প্রকরণ।

৩৯।৪০ পৃষ্ঠায় যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের প্রয়োগ লিখিত আছে, তাহার কোন প্রশ্ন লিখিত হইল না। কারণ, বালকেরা সহসা তাহা বুঝিতে ও কহিতে সক্ষম হইবে না।

বচন।

৭৯। কারকের বিভক্তিযুক্ত পদে সাধারণতঃ এক বচনের উত্তর কোন্ বিভক্তি যোগ করিলে বহুবচন হয়? ৪১ পৃ

৮০। কারকের বিভক্তি যোগ ব্যতিরেকে কোন্ স্থানে বহুবচনে, য়োঁ, যোগ হয়? ঐ

৮১। আকারান্ত একবচনের উত্তর বহুবচনের য়োঁ, যোগ হইলে ঐ আকার কিরূপ হইবে? ঐ

৮২। যে স্থলে কর্ত্তা ও কর্ম্ম পদে কারকের বিভক্তি যোগ না হয়, সে স্থলে হসন্ত একবচনের উত্তর কি যোগ করিলে বহু বচন হয়? ৪১পৃ

৮৩। কারকের বিভক্তি-যোগ ভিন্ন স্থলে, আকারান্ত একবচনের উত্তর কি যোগ করিলে বহুবচন হয়? এবং আকার সঙ্গে যুক্ত হয় কি না? ২।৩টী পদ বল। ঐ

৮৪। কোন আকারান্ত শব্দের উত্তর বহুবচনের এ, যোগ না হইয়া এঁ, যোগ হয়? ঐ

৮৫। আকারান্ত বিভক্তি-যুক্ত ক্রিয়াস্থলে কি নিয়ম? ঐ

৮৬। হসন্ত ও আকারান্ত একবচন ভিন্ন অন্যত্রে কি যোগ করিলে বহুবচন হয়, তাহার ২।৩টী পদ দেখাও। ঐ

৮৭। আৎ ও জাৎ, এই বহুত্ব-সূচক শব্দ কোন্ কোন্ স্থানে ব্যবহৃত হয়। ৪২ পৃ

৮৮। হা, এই বহুত্ব-সূচক

শব্দ একবচনের উত্তর যে ব্যবহৃত হয়, তাহার ২।১টী পদ বল। ৪২পৃ

৮৯। লোগ্, এই শব্দ কোন্ স্থানে একবচনের উত্তর যোগ হয়? ঐ

৯০। সব্, এই শব্দ এক-বচনের পূর্ব্বে কি উত্তর ব্যবহৃত হয়?

৯১। বহুত্ ও তমাম, এই বহুত্ব-সূচক শব্দ একবচ-নের পূর্ব্বে কি উত্তরে কোথায় ব্যবহৃত হয়? ঐ

৯২। হাকিম শব্দ ও হকীম শব্দ বহুবচনে কিরূপ হয়? ঐ

ধাতু।

৯৩। আনা, ধাতুর কি অর্থ? ৪৩পৃ

৯৪। বলা. কহা, এই অর্থে উর্দূতে কোন্ ধাতু প্র-য়োগ হয়? ৪৪পৃ

৯৫। চালনা এই ধাতুর ণিজন্ত কি?

৯৬। চবলানা, কোন্ ধাতুর ণিজন্ত? ঐ

৯৭। চুমনা, ধাতু অকর্ম্মক কি সকর্ম্মক? ঐ

এইরূপ ধাতু সকলের অর্থ ধাতুর বাঙ্গালা অর্থের উর্দূ, এবং কোন্ ধাতুর কি ণিজন্ত ও কোন্ ণিজন্তের কি ধাতু ইত্যাদি শিক্ষার্থিগণকে পুনঃ পুনঃ পৃথক্ পৃথক্ রূপে জিজ্ঞাসা কর্ত্তব্য।

৪৩পৃ নাঃ ৫৭পৃ

ধাতু-সাধন

৯৮। ধাতু-সাধন-সময়ে সা-ধারণতঃ ধাতুর উত্তর বিভক্তি যোগ হইয়া থাকে কি কোন বর্ণের লোপ হইয়া যুক্ত হয়? ৫৬পৃ

৯৯। বর্ত্তমান, বিশুদ্ধ ও সামীপ্যে পুং ও স্ত্রীলিঙ্গে উভয় বচনে পৃথক্ পৃথক্ পুরুষে কি কি বিভক্তি?

১০০। সুনা, ধাতুতে ঐ সকল বিভক্তি যোগ

করিয়া বর্ত্তমান বিশুদ্ধ সামীপ্যের প্রত্যেক পদ-গুলি দর্শাও। ঐ

১০১। বর্ত্তমান নিত্যপ্রবৃত্তে লিঙ্গভেদ বিভক্তিভেদ আছে কি না? এবং পৃথক্ পুরুষে বচনভেদে কোন্ বিভক্তি? ৫৭পৃ

১০২। বর্ত্তমান নিত্যপ্রবৃত্তের বিভক্তি সকল র্‍্যাখ্না ধাতুতে যোগ করিয়া সমস্ত পদ সাধ ঐ

১০৩। উক্ত নিত্যপ্রবৃত্তে না-রহিত ধাতু, আ,কার এ,কার বা ও,কারান্ত হইলে তৃতীয় পুরুষে উভয় বচনে ঐ না-রহিত ধাতুর উত্তর সাধারণ বিভক্তি যোগ হয়, কি কোন বর্ণ স্থাপন হয়? ঐ

১০৪। ঐরূপ না-রহিত আকার, একার, বা ও-কারান্ত ধাতুর উত্তর তৃতীয় পুরুষে বিকল্পে কি বিভক্তি যোগ ও কিরূপ পদ হয়? ঐ

১০৫। না-রহিত আকারান্ত আনা ধাতুতে হসন্ত (য্) যোগ হয় কি না? ঐ

১০৬। বিভক্তি-স্বরূপ হসন্ত (য্) তৃতীয় পুরুষের বহু-বচনে কিরূপ রূপ হয়? ঐ

১০৭। অতীত অদ্যতনের লক্ষণ বল ও সমস্ত পদ সাধ। ৫৮পৃ

১০৮। নিত্যপ্রবৃত্ত ও অসম্পন্ন ভিন্ন অতীত কালে দেনা, লেনা, হোনা, কারনা ও জানা, প্রত্যেকে এই কয়টী ধাতু না-রহিতে কিরূপ হয়? ঐ

১০৯। অতীত অদ্যতনের ক্রিয়াতে বাঙ্গালা কি অর্থ প্রকাশ করে? ঐ

১১০। অতীত অনদ্যতনের লক্ষণ বল, ও খানা ধাতুতে অতীত অনদ্যতনের পদ সাধ। ৬১পৃ

১১১। বর্ত্তমান বিশুদ্ধ সামীপ্য ও অতীত অনদ্যতনের তৃতীয় পুরুষের একবচনের বিভক্তি ঐ দুই কালের দ্বিতীয় পুরু-

ষের একবচনে ব্যবহৃত হইতে পারে কি না ও কিরূপ হইবে? ৬০পৃ

১১২। উভয় বচনে ব্যবহৃত তুম শব্দ, উপরি-উক্ত দুই কালের বহুবচনে প্রয়োগ হইলে বহুবচনের কি একবচনের বিভক্তি হইবে? ঐ

১১৩। অতীত পরোক্ষের লক্ষণ বল এবং পীনা ধাতুতে ঐ কালের সমগ্র পদ সাধ। ৬১পৃ

১১৪। না-রহিত ধাতু ঈকারান্ত স্থলে অতীত পরোক্ষে স্ত্রীলিঙ্গে ধাতুর অন্তস্থিত ঈকারে, বিভক্তির ঈকার যুক্ত হইতে পারে কি না? উদাহরণ দেখাও। ঐ

১১৫। অতীত নিত্যপ্রবৃত্ত ও অসম্পন্নে . কর্তৃপদে কারকের বিভক্তি নে, যুক্ত হইতে পারে কি না? ঐ

১১৬। অকর্ম্মক ক্রিয়ার স্থলে কোন্ অতীতকালে, কর্তৃকারকের বিভক্তি নে, যোগ হইতে পারে? ঐ

১১৭। অতীত নিত্যপ্রবৃত্তের লক্ষণ বল, এবং সোচনা ধাতুতে ঐ কালের সমস্ত পদ সাধ। ৬৩পৃ

১১৮। অতীত নিত্যপ্রবৃত্তে যে পদ হয়, তাহার বাঙ্গালা অর্থ কিরূপ কহ। ঐ

১১৯। পরস্পর-সম্বন্ধ দুই ক্রিয়াপদ্ থাকিলে বিভক্তির এক অংশ উভয় ক্রিয়াপদের কার্য্য করিতে পারে? যদি পারে উদাহরণ দেখাও। ঐ

১২০। অতীত অসম্পন্নের লক্ষণ বল, এবং লেনা ধাতুতে ঐ কালের সমগ্র পদ সাধ। ৬৩পৃ

১২১। অতীত অসম্পন্নের ক্রিয়াপদে কি বাঙ্গালা অর্থ প্রকাশ করে? ঐ

১২২। অতীত অনিশ্চয়ের লক্ষণ বল, এবং দেখ্না ধাতুতে ঐ কালের সমস্ত পদ সাধ। ৬৪পৃ

১২৩। অতীত অনিশ্চয়ের ক্রিয়াতে বাঙ্গালা কি অর্থ ব্যক্ত করে? ৬৪পৃ

১২৪। অতীত অনিশ্চয়ে দেনা, লেনা, হোনা করনা, ও জানা, ধাতু স্থলে না-রহিতে কি আদেশ হয়? ঐ

১২৫। ভবিষ্যৎ কালের লক্ষণ বল, এবং হারনা ধাতুতে ঐ কালের সমস্ত পদ সাধ। ৬৫পৃ

১২৬। ভবিষ্যৎ কালে তৃতীয় পুরুষের আকার, একার, বা ওকারান্ত না-রহিত ধাতুর উত্তর কোন বর্ণ স্থাপিত হইয়া বিভক্তি যোগ হয় কি? যদি হয়, কোন্ বর্ণ, ও কি প্রকার উদাহরণ দেখাও। ঐ

১২৭। ভবিষ্যৎ কালে অণিজন্ত না-রহিত আকার, একার, বা ওকারান্ত একাক্ষর ধাতুর উত্তর তৃতীয় পুরুষে উভয় বচনে লক্ষণাতিরিক্ত অন্য কোন বিভক্তি যোগ হয়? কোন্ বচনে কি বিভক্তি হয়? উদাহরণ বল। ৬৬পৃ

১২৮। ভবিষ্যৎ কালে দ্বিতীয় পুরুষ সম্ভ্রান্ত হইলে ওগে, বিভক্তির স্থানে কোন্ বিভক্তি ব্যবহৃত হয়? ৬৭পৃ

১২৯। না-রহিত ঈকারান্ত ধাতুতে ভবিষ্যৎ কালের দ্বিতীয় পুরুষে ইয়েগা, বিভক্তির স্থলে কি বিভক্তি হয়? স্থল দেখাও। ঐ

১৩০। সম্ভাবনা ও সমর্থনার কোন বিশেষ লক্ষণ আছে? কিরূপে সম্ভাবনা ও সমর্থনার পদ সাধা যায়? ঐ

১৩১। পুস্তকের লিখিত উদাহরণ ভিন্ন অন্য যে কোন ধাতুতে, সম্ভাবনা ও সমর্থনার বর্ত্তমান কালের সমগ্র পদ দেখাও। ঐ

১৩২। ঐরূপ সম্ভাবনা ও সমর্থনার অতীত কালের সমস্ত পদ বল। ৬৭পৃ

১৩৩। ঐরূপ সম্ভাবনা ও সমর্থনার ভবিষ্যৎ কালের সমস্ত পদ সাধ। ৬৮ পৃ

১৩৪। সম্ভাবনা ও সমর্থনার সর্বকালের সর্ব্ববিধ পদ সাধিত হইতে পারে কিনা? ঐ

১৩৫। সম্ভাবনা ও সমর্থনার অতীত অসম্পন্নের সমগ্র পদ বল দেখি। ঐ

১৩৬। অনুজ্ঞার বিশেষ কোন লক্ষণ আছে কি না? ৬৯ পৃ

১৩৭। অনুজ্ঞা ও বিধিতে না-রহিত ধাতু ইকারান্ত হইলে ইয়ে, ইয়ো, বিভক্তির পরিবর্ত্তে কি বিভক্তি হয়? ঐ

১৩৮। অনুজ্ঞার উভয় লিঙ্গের প্রত্যেক পুরুষের পদগুলি মারনা ধাতুতে সাধ। ঐ

১৩৯। বিধির যে লক্ষণ থাকে বল। ঐ

১৪০। সংশয়ের কি লক্ষণ, বল। ৭০ পৃ

১৪১। সংশয়ের পদে বাঙ্গালা কিরূপ অর্থ বুঝায়? ঐ পৃ

১৪২। উর্দুতে নিষেধ-বোধক কি কি শব্দ ক্রিয়ায় যুক্ত হইয়া, নিষেধার্থ প্রকাশ করে? ৭১পৃ

১৪৩। নহিঁ, শব্দ কোন্ কোন্ স্থানে ব্যবহৃত হয়? ঐ

১৪৪। মৎ, শব্দ কোথায় ব্যবহৃত হয়? ঐ

১৪৫। নিষেধার্থক ন্, কোন্ স্থানে ব্যবহৃত হয়? ঐ

১৪৬। নহিঁ, মৎ, ন্, এই তিনটী নিষেধ-বোধক শব্দ কোন ক্রিয়ায় ব্যবহার করিয়া দেখাও। ঐ

১৪৭। নিষেধার্থক ন্, অনুজ্ঞা ক্রিয়াপদের অন্তে থাকিলে কিরূপ অর্থ প্রকাশ করে। ঐ

